ধাইল সমুদ্রপানে ; ধায় যথা বেগে
ধেনুগণ বৎসগণে হেরি পুরোভাগে। ২

বৃষবৎ বেগে সোম করিলা গ্রহণ ;
তিন যজ্ঞে অভিষুত
পান করি সোমাহুত
সায়ক নামক বজ্র করিলা ধারণ ;
করিলা প্রথম জাত অহিকে হনন। ৩

যখন প্রথমজাত নিহত সে অহি ;
মায়াবীর মায়া হতা,
জাত সূর্য্য, উষাগতা,
আকাশ পুনরাগত, শত্রু আর নাহি ;-
ইন্দ্রর কর্ত্তৃক যদা নিহত সে অহি। ৪

* হিন্দু ও ইরানীরগণ পরস্পর পৃথক হইলে, হিন্দুগণই ইন্দ্রের উপাসনা করিতেন। অন্য কোন আর্য্যশাখায় ইন্দ্রের নাম পাওয়া যায় না। গ্রীকদিগের মধ্যেও অহিশব্দ echis, echidna নামে পাওয়া যায়।

মহাবজ্র দ্বারা ইন্দ্র বৃত্রে বৃত্রতর (১)
অংস শূন্য করি হত
করিলেন, স্কন্ধ যত
কুলিশ আঘাতে যথা; বৃত্র তার পর
শুইল চুম্বিযা মর্ত্ত্য মৃত্তিকা উপর। ৫

আমার সমান যোদ্ধা নাহি এ বুদ্ধিতে
হইয়া দুর্ম্মদ বৃত্র,
করিল ইন্দ্রে অমিত্র,
তাঁহার ধ্বংসের হস্ত নারিল সহিতে;
পিষিল সকল নদী পড়িয়া নদীতে। ৬

ডাকিল অপাদহস্ত বৃত্র ইন্দ্রে রণে;
সানুতুল্য স্কন্ধে তার
হইল বজ্র প্রহার,
বহুধাবিক্ষত বৃত্র শায়িত তখনে;
বধ্রি (২) কি সফল হয় বৃষত্ব অর্জ্জনে। ৭

(১) বৃত্রতরমতিশয়েন লোকানামাবরকমন্ধকাররূপং। সায়ণ। অতিশয় অন্ধকার স্বরূপ বৃত্র।

(২) বধ্রি—ছিন্নমুষ্ক অর্থাৎ পুরুষত্বহীন; বৃষ—রেতসেকসমর্থ অর্থাৎ পুরুষত্বযুক্ত।

ভগ্ন অতিক্রমি নদ যথা যায় চলে,
অতিক্রমি অবিকল
তথা মনোরুহ জল
চলিল, পড়িল অহি তার পদতলে ;—
যে জল আছিল বদ্ধ তার মায়াবলে। ৮

ছিলেন তির্য্যক্ শুয়ে বৃত্রপ্রসবিনী ;
ইন্দ্র তাঁরে হানিলেন,
ঊর্দ্ধে মাতা রহিলেন,
নীচে পুত্র হত ; ধেনু বৎসের সঙ্গিনী
যথা শুয়ে থাকে, দানু শুইলা তেমনি।

অস্থির প্রবাহে বৃত্র শরীর নিহিত,
আর নিণ্য (১) দেহ'পরে
অবারিত বারি চরে ;
দীর্ঘনিদ্রা অভিভূত হইয়া শায়িত,
ইন্দ্র-শত্রু বৃত্র এবে চেতনা রহিত। ১০

পণিগুপ্তা গাভী যথা দাসপত্নীগণ
অহিগুপ্তা ছিল তথা ;
অপিহিত জল পঁথা ;
ইন্দ্র বৃত্রে সেই জন্য করিয়া হনন,
করিয়াছিলেন জলদ্বার উদ্‌ঘাটন। ১১

(১) নিণ্য নির্নামধেয়ং সায়ণ। নাম রহিত।

অদ্বিতীয় দেব (১) বৃত্র তোমা আঘাতিলে,
হয়ে তুমি অশ্বপুচ্ছ,
করিলে সে ঘাত তুচ্ছ,
গাভীজয়, সোমলাভ তুমিই করিলে ;
বহাইলে সপ্ত সিন্ধু প্রবাহ সলিলে। ১২

নারিল স্পর্শিতে ইন্দ্রে যখন সে অহি
মেঘনাদ, বারিপাত,
বিদ্যুৎ ও বজ্রাঘাত
হানিল তাঁহার প্রতি ; মঘবা বিজয়ী,
আর কত মায়া তার অবিলম্বে ধর্ষি। ১৩

যখন বৃত্রের সহ যুঝিতে লাগিলে,
হৃদে যদা জাতা ভীতি,
সরিত নবনবতি
শ্যেনপক্ষিবৎ যদা ভয়ে উত্তরিলে ;
কোন্ বৃত্র-শত্রু জন্য অপেক্ষা করিলে? ১৪

(১) পূর্ব্বে বলা হইয়াছে অনেকস্থলে বরুণাদি দেবগণের বিশেষণার্থে অসুর শব্দের ব্যবহার ঋগ্বেদে আছে। এখন দেখা যাইতেছে বৃত্রের বিশেষণার্থে দেব শব্দের ব্যবহার আছে। সুতরাং দেবাসুরের যে একটী বৈরভাব আমাদের মনে সতত উদিত হয়, তাহা পৌরাণিক, বৈদিক নহে।

স্থাবর জঙ্গম'পর বজ্রবাহু পরে,
শান্তাশান্ত পশু'পর
হইলেন অধীশ্বর ;
হয়েছেন নরেশ্বর ; নেমি যথা অরে,
ধরেছেন সবে তথা আপন ভিতরে। ১৫

৪২ সূক্ত।

পুষা দেবতা। ঘোরপুত্র কণ্ব ঋষি।

পথ পার কর পূষণ্ (১) দেব পাপ হর,
মেঘাত্মজ (২) অগ্রে অগ্রে যাও। ১
কুপথ দর্শক, চোর, হন্তানিষ্টকর,
যেবা থাকে দূর করে দাও। ২

পরিপন্থী কুটিল তস্কর যেবা হয়,
দূর কর পথ হতে তারে। ৩

(১) সর্ব্বেষাং ভূতানাং গোপায়িতা আদিত্যঃ যাস্ক। অর্থাৎ পুষা সূর্য্য।

(২) সূর্য্য কখন কখন মেঘ হইতে বাহির হন বলিয়া তাঁহাকে মেঘাত্মজ বলা হইয়াছে।

লক্ষিতে ও অলক্ষিতে যেবা হরে লয়,
দল তারে পদের প্রহারে। ৪

তোমার করুণা ভিক্ষা করি হে পূষণ্।
উৎসাহিলে যাহে পিতৃগণে। ৫
শত্রুহা হিরণ্যায়ুধ ধনী জ্ঞানবন্!
দানে পরিণত কর ধনে। ৬

লয়ে চল পথে সুখগম্য শত্রুশূন্য,
জ্ঞাত হও রক্ষার উপায়। ৭
তৃণ আছে, নাই নব দুঃখ তাপ জন্য,
জ্ঞাত হও রক্ষার উপায় (১)। ৮

দয়া কর, পূর্ণ কর, কর তেজিয়ান ;—
জ্ঞাত হও রক্ষার উপায়। ৯
পূষানিন্দা নাহি করি সূক্তে করি গান,
ধন যাচঞা করিছি তাঁহায়। ১০

(১) এই ঋক দৃষ্টে বোধ হয়, হিন্দু আর্য্যগণের মধ্যে মধ্যে কোন কোন শাখা মেষপালনব্যবসায় অবলম্বন করিয়া তৃণ অন্বেষণে স্থানে স্থানে ভ্রমণ করিতেন। পূষা তাঁহাদেরই রক্ষক এবং পথ প্রদর্শক।

৪৩ সূক্ত।

১, ২, ৪—৬ রুদ্র। ৩ মিত্রাবরুণ। ৭—৯ সোম।

ঘোর পুত্র কণ্ব ঋষি।

জ্ঞানী, শিব, হৃণ্ময় মহান্ রুদ্রদেবে (১)
কবে সুখকর স্তোত্র দিব উপহাব? ১

---

(১) যাস্ক বলেন "অগ্নিরপি রুদ্র উচ্যতে"। আবার রুদ্ ধাতুর অর্থ রোদন বা গর্জ্জন করা. অতএব রুদ্র শব্দে গর্জ্জনকারী অগ্নি (বজ্র) বুঝায়। এই রুদ্র বা বজ্র কি প্রকারে পৌরাণিক মহাদেবে পরিণত হইলেন তাহা বুঝা বড কঠিন নহে। আর্য্যগণ পূর্ব্বে প্রকৃতিব প্রত্যেক বিস্ময়কর বিকাশেই ঐশশক্তির অস্তিত্ব অনুভব করিতেন কিন্তু কালক্রমে যথন জানিতে পারিলেন যে সর্ব্ব প্রকার ঐশশক্তিই এক মহাশক্তি হইতে প্রাদুর্ভূত, তথন সেই মহাশক্তির অন্তঃর্গত সংহার শক্তিকে নামাকবণ করিতে গিয়া দেখিলেন, রুদ্র বা বজই তাহার সমধিক উপযুক্ত। এজন্য বিধাতার সংহার মুর্ত্তি রুদ্র পুরাণোক্ত মহাদেব নামে পরিচিত হইলেন।

এস্থলে প্রসাঙ্গতঃ বলা কর্ত্তব্য যে উমা, দুর্গা, অম্বিকা, কালী করালী প্রভৃতি দেবতারা যে মহাদেবেব পত্নী বলিয়া পরিচিত আছেন, তাঁহারা কেহই ঋগ্বেদোক্ত দেবতা নহেন। বাজসনেয়ী সংহিতায অম্বিকা রুদ্রের ভগ্নী এরূপ লিখিত আছে। কেন উপনিষদে উমার উল্লেখ আছে কিন্তু তিনি রুদ্রেব পত্নী নহেন। তথায় তিনি ইন্দ্রেব নিকট ব্রহ্মব স্বরূপ ব্যাখ্যা করিতেছেন এই মাত্র। মুণ্ডক উপনিষদে কালী করালী দুইটি অগ্নি জিহ্বার নাম দৃষ্ট হয। "অগ্নির সাতটি চঞ্চল জিহ্বার নাম কালী, করালী, মনোজবা, সুলোহিতা, সুধূম্রবর্ণা, স্ফুলিঙ্গিনী ও দেবী বিশ্বরূপী।" যথন বজ্র বা অগ্নিরূপ রুদ্রদেব সংহারক মহাদেব হইলেন তথন এই অগ্নি জিহ্বাগুলি মহাদেবের পত্নীর স্থান পূরণ করিলেন।

রুদ্রের আর একটি নাম "ভব" বেদে স্থানে স্থানে পাওয়া যায়। মোক্ষমূলরের মতে গ্রীকদিগের Phœbus দেব ভবের রূপান্তর মাত্র।

যাহাতে অদিতি আমাদিগে, পশু সবে,
দিবেন গোনরাপত্যে ঔষধি তাঁহার॥ ২

যাহাতে বরুণ মিত্র রুদ্র অন্য সবে
প্রীত হয়ে করিবেন দয়া বিতরণ। ৩
স্তবপতি যজ্ঞপতি জলৌষধি-দেবে
রুদ্রে সুখ যাচঞা করি শংযুর মতন॥ ৪

সূর্য্যবৎ দীপ্তিমান হিরণ্য-রুচির,
দেবগণ মধ্যে শ্রেষ্ঠতম বসু যিনি। ৫
আমাদের মেষ মেষী গো অশ্ব নারীর
সকলে সুগম্য পথ বিতরেন তিনি। ৬

সোম! আমাদিগে দাও শত নরধন
বলকর মহৎ অন্নের কর দান; ৭
সোম-শত্রু অরাতিরা না করে হিংসন,
হে ইন্দো! এমন অন্ন করহ প্রদান। ৮

হে সোম অমর তুমি পরধামে বাস,
হইয়া শীর্ষস্থানীয় যজ্ঞের শালায়
প্রজাগণে দয়া করি পূর্ণ কর আশ;
জ্ঞান তাহাদিগে, যারা সাজায় তোমায়। ৯

৪৮ সূক্ত।

উষা দেবতা। (১)

কণ্বের পুত্র প্রষ্কণ্ব ঋষি।

হে দেবদুহিতা উষে ধন দান করি,
প্রভাত করহ দেবি অয়ি বিভাবরি!
প্রচুর অন্নের সহ কর সুপ্রভাত,—
ধন দিয়ে দানশীলে করহ প্রভাত। ১
অশ্বগোসম্পন্না বহু ধনেতে ধনিনী,
প্রজার বাসের জন্য সম্পত্তি শালিনী!
আমাকে বলহ উষে সুনৃত বচন,
ধনীর যে ধন আছে, করহ প্রেরণ। ২
পূর্ব্বে ও প্রভাত হ'ত এখনো তা হয়,
রথ-প্রেরয়িত্রী উষা প্রভাত করয়:
ধনার্থী সমুদ্রে তরী পাঠায় যেমন,
তেমনে করেন উষা রথের প্রেরণ। ৩

(১) উষা আমাদিগের অতি প্রাচীন দেবতা। গ্রীকদিগের Eos উষস্, Daphne ডহনা, Argynoris অর্জ্জুনী Bresies বৃষয়া Helen সরমা Erynys সরণ্যু এবং Athena অহনা ইত্যাদি উষা ও উষার প্রতিশব্দের রূপান্তর মাত্র।

হে উষে! আসিলে তুমি সুরিগণ যত
দানেতে মানস সবে করেন নিরত ;
কণ্বতম কণ্ব ঋষি নাম তাঁহাদের
উচ্চার করেন হেন কালে প্রভাতের। ৪
গৃহেতে গৃহিণী যথা সর্ব্ব-প্রভাবিনী
সমাগতা উষা তথা কর-প্রসারিণী ;
উষা আযু হ্রাস করে জঙ্গম জগতে,
পদ্বান চালিত, উড়ে বিহঙ্গ বিয়তে। ৫
ভিক্ষুক ও চেষ্টাবানে কাজে করি রত,
নিহারবর্ষিণী উষা অবিলম্বে গত,
হে যজ্ঞসম্পন্নে! তব হইলে উদয়,
কুলায় না থাকে আর বিহঙ্গ নিচয়। ৬
কি সুন্দর রথ উষা করিয়া যোজন,
সূর্য্যের উদয়’পরি কি দিব্য ভুবন
হইতে সে ভাগ্যবতী চড়ি শত-রথে,
আসিছেন উষা মর্ত্ত্যে কত দূর হ’তে। ৭
উষার প্রকাশ জন্য এ বিশ্ব প্রণত,
তাঁহার প্রসাদে কৃত জগজ্জ্যোতি যত ;
বিদ্বেষিশোষকগণে সে দিব নন্দিনী
করেছেন বিদূরিত দেবী উষা ধনী। ৮
হ্লাদিনী জ্যোতীর সহ হে দিবদুহিতা।
তিমির হরণ কর হয়ে প্রকাশিতা,

প্রভূত সৌভাগ্য উষে! করি আনয়ন,
দিনে দিনে আমাদিগে কর বিতরণ। ৯
তোমাতে নিহিত বিশ্ব চেষ্টিত, জীবন;
সুনরি! তিমির তুমি করহ হরণ;
এসহ বৃহৎ রথে বিচিত্র ধনিনী
বিভাবরি! আমাদের কৃতাহ্বান শুনি। ১০
আছে যে বিচিত্র অন্ন সকল মানুষে
গ্রহণ করহ তাহা দেবকন্যে উষে!
আছেন যে সব বহ্নি তোমার স্তবনে,
যজ্ঞের সমীপে আন সে সুকৃতি গণে। ১১
অন্তরীক্ষ হতে উষে সর্ব্ব দেবতায়
সোমপানে যজ্ঞস্থলে আনহ হেথায়!
প্রশস্ত গো-অশ্বযুক্ত অন্ন বীর্য্যকর,
আমাদিগে প্রদান করহ অতঃপর। ১২
যে উষার জ্যোতিমালা শত্রু সংহারিণী
নয়নে প্রতীয়মানা কল্যাণদায়িনী;
বিশ্ববরণীয় চারু সুখগম্য ধন
আমাদিগে সে উষা করুন বিতরণ। ১৩
অয়ি মহী-উষে! তোমা পূর্ব্ব ঋষিগণ
অন্ন ও রক্ষার হেতু করিলা স্তবন;
তেজোময়ী, দীপ্তিযুক্তা ধনযুক্তা হয়ে
সেব আমাদের তথা স্তোম সমুদয়ে। ১৪

স্বরগের দ্বারদ্বয় জ্যোতি প্রকাশিয়া,
তুমিই ত উষে! অদ্য দিলে উন্মোচিয়া;
তেজোময় গৃহ সুবিস্তৃত অহিংসিত,
দান কর আমাদিগে অন্ন গো-সহিত। ১৫
গাভী আর অপর্য্যাপ্ত বহুবিধ ধন
আমাদের প্রতি উষে! করহ সিঞ্চন!
মহীয়সি! দান কর যশ শক্রঘাতী
অন্নদান কর ক্রিয়ান্বিতে অন্নবতি! ১৬

১০৩ সূক্ত।

ইন্দ্র দেবতা। অঙ্গিরার পুত্র কুৎস ঋষি।

কবিগণ পুরাকালে তোমার এ পরবলে
করেছেন ওহে ইন্দ্র সাক্ষাৎ ধারণ।
তার এক জ্যোতি ভূমে (১) অন্য জ্যোতি দিব ধামে
কেতু যথা রণে তথা করে আলিঙ্গন॥ ১
ধরণী ইন্দ্র ধরিলা বিস্তৃতা তারে করিলা
বজ্রে বৃত্রে হানি জল করিলা নির্গত।

(১) ইন্দ্রবলের দুটি জ্যোতির কথা এই মন্ত্রে বলা হইতেছে। তাহার একটি জ্যোতি ভূমিতে অর্থাৎ অগ্নি, অপর জ্যোতি আকাশে অর্থাৎ সূর্য্য।

অহিকে হত করিলা বৌহিণকে (১) বিদারিলা
ব্যংসবৃত্রে শচী দ্বারা করিলা নিহত (২)॥ ২

বজ্রে হয়ে অস্ত্রবান বীব কার্য্যে শ্রদ্দধান
নাশি দাসীপুরী কত কৈলা বিচরণ।
হে বজ্রিন্ স্তব শুনি দস্যুকে অস্ত্রেতে হানি
আর্য্য যশ বল, ইন্দ্র! করহ বর্দ্ধন (৩)॥ ৩

বাহিরিয়া দস্যুনাশে যে বল যশাভিলাষে
ধরিলেন বজ্রী সেই বল প্রশংসীয়।
স্তোতৃ যজমান হিতে মঘবা করিলা তাতে
মানব হিতের জন্য যুগ সমুদায় (৪)॥ ৪

সেই বল ভূরিপুষ্ট, তোমরা করহ দৃষ্ট
ইন্দ্রের বীর্য্যেতে হও সবে শ্রদ্ধাবান।
লাভ করেছেন তিনি গো অশ্ব ও অরণ্যানী ও
ওষধি ও জলরাশি তিনি প্রাপ্তবান॥ ৫

ভূরিকর্ম্মাভীষ্ঠদাতা শ্রেষ্ঠ সত্য বলোপেতা
ইন্দ্রের জন্যেতে সোম অভিষব করি।

(১) রোহিণ লালবর্ণ মেঘ (wilson)

(২) ব্যংস অংসশূন্য, ছিন্নভুজ। শচী যজ্ঞ, এস্থলে কর্ম্ম।

(৩) এই মন্ত্রে দস্যু এবং আর্য্য উভয় শব্দের পরস্পর বিরুদ্ধভাবে প্রয়োগ দেখা যায়। আর্য্যানার্য্যজাতীয় গণেব বিবাদের বিষয় আরও অনেক মন্ত্রে পাওয়া যায়।

(৪) এই মন্ত্রের অর্থ বড় পরিষ্কার নহে।

যিনি পরিপন্থী মত অযাজ্ঞিক হ'তে হৃত
ধন দিতে এসেছেন যাজ্ঞিকে আদরি ॥ ৬
তব সেই বীর্য্য খ্যাত যাতে, ইন্দ্র ! প্রবোধিত
বজ্র দ্বারা হল অহি, বিভোরনিদ্রায়।
দেব পত্নীগণে সবে মরুদ্গণে বিশ্বদেবে
উপাজিল হর্ষ হেরি হর্ষিত তোমায় ॥ ৭
তুমি শুষ্ণ, পিপ্রু বৃত্রে বধিলে কুয়বামিত্রে
করিলে বিনাশ সব শম্বরের পুরী (১)
অতেব মিত্র বরুণ, অদিতি, সিন্ধু হউন
পৃথিবী আকাশ সবে প্রীত দয়া করি। ৮

১৮৫ সূক্ত।

দ্যাবাপৃথিবী। অগস্ত্য ঋষি।

কেবা পূর্ব্বে, কেবা পরে, কেন, কবিগণ।
জন্মিল পৃথিবী দ্যুস্ (২) কে জানে একথা ?

(১) শুষ্ণ, পিপ্রু কুয়ব শম্বর ইত্যাদি অনার্য্য-প্রধানগণের নাম।

(২) দ্যুস আর্য্যদিগের অতি প্রাচীন আকাশ দেব। গ্রীকদিগের Zeus লাটিনদিগের Ju (Pitter) এংলোসাক্সন গণের Tiu এবং জর্ম্মান দিগের Zio এই দ্যুস্ শব্দের রূপান্তর। যেমন লাটিনগণ আকাশকে স্পষ্টতঃ Jupiter (দ্যুপিতা) বলিতেন ঋগ্বেদে তেমন আকাশকে পিতা ও পৃথিবীকে যে মাতা বলা হইয়াছে তাহার প্রমাণ এই সূক্তেই আছে। ঋগ্বেদে অনেক স্থলে আকাশদেব ও পৃথিবী দেবীর, দ্যাবাপৃথিবী নামে, একত্রে উপাসনা করা হইয়াছে।

আপন শক্তিতে বিশ্ব করিয়া ধারণ,
চক্রবৎ ঘুরিতেছে দিবারাত্রি যথা। ১
ধরেছেন বুকে উভে অচলা অপদী,
বহু বহু সচল সপদ কত জীবে,
পিতৃ-কোলে পুত্র যথা ; হে দ্যাবাপৃথিবী !
রক্ষ আমাদিগে মহাপাপ হ'তে তবে। ২
স্বর্গীয়, নিষ্পাপ, সান্ন, অক্ষয় যে ধন
যাচি অদিতিকে, তাহা যজমান সবে,
হে দ্যাবাপৃথিবী ! দাও করি উৎপাদন ;
রক্ষ আমাদিগে মহাপাপ হ'তে তবে। ৩
দেবপুত্রা অহুঃখিতা দ্যাবাপৃথিবীর
অনুগত হয়ে মোরা থাকি যেন ভবে,
উভবিধ ধনাশায় দিবস রাত্রির ;—
রক্ষ আমাদিগে মহাপাপ হ'তে তবে। ৪
সঙ্গতা যুবতী দুটি ভগিনীর মত,
যাহাদের সীমা সমা বিস্তারিতা ভবে,
ভুবনের নাভিঘ্রাণ করিয়া নিয়ত ;—
রক্ষ আমাদিকে মহাপাপ হ'তে তবে। ৫
মহতী জনিত্রী বৃহৎ সত্যস্বরূপিণী
দেব-প্রীতে যজ্ঞস্থলে ডাকিতেছি উভে !
তোমরা শোভনরূপা অমৃত ধারিণী,
রক্ষ আমাদিগে মহাপাপ হ'তে তবে। ৬

নমস্কার করি যজ্ঞে করি আবাহন
মহৎ, অনন্ত, পৃথু, বহুরূপা উভে,
হে দ্যাবাপৃথিবী! কর বিশ্বের ধারণ;
রক্ষ আমাদিগে মহাপাপ হ'তে তবে। ৭
দেব প্রতি, সখা প্রতি, জামাতার প্রতি,
যে কিছু করিয়া থাকি পাপ তাহা এবে
ক্ষালন করুক যজ্ঞে অর্পিতা এ স্তুতি;
রক্ষ আমাদিগে মহাপাপ হ'তে তবে। ৮
উভয়ে প্রশংসাপাত্রী লোকহিতকরী,
আমাকে আশ্রয় দিতে আসুন হেথায়!
দেবগণ! স্তোতা মোরা, অন্নে তুষ্ট করি
যাচি ধন তোমাদিগে, দানের আশায়। ৯
সকলের শ্রুতি জন্য শ্রেষ্ঠতম স্তুতি,
যত জানি করিলাম পৃথিবীদ্যাবায়;
অবদ্য দূরিতে যেন পাই হে নিষ্কৃতি;
কাছে রেখে পিতা মাতা পালুন আমায়। ১০
হে দ্যাবাপৃথিবী! তোমাদিগে পিতঃ মাতঃ,
সত্য হ'ক করিলাম যে সকল স্তব;
শ্রেয়োদানে স্তোতৃবৃন্দে হও সমাগত;
লভি যেন দীর্ঘ-আয়ু, বলান্নবৈভব। ১১

দ্বিতীয় মণ্ডল

১২ সূক্ত।

ইন্দ্র দেবতা। গৃৎসমদ ঋষি। (১)

যে দেব জনম মাত্র দেবের প্রধান;
মনস্বীর মধ্যে যাঁর অগ্রগণ্য স্থান;

(১) গৃৎসমদ ঋষি সম্বন্ধে অনুক্রমনিকা হইতে সায়ণ এই অংশ উদ্ধৃত করিয়াছেন "য আঙ্গিরসঃ শৌনহোত্রো ভূত্বা ভার্গবঃ শৌনকোঽভবৎ স গৃৎসমদো দ্বিতীয়ং মণ্ডলমপশ্যৎ।" অর্থাৎ গৃৎসমদ পূর্ব্বে অঙ্গিরা বংশোদ্ভব শুনহোত্রের পুত্র ছিলেন। অসুরগণ তাঁহাকে ধরিয়া লইয়া গিয়াছিল, ইন্দ্র তাঁহাকে উদ্ধার করিলে, তিনি ভৃগুবংশীয় শুনকের পুত্র শৌনক বলিয়া অভিহিত হইলেন। মহাভারতের অনুশাসন পর্ব্বে গল্প আছে গৃৎসমদ হৈহয়রাজ বীতিহব্যের পুত্র। বীতিহব্য, কাশী রাজার ভয়ে ভৃগুর আশ্রমে পলাইয়া ছিলেন। কাশীর রাজা অনুসন্ধানে তাহা জানিতে পারিয়া ভৃগুকে জিজ্ঞাসা করিলে, তিনি উত্তর করিলেন আমার আশ্রমে ক্ষত্রিয় নাই। ঋষি-বাক্য মিথ্যা হইতে পারে না। এজন্য বীতিহব্য ব্রাহ্মণ হইলেন। ইহাঁরই পুত্র গৃৎসমদ। ইহার দ্বারা অনুভব হয় বেদ রচনার সময়ে ব্রাহ্মণ ক্ষত্রিয়াদি জাতিভেদ হয় নাই। জাতিভেদ হইলে পর এই সকল গল্প সৃষ্ট হইয়াছে।

এই সূক্ত সম্বন্ধে আর একটি কথা আছে। এই সমস্ত সূক্তই অথর্ব্ববেদে আছে এবং ইহার রচনা অপেক্ষাকৃত আধুনিক। চিন্তা গুলিও ঋগ্বেদ রচনার শেষভাগের চিন্তা সদৃশ,—ইন্দ্রেতে লোকের বিশ্বাস বিচলিত হইয়াছে, ঋষি তাহা দৃঢ় করিতে চেষ্টা করিতেছেন এবং তাহা করিতে গিয়া এক ঈশ্বরের মহাত্ম্য বর্ণনার অবতারণা করিয়াছেন।

যাঁর কর্ম্মে যিনি সর্ব্ব দেবের ভূষণ ;
যাঁর বলে ভীত দ্যাবা পৃথিবী দুজন ;
সৈন্যবল মধ্যে যাঁর বল বিলক্ষণ ;
সেই দ্যোতমান দেব ইন্দ্র জনগণ। ১
যাহার প্রসাদে দৃঢ়া, ব্যথিতা ধরণী ;
নিয়মিত প্রকুপিত পর্ব্বতের শ্রেণী ;
বরীয়ান্ অন্তরীক্ষ যাঁহার স্বজন ;
স্তব্ধ দ্যুস্ ভয়ে,—তিনি ইন্দ্র জনগণ। ২
অহিবধে সপ্তসিন্ধু সৃজন যাঁহার ;
করিলেন বল-রুদ্ধ গাভীর উদ্ধার ;
মেঘে মেঘে করেন অগ্নির উৎপাদন ,
যুদ্ধে জয়ী যিনি, তিনি ইন্দ্র, জনগণ ! ৩
এ সব নশ্বর বিশ্ব যাঁহার স্বজন ;
করিলেন দাসবর্গে গুহায় স্থাপন ;
ব্যাধবৎ লক্ষজয় করি, শত্রুধন
হরিলেন যিনি, তিনি ইন্দ্র, জনগণ। ৪
সে ঘোর দেবতা কোথা ? তিনি নাই আর ;—
হেন কথা শুনা যায় সম্বন্ধে যাঁহার ,
শাস্তিদাতা প্রায় নাশিলেন শত্রুধন ;
তিনি ইন্দ্র, শ্রদ্ধা তাঁকে কর জনগণ। ৫
স্তুতলোম যুক্তগ্রাব্, যিনি যজমানে
কৃপা করি দিবারাত্রি রাখেন কল্যাণে ;

ধারণ করেন যিনি হনু সুশোভন ;
তিনি ইন্দ্রদেব শুন যত জনগণ। ৬
যাঁর আজ্ঞাধীন অশ্ব, যাঁর গাভিগণ ;
যাঁর আজ্ঞাধীন গ্রাম, রথ অগণন ;
সূর্য্যদেব উষাদেবী যাঁহার সৃজন ;
জল-নেতা যিনি তিনি ইন্দ্র জনগণ। ৭
পরস্পর শত্রুসেনা আহ্বানে যাঁহায় ;
উত্তম অধম শত্রু যাঁর স্তব গায় ;
একবিধ রথে চড়ি করে দুই জন
নানা স্তব যাঁর, তিনি ইন্দ্র জনগণ। ৮
যাঁহার অকৃপা হলে যুদ্ধে পরাজয় ;
রক্ষা হেতু যোদ্ধা লয় যাঁহার আশ্রয় ;
বিশ্বের প্রতিভূ যিনি ; অচ্যুত পতন
হয় যাঁর কোপে ; তিনি ইন্দ্র জনগণ॥ ৯
যিনি বহু মহাপাপী অপূজক জনে
হত করিলেন স্বীয় শক্র নিক্ষেপণে ;
গর্ব্বিত না পায় যাঁর উৎসাহ কথন,
দস্যুর নিহন্তা তিনি ইন্দ্র জনগণ। ১০
অন্বেষণ করি যিনি চল্লিশ বৎসরে
লভিলেন ক্ষয়প্রাপ্ত পর্ব্বতে শম্বরে ;
শয়ান ওজায়মান অহিকে হনন
করিলেন যিনি তিনি ইন্দ্র জনগণ। ১১

বৃষভ, সবল, সপ্তরশ্মি (১) সংযোজিত
যিনি করিলেন সপ্ত সিন্ধু প্রবাহিত ;
করিলেন স্বর্গারোহী রৌহিণে হনন,
বজ্রবাহু যিনি, তিনি ইন্দ্র জনগণ। ১২
আকাশ পৃথিবী যাঁরে নমস্কার করে ;
পর্ব্বত সকল যাঁর ভয়েতে সিহরে ;
বজ্রতুল্য বাহু যিনি করেন ধারণ—
দৃঢ়াঙ্গ, সোমপা,—তিনি ইন্দ্র জনগণ। ১৩
অভিসবকারী, আর পাচক রচকে,
কল্যাণে রাখেন যিনি স্তোত্র উচ্চারকে ;
স্তোত্র করে, সোম করে যাঁহার বর্দ্ধন,
এই অন্নে বৃদ্ধি,—তিনি ইন্দ্র জনগণ। ১৪
অভিসবকারী আর পাচক উভয়ে
হে ইন্দ্র দিতেছ অন্ন দুরধর্ষ হয়ে ;
অতএব সত্য তুমি, প্রিয় পুত্র পৌত্র
লইয়া করিব মোরা নিত্য তব স্তোত্র। ১৫

(১) বরাহু, স্বতপঃ, বিদ্যুৎ মহঃ, ধূপি, শ্বাপি, গৃহমেধ এই সপ্তরশি ; সায়ণ। আমরা বেদে অনেক স্থানে সূর্য্যের বা ইন্দ্রের বা অগ্নির সপ্ত অশ্ব বা সপ্তরশ্মির কথা দেখিতে পাই। রাম ধনুতে যে সাতটি বর্ণ দেখা যায় তাহা হইতেই কি বৈদিক সপ্তরশ্মির অনুভব উৎপন্ন হইয়াছিল ? আধুনিক বৈজ্ঞানিকেরা জানেন যে সূর্য্যালোকে সেই সপ্তবর্ণ নিহিত আছে।

২৮ সূক্ত।

বরুণ দেবতা। কূর্ম্ম বা গৃৎসমদ ঋষি।

বরুণ আদিত্য কবি স্বয়ং রাজমান;
যাঁর মহিমায় সর্ব্বভূত অভিভূত;
পায় যাঁর কৃপাবলে হর্ষ যজমান;
তাঁর জন্য এই হব্য হয়েছে প্রস্তুত।
তিনি স্বামী দ্যুতিমান, এই ভিক্ষা চাই—
তাঁহার সুকীর্ত্তি যেন গাইয়া বেড়াই। ১

তব [illegible]তে ব্রতী হয়ে করি তব ধ্যান,
হে দেব বরুণ! তব স্তুতি গান করি,
আমরা সকলে যেন হই ভাগ্যবান্;
কর হেন হে বরুণ করুণা বিতরি।
গোমতী উষার দ্যুতি উদিলে গগনে;
শোভি যেন অগ্নিবৎ তব সংকীর্ত্তনে। ২

নেতৃবর বরুণ! তোমাকে কত লোকে
স্তুতি করিতেছে, তব আছে কত বীর!
পারি যেন আমরা থাকিতে তব লোকে।
তোমরাও (১) দীপ্তিমান পুত্র অদিতির—

(১) মিত্রাদি (সায়ণ)।

অদব্ধ তোমরা সবে—সখ্য নিবন্ধন
আমাদের অপরাধ করহ মার্জ্জন। ৩

বরুণ আদিত্য ধাতা সৃজিলেন জল
প্রভূত, তাহাতে যত সিন্ধু প্রবাহিত ;
বিশ্রাম, বিরতি নাই বহিছে কেবল,
বরুণ মহিমা সবে করি বিঘোষিত।
পক্ষিগণ যে প্রকারে ভূমিপানে ধায়
উহারাও সে প্রকারে ধায় মৃত্তিকায়। ৪

রজ্জুবৎ পাপে হায় বেঁধেছে আমায় ;
হে বরুণ! সে রশনা কর বিমোচন ;
বঞ্চিত না হই যেন খামৃত ধারায়
ছিন্নতন্তু ক'র না গো যজ্ঞের বয়ন।
অসময়ে যজ্ঞমাত্রা হে দেব বরুণ!
না হয় বিকল যেন, নাহি হয় ঊন॥ ৫

আমার নিকট হ'তে ভয় দূর কর,
অনুগ্রহ কর, হে সম্রাট সত্যবান!
বৎস হতে দাম যথা তথা পাপ হর,
হে বরুণ! দয়া করি, আদিত্য মহান্।
তোমার করুণা হ'তে হইলে বঞ্চিত,
নিমেষ না থাকে কার ঈশত্ব কিঞ্চিৎ। ৬

অসুর বরুণ! যারা যজ্ঞেতে তোমার
অপরাধী, সহে তারা যে অস্ত্র ঘাতন;
সহিতে না হয় যেন সে অস্ত্র প্রহার,
জ্যোতি বিয়োজিত যেন না হই কখন।
অনিষ্টকারকে হেন কর বিশ্লেষণ,
রক্ষা যেন পায় আমাদিগের জীবন। ৭

কি অতীত, বর্ত্তমান কিবা ভবিষ্যতে
নমঃ নমঃ শব্দ তোমা করিব নিশ্চয়;
বহু স্থান সমুৎপন্ন বরুণ! তোমাতে
সর্ব্ববিধ কর্ম্ম আছে করিয়া আশ্রয়।
পর্ব্বতে আশ্রিত বস্তু অচ্যুত যেমন,
তবাশ্রিত কর্ম্ম সব অচ্যুত তেমন। ৮

পিতৃঋণ পরিশোধ করহ রাজন্
যে ঋণ করেছি নিজে কর পরিশোধ,
ভোগ যেন নাহি করি অন্যার্জ্জিত ধন
হে বরুণ! আমাদের এই অনুরোধ।
অনেক উষাই সুখে হয়নি উদয়,
বাঁচি যেন উষায়, আদেশ হেন হয় (১)। ৯

(১) ঋণ থাকিলে, উষার উদয় ও অনুদয় তুল্যই। এজন্য ঋষি বলিতেছেন অনেক উষা উদয়ই হয় নাই। ঋষিগণ পৈতৃক ও স্বকৃত ঋণের দায়ে কষ্ট পাইতেন এই বাক্যে তাহার অনুভব করায়।

হে রাজন্ ভীরু আমি আমাকে যে বলে
স্বপ্নদৃষ্ট ভয়ঙ্কর কথা হে বরুণ!
জ্ঞাতি হ'ন, বন্ধু হ'ন তাঁহারা সকলে
আমা হ'তে দয়া করি দূরেতে থাকুন।
আমাদের রক্ষা হেতু বৃক ও তস্করে,—
যে হিংসা করে বা তাকে দাও দূর করে। ১০

ধনী কিম্বা দাতার নিকটে কদাচন
জ্ঞাতির দারিদ্র্য যেন বলিতে না হয়;
থাকে যেন নিয়মিত ধন হে রাজন্!
পারি যেন হে বরুণ! যজ্ঞের সময়,
বীর পুত্র পৌত্রগণে হয়ে সমবেত,
তোমার প্রভূত স্তুতি করিতে নিয়ত (১)। ১১

---

(১) বরুণের অনেক স্তুতিতেই পাপক্ষয়ের জন্য চিন্তা দৃষ্ট হয়। ৭ম মণ্ডলেও তাহা পাঠক দেখিতে পাইবেন। এই সূক্তের ৭ম ঋকে "অসুর" শব্দ বরুণের বিশেষণার্থ ব্যবহৃত হইয়াছে।

৩২ সূক্ত।

১ দ্যাবা পৃথিবী। ২।৩ ইন্দ্র। ৪।৫ রাকা।

৬।৭ সিনিবালী। ৮ ছয়জন দেবী।

গৃৎসমদ ঋষি।

হে দ্যাবা পৃথিবী এই ঋত্বিক স্তোতায়
রক্ষ, ইচ্ছা—প্রীত করি তোমা দুই জনে ;
তোমাদের অন্ন শ্রেষ্ঠ ; অহ্বানে সবায় ;
ধনার্থে আমিও ডাকি মহত স্তবনে। ১
হিংসিতে না পারে যেন দিবায় নিশায়
গুপ্তমায়া, নাহি হই শত্রু বশীভূত।
করিও না ইন্দ্র ! চ্যুত তব বন্ধুতায় ;
মনে রেখ সখ্য আর আমাদের হিত। ২
সুখকরী, দুগ্ধবতী পীনতনুবতী
দৃঢ়াঙ্গী ধেনুর দান কর হৃষ্টমনে ;
পুরুহূত ইন্দ্র ! পাদে বাক্যে দ্রুতগতি—
দিবা রাত্রি আছি আমি তোমার স্তবনে। ৩
সুহবা রাকায় (১) ডাকি সুন্দর স্তুতিতে
শুনুন বুঝুন আমাদের অভিপ্রায় ;

(১) "সংপূর্ণ চন্দ্রা পৌর্ণমাসী রাকা।" পূর্ণিমা রাত্রির নাম রাকা।

সীবন করুন কর্ম্ম অচ্ছিন্ন সূচিতে ; (১)
প্রদান করুন বীর পুত্র শতদায় (২)। ৪
যে সুন্দর কৃপা তব দেখি বসুদানে
রাকে হব্য প্রদাতায়, অদ্য সে কৃপায়
এসহে প্রসন্ন মনে আমাদের স্থানে,
সুভগে! সহস্র সুখ তোমার দয়ায়। ৫
হে পৃথুজঘনে! দেবগণের ভগিনী
সিনিবালী! (৩) হুতহব্য করহ সেবন ;
আমাদের প্রতি হয়ে সদয়া আপনি,
উপচিত কর দেবী অপত্য নন্দন। ৬
কি সুশ্রী অঙ্গুলি তাঁর! বাহু কি সুন্দর!
সুষুমা (৪) বহুসুবরী (৫) দেবি সিনিবালী ;
বিশ্‌পত্নী তাঁহাকে সবে করি সমাদর,
প্রদান করহ যজ্ঞে হবি হব্যাবলী। ৭
যিনি গুঙ্গু, (৬) যিনি রাকা, সিনিবালী যিনি,
যিনি সরস্বতী! তাঁকে করি আবাহন ;
ইন্দ্রানীকে আহ্বানি রক্ষুন আসি তিনি ;
আহ্বানি বরুণানীকে স্বস্তির কারণ। ৮

(১) "To sew the work (apparently the formation of the embryo) with an unfailing needle." Muir. (২) শতদায় বহু ধন বিশিষ্ট। (৩) "দৃষ্টচন্দ্রমাবৃন্তা সিনীবালী" সায়ণ। (৪) সুপ্রসবিনী। (৫) বহু প্রসবিনী। (৬) গুঙ্গু শব্দে সায়ণানুসারে রাকা ও সিনিবালীর সহচরী বুঝাইতেছে।

তৃতীয় মণ্ডল।

৪ সূক্ত।

আপ্রী (১) দেবতা। বিশ্বামিত্র ঋষি।

প্রসন্ন মনেতে সমিৎ হও জাগরিত,
প্রসর্পিত তেজে ধন দাও দয়া করে;
দেবগণে, দেব! যজ্ঞে কর উপস্থিত,
যজ সখীগণে সখা সানন্দ অন্তরে। ১

প্রতিদিন তিন তিন বারেতে যাঁহার
মিত্র, অগ্নি, বরুণ করেন যজ্ঞ নিত্য,
সে অগ্নি তনূনপাৎ উদক আধার
মধুমন্ত করুন এ যজ্ঞ ঘৃতযুক্ত। ২

সর্ব্বজন প্রিয়স্তবে ডাকহ হোতায়
বন্দ্য, শ্রেষ্ঠ, ইষ্টবর্ষী যাতে হন প্রীত,
ইল হেন প্রত্যুদগম করুন তাঁহায়,
করুন সে যোগ্য অগ্নি যজ্ঞ সমাহিত। ৩

(১) আপ্রী অর্থে অগ্নির রূপ। ১ম মণ্ডলের ১৩ সূক্তে দ্বাদশ ঋকে দ্বাদশ প্রকার অগ্নিরূপের স্তুতি আছে। যথা, (১) সুসমিদ্ধ (২) তনূনপাৎ (৩) নরাশংস (৪) ইলা (৫) বর্হিঃ (৬) দেবীদ্বার (৭) নক্তোষসৌ (৮) দেব্যৌ হোতারৌ (৯) ইলাসরস্বতীমহী (১০) ত্বষ্টা (১১) বনস্পতি (১২) স্বাহা। এই সূক্তে নরাশংস ভিন্ন অপর ১১টি রূপের স্তব করা হইয়াছে। আপ্রী সূক্ত গুলি পশু যজ্ঞে ব্যবহৃত হইত।

তোমাদের জন্য যজ্ঞে কৃত ঊর্দ্ধপথ,
শুচি হব্য ঊর্দ্ধ দিকে হতেছে প্রস্থিত ;
হোতা বসে নাভিদেশে, তাঁর দীপ্তি কত,
দেবব্যাপ্ত বর্হি মোরা করিব বিস্তৃত। ৪
ঋত দ্বারা দেবগণ বিশ্ব প্রীতিদাতা
সপ্ত যজ্ঞে অকপটে করেন গমন ;
দেবী-দ্বার নামে নারীরূপে যজ্ঞেজাতা
দেবতা প্রত্যক্ষ হেথা করুন্ গমন। ৫
একত্রে বা ভিন্ন দেহে স্তুত দিবারাত্র,
করুন প্রকাশ হয়ে যজ্ঞে আগমন
মরুত্বান ইন্দ্র বরুণ আরও মিত্র ;
আসেন যেমন দীপ্ত, আসুন তেমন। ৬
দিব্যা ও প্রধানা হোত্রা দেবীদ্বয়ে আমি
ভজিতেছি ; তথা সপ্ত ঋত্বিক্ দীপ্তিমান্
স্বধা দ্বারা মুদিত করেন অন্ন-স্বামী
প্রতিব্রতে যজ্ঞরূপ অগ্নিকে ব্রতবান্। ৭
ভারতীগণের সহ আসুন ভারতী,
দেব নরগণ সহ অনল ও ইলা ;
সারস্বতগণেতে আসুন সরস্বতী,
তিন দেবী কুশেতে বসুন যজ্ঞশীলা। ৮
যাহাতে প্রস্তরহস্ত, দক্ষ, কর্ম্মী, ত্বষ্ট!
সমুৎপন্ন হয় পুত্র বীর দেবকাম ;

পুষ্টিকর, প্রাণকর,—হইয়া সন্তুষ্ট
হেন বীর্য্য দিয়ে পূর্ণ কর মনস্কাম। ৯
বনস্পতে! দেবগণে আন সন্নিধানে,
শমিতাগ্নি দেবে হবি করুন প্রেরণ;
সত্যতর সে হোতা যজুন দেবগণে,
কেননা, জানেন তিনি তাঁদের জনন। ১০
ত্বরিত দেবতা সহ ইন্দ্রের সহিত
এক রথে সমিদ্ধ হইয়া আস অগ্নে;
সুপুত্রা অদিতি কুশে হ'ন প্রতিষ্ঠিত,
স্বাহায় মুদিত হ'ন যত দেবগণে। ১১

৫৫ সূক্ত।

বিশ্ব দেবগণ দেবতা। ১ উষা। ২—১০ অগ্নি। ১১ অহোরাত্র। ১২—১৪ রোদসী। ১৫ রোদসী বা দ্যুনিশা। ১৬ দিক্‌সকল। ১৭—২২ ইন্দ্র পর্জন্যাত্মা ত্বষ্টা বা অগ্নি। বিশ্বামিত্রের পুত্র প্রজাপতি অথবা বাকের পুত্র প্রজাপতি ঋষি।

উষার প্রকাশ পূর্ব্বে হইলে তথসে,
অক্ষয় মহান সূর্য্য শোভেন গগণে;

দেবগণে দেয় সবে ব্রত উপহার ;—
এক মহা অসুরত্ব (১) সর্ব্ব দেবতার। ১

অগ্নে। দেব-ক্রোধে যেন আমরা না পড়ি
না হন পদজ্ঞ পিতৃগণ যেন অরি ;
উঠিলেন সূর্য্য দ্যাবা পৃথিবী মাঝার ;—
এক মহা অসুরত্ব সর্ব্বদেবতার। ২

কামনা আমার বহু, চারিদিকে ধায়,
পুরাতন স্তব দীপ্ত যজ্ঞ কামনায় ;
করিব সমিদ্ধানলে সত্যের উচ্চার ;
এক মহা অসুরত্ব সর্ব্ব দেবতার। ৩

সমান বিরাজ অগ্নি—বেদিতে শয়ান
বনেতেও অগ্নি ; স্বর্গে বৎসের সমান ;
ক্রোড়েতেও আছে অগ্নি মাতা বসুধার ;
এক মহা অসুরত্ব সর্ব্ব দেবতার (২)। ৪

জীর্ণ ওষধিতে সদ্যজাত ও তরুণে
কে না উপলব্ধি পারে করিতে আগুণে ?

(১) "অসুরত্বং প্রাবল্যমিতি।" সায়ণ। "দেবগণের মহৎ বল একই" রমেশ বাবু। The great divinity of the gods is one. Max Muller, আমি অসুরত্ব শব্দ অবিকল রাখিয়াছি।

(২) এই ঋকের সোম পক্ষে এক অর্থ আছে।

প্রসবে অজাত গর্ভা ফল কত আর ;—
এক মহা অসুরত্ব সর্ব্ব দেবতার (১)। ৫

করেন দ্বিমাতা (২) সূর্য্য পশ্চিমে শয়ন ;
বৎস বৎ পূর্ব্বে তাঁর কিবা বিচরণ !
মিত্র বরুণের এই কার্য্য অনিবার।
এক মহা অসুরত্ব সর্ব্ব দেবতার। ৬

যজ্ঞের সম্রাট্, হোতা, দ্বিমাতা অনল ;
স্বর্গে সূর্য্য, ভূমে মূল-কারণ কেবল ;
স্তোতা রম্য বাক্যে স্তুতি করিতেছে তাঁর ;
এক মহা অসুরত্ব সর্ব্ব দেবতার। ৭

যোদ্ধাশূর কাছে সৈন্য যথা প্রতিহত।
অগ্নির সম্মুখে তথা ভূতজাত যত ;
অগ্নিস্থিতা দীপ্তি করে জলের সংহার ;
এক মহা অসুরত্ব সর্ব্ব দেবতার। ৮

আছেন পালক দূত ওষধি ভিতর ;
শোভেন সূর্য্যের সহ দ্যুপৃথ্বী অন্তর ;
নানারূপে আমাদের প্রতি দয়া তাঁর ;—
এক মহা অসুরত্ব সর্ব্ব দেবতার। ৯

---

(১) এই ঋকের সূর্য্যার্থেও এক ব্যাখ্যা আছে।
(২) দ্যাবা ও পৃথিবী দুই মাতা যাহার।

প্রিয় ও অমৃত তেজ করিয়া ধারণ,
গোপা বিষ্ণু পরস্থান করেন রক্ষণ ;
বিশ্ব চরাচর জ্ঞাত অগ্নি দেবতার ;
এক মহা অসুরত্ব সর্ব্ব দেবতার। ১০

যুগ্ম অহোরাত্রি ধরে বপু নানারূপ ;
শুক্লা শ্যামবর্ণা দুই ভগিনী স্বরূপ ;
রুচির একের বর্ণ অন্যা কৃষ্ণা আর ;—
এক মহা অসুরত্ব সর্ব্ব দেবতার। ১১

মাতা ও দুহিতা যত্র উভে পরস্পরে
রসদানে ধেনুবৎ সঙ্গত অন্তরে (১) ;
তত্র দ্যাবা পৃথিবীকে প্রার্থনা আমার ;
এক মহা অসুরত্ব সর্ব্ব দেবতার। ১২

পৃথিবীর বৎসাননে করিয়া লেহন
ধেনুরূপা দ্যুদেবতা করেন গর্জ্জন ;
কোথা হতে পান তিনি মেঘ পুনর্ব্বার ?
সূর্য্য হইতে পান পৃথ্বী সলিল আবার ;—
এক মহা অসুরত্ব সর্ব্ব দেবতার। ১৩

---

(১) অন্তরীক্ষে।

নানারূপ পরিধান করেন ধরণী ;
লেহন করেন ত্র্যবি (১) উর্দ্ধগতা তিনি ;
স্তব করিতেছি জেনে সেই সূর্য্যাগার ;
এক মহা অসুরত্ব সর্ব্ব দেবতার ১৪

পদদ্বয়বৎ দৃষ্ট দ্যাপৃথ্বী-অন্তর
দিবা রাত্রি, ব্যক্ত একে অব্যক্ত অপর ;
যাঁদের মিলন পথ আয়ত্ত সবার ;
এক মহা অসুরত্ব সর্ব্ব দেবতার। ১৫

শিশু-শূন্যা রসপূর্ণা শয়ানা ক্ষীরদা,
যুবতী নীরদমালা নবীনা সর্ব্বদা ;
বিধূনিত হ'ক সেই ধেনু সমাহার ;
এক মহা অসুরত্ব সর্ব্ব দেবতার। ১৬

এক দিকে হয় মহা ইন্দ্রের গর্জ্জন,
অন্য দিকে হয় তাঁর প্রভূত বর্ষণ ;
তিনি জলবর্ষী রাজা পাত্র প্রার্থনার ;
এক মহা অসুরত্ব সর্ব্ব দেবতার। ১৭

ইন্দ্রের অশ্বের কথা করিব বর্ণন,
জানেন দেবতা সবে সুন্দর কেমন ;

(১) ত্র্যবি দেড়বৎসর বয়স্ক বৎস। এ স্থলে তরুণ সূর্য্যকে বুঝাইতেছে।

ষট্ পঞ্চ পঞ্চভাবে (১) যুক্ত রথে তাঁর ;
এক মহা অসুরত্ব সর্ব্ব দেবতার। ১৮

ত্বষ্টা বহুরূপধারী দেবতা সবিতা,
প্রজার পালক বহু প্রজা জনয়িতা ;
এ বিশ্ব ভুবন সব সৃজন তাঁহার ;
এক মহা অসুরত্ব সর্ব্ব দেবতার। ১৯

মহতী সঙ্গতা উভে, ইন্দ্রতেজে ব্যপ্তা
দ্যুপৃথ্বীকে করিলেন খগ পশু যুক্তা ;
বসুলাভ হয় শুনি বীরত্বে তাঁহার,
এক মহা অসুরত্ব সর্ব্ব দেবতার॥ ২০

ক্ষিতি অন্তরীক্ষ কাছে ধাতা ইন্দ্ররাজ
হিতকারী মিত্রবৎ আছেন বিরাজ ;
গৃহে থাকে, অগ্রে চলে মরুদ্গণ তাঁর,
এক মহা অসুরত্ব সর্ব্ব দেবতার। ২১

তোমা হ'তে সিদ্ধি পায় ওষধি সকল
তোমা হ'তে ইন্দ্র হয় বহির্গত জল ;
ধরিত্রী ধরেন ধন নিমিত্ত তোমার ;
ভাগ যেন পাই সখা আমরা তাহার ;
এক মহা অসুরত্ব সর্ব্ব দেবতার। ২২

---

(১) এস্থলে ইন্দ্র কালাত্মক। ছয় বা পাঁচ অশ্ব ষড়্ ঋতু বা পঞ্চ ঋতু। সায়ণ।

৬২ সূক্ত।

১—৩ ইন্দ্রাবরুণ ; ৪—৬ বৃহস্পতি ; ৭—৯ পুষা ; ১০—১২ সবিতা ; ১৩—১৫ সোম ; ১৬—১৮ মিত্র ও বরুণ।

বিশ্বামিত্র ঋষি। কেবল শেষ তিনিটী ঋকের, কাহার কাহার মতে, জমদগ্নি ঋষি।

না পারে হিংসিতে যেন হে ইন্দ্রবরুণ,
ভ্রাম্য মাস্য প্রজাগণে অরাতিতরুণ ;
কোথা হেন যশ ইন্দ্র বরুণ সম্ভবে,
যাহাতে করিলে বশ অন্নে আমা সবে ? ১

ধন লাভাশায় এই খ্যাত যজমান
আশ্রয়ার্থে তোমাদিগে করেন আহ্বান ;
দ্যুলোক ভূলোক আর সহ মরুদ্গণ,
আমাদের আবাহন করহ শ্রবণ। ২

ইন্দ্রবরুণ ! হউক আমাদের ধন ;—
সর্ব্বকর্ম্মক্ষম ধন হ'ক মরুদ্গণ !
বরণীয়া দেবী সবে শরণপ্রদানে,
পালুন ভারতী হোত্রা দক্ষিণার দানে। ৩

বৃহস্পতে ! সর্ব্বদেবগণ-হিতকর
হব্য লও, যজমানে রত্ন দান কর। ৪

শুদ্ধাত্মা সে দেবে কর স্তব নমস্কার ;
অনম্য ওজের জন্য প্রার্থনা আমার ; ৫

মানবের ইষ্টদাতা, অদাভ্য বরেণ্য,
বিশ্বরূপ বৃহস্পতি সবের প্রণম্য। ৬

এ নব সুন্দর স্তব তোমারি পুষণ্‌!
তোমার জন্যেতে তাহা করি উচ্চারণ। ৭

যোষা কাছে যথা আসে বধূ প্রিয়জন
এ হ্লাদিনী স্তুতি দেব শুনহ তেমন। ৮

করেন দর্শন যিনি এ বিশ্ব ভুবন,
আমাদিগে সেই পুষা করুন পাল ন। ৯

সেই বরণীয় তেজ সবিতৃ দেবের
ধ্যান করি, দেন যিনি বুদ্ধি আমাদের (১)।

(১) এই ঋকটি প্রসিদ্ধ গায়ত্রী মন্ত্র। শুক্ল যজুর্ব্বেদ ও সামবেঁদেও ইহা আছে। এই ঋকের নানা প্রকার অর্থ করা হয়। নিম্নে কয়েকটি উদ্ধৃত হইল।

"যিনি আমাদিগকে ধীশক্তি প্রেরণ করেন, আমরা সেই সবিতাদেবের সেই বরণীয় তেজঃ ধ্যান করি।" রমেশচন্দ্র দত্ত।

"আমরা সবিতৃদেবের সেই বরণীয় তেজ ধ্যান করি যাহার প্রভাবে আমরা স্বীয় স্বীয় কর্ত্তব্যানুষ্ঠানে প্রবৃত্ত হইতে সমর্থ হই"। সত্যব্রত সামশ্রমী।

"সবিতৃদেবের বরণীয় তেজ আমরা ধ্যান করি, যিনি আমাদের বুদ্ধি-বৃত্তি প্রেরণ করেন।" বঙ্কিম চট্টোপাধ্যায়।

আমিও বুদ্ধি অর্থ করিয়াছি। বুদ্ধি শব্দ স্থলে ধী পাঠ করিলেও ক্ষতি নাই।

অন্ন বাসনায় দেব ভগ সবিতায়
স্তব করি, যাচ্ঞা করি, ধনের আশায়। ১১

ধীমান মেধাবিগণ কর্ম্ম-নেতা যাঁরা
পূজেন যজ্ঞেতে স্তোত্রে সবিতায় তাঁরা। ১২

সংস্কৃত দেবতা জন্য ঋতের যোনিতে,
পথবিৎ সোমরস আসিতে আসিতে ;—
আমাদিগে দ্বিপদে ও জীবে চতুষ্পদে
প্রদান করুন অন্ন স্বাস্থ্যসুখপ্রদে। ১৩।১৪

আমাদিগে আয়ু দিয়ে, শত্রু করি ক্ষয়,
আসীন হউন সোম শোভি যজ্ঞালয়। ১৫

সুক্রতু বরুণ মিত্র! গোষ্ঠপূর্ণ ঘৃতে,
গৃহ পরিপূর্ণ কর মধুর রসেতে। ১৬

শুচিব্রত! বহুস্তুত বৃদ্ধোপাসনায়!
শোভমান হও স্তবে মাহাত্ম্যপ্রভায়। ১৭

জমদগ্নিস্তুত হয়ে বস যজ্ঞালয়ে,
যজ্ঞ শুভ কর উভে সোম রস পিয়ে। ১৮

চতুর্থ মণ্ডল।

৩০ সূক্ত।

১—৮, ১২—২৪ ইন্দ্র। ৯—১১ ইন্দ্র ও উষা।

বামদেব ঋষি।

হে বৃত্রহা ইন্দ্র! কেবা শ্রেষ্ঠতর ;—
কার খ্যাতি এত তোমার মত? (১)

চক্রবৎ এই প্রকৃতি নিকর
তবানুসরণে সকলে রত ;
তুমিই মহান্ তুমিই খ্যাত। ২

তব বল লভি দেবগণ সবে
যুঝিল, বধিলে তুমি দিবানক্ত ; ৩

সবন্ধু কুৎসকে সে ঘোর আহবে
দিলে সূর্য্য-চক্র করিয়া হৃত। ৪

যে রণে একাকী দেববৈরীগণে,
হিংসক দিগকে করিলে হত ; ৫

নরহিতে হিংসি সহস্র কিরণে
রক্ষিলে এতশে শচীরক্ষিত (১)। ৬

(১) শচী—যুদ্ধকর্ম্ম (সায়ণ)

বুঝিলে তৎপরে কিবা ঘোরতর
বধিলে দিবায় দস্যুতনয়ে ; ৭

করিলে এমন প্রখর সমর
স্বর্গের দুহিতা মরিল ভয়ে (১)। ৮

উষা পূজনীয়া স্বর্গের দুহিতা
পিষিতা তাঁহারে করিলে তুমি ; ৯

ভগ্নরথা উষা অতিশয় ভীতা,
নামিয়া আসিলা তখন ভূমি। ১০

শকট তাঁহার বিপাশে পড়িল
চূর্ণীকৃত—তিনি সুদূরে স্থিত। ১১

সিন্ধুকে ধরায় সম্পূর্ণ-সলিল
প্রজ্ঞায় করিলে তুমি স্থাপিত। ১২

শুষ্ণপুরী সব করিয়া পিষিত
করিলে তাহার ধন লুণ্ঠন ; ১৩

দাস কৌলিতরে (২) গিরিপরিস্থিত,
শম্বরে করিলে অবহনন। ১৪

---

(১) সূর্য্যরূপ ইন্দ্রের উদয়ে উষার বিনাশ হয় ইহাই বোধ হয় এই শ্লোকের অর্থ।

(২) কুলিতরের অপত্য শম্বরে।

পঞ্চশত আর সহস্রানুচর
ছিল দাস বর্চ্চি-চতুরদিকে
শত্রু যথা করে বেষ্টন চকর,
বধিলে হে ইন্দ্র! তুমি তাদিগে। ১৫

শতক্রতু ইন্দ্র অগ্রুর সন্ততি
পরাবৃক্তে স্তোত্রে করিলা ভাগী? ১৬

অস্নাত যদু তুর্ব্বশে শচীপতি
করিলেন অভিসেকোপযোগী। ১৭

তুমি অবিলম্বে সরয়ূর পারে
আর্য্য অর্ণ চিত্ররথে বধিলে (১)। ১৮

অন্ধ, পঙ্গু—বন্ধু ত্যজেছে যাহারে,
তুমি তাহাদিগে সুখে রাখিলে। ১৯

পাষাণের শত সংখ্যক নগর
দিবোদাসে ইন্দ্র করিলে দান; ২০

দভীতির জন্য ত্রিশসংচ্ছর
দাসেরে করিলে নিদ্রিতবান্। ২১

(১) আর্য্যগণ ক্রমে সরয়ূতীর অতিক্রম করিয়া রাজ্য বিস্তার করিয়াছিলেন। কেবল আর্য্যানার্য্যেই যুদ্ধ হইত এমন নহে। আর্য্যে আর্য্যে ও যুদ্ধের উল্লেখ এই ঋকে পাওয়া যায়। সরয়ূর অপর পারে আর্য্য অর্ণ ও চিত্ররথের বধের উল্লেখ এই ঋকে পাওয়া গেল।

এ সমস্তে ইন্দ্র করেছ বিচ্যুত
গোপালক তুমি সম সকলে ; ২২

তব বল ইন্দ্র সামর্থ্য সংযুত
কে পারে হিংসিতে তোমার বলে ? ২৩

প্রদান করুন অর্য্যমা তোমায়
মনোহর ধন, শত্রুনাশক !
পুষা ভগ দেব করুলতী আর
দিউন সে ধন মনোহারক। ২৪

৪০ সূক্ত।

১—৪ দধিক্রা (১) ৫ ইন্দ্র।

বামদেব ঋষি।

করিব আমরা স্তুতি বারম্বার
দেবতা দধিক্রাবার।
উষাগণ সবে প্রেরণ আমাকে
করুন কর্ম্মেতে তাঁর॥

---

(১) অশ্বরূপী অগ্নির নাম দধিক্রা।" সায়ণ।
"Dadhikra or Dadhikravan...The sun under the type of a horse." Wilson.

জল, অগ্নি, উষা, সূর্য্য, বৃহস্পতি
জিষ্ণু দেব আঙ্গিরস।
এ সব দেবের করিব স্তবন
গাইব তাঁদের যশ ॥ ১

বসি দধিক্রাবা দেব গতিশীল,
পোষক, গাভীপ্রেরক।
সুরম্য উষায় অন্ন বাসনায়
লইয়া পরিচারক ॥
তিনি শীঘ্রগামী সত্য, বেগগামী
চারু লম্ফগামী কিবা।
অন্ন, বল, স্বর্গ করুন প্রদান
সবে দেব দধিক্রাবা ॥ ২

বিহঙ্গ যেমন বিহঙ্গ পশ্চাদে
করয়ে অনুগমন।
সেরূপে সকলে করে দ্রুতগতি
দধিক্রাবানুসরণ ॥
শ্যেন পক্ষীবৎ অতি দ্রুতগামী
দধিক্রাবা ত্রাণকর।
তাঁর বক্ষ চতু র্দ্দিগে আর সবে
করে গতি একত্তর ॥ ৩

গ্রীবাদেশে বদ্ধ বদ্ধ মুখে কক্ষে
সেই অশ্ব কি সুন্দর।

দ্রুতপাদক্ষেপ করিয়া বিস্তার
আসিছেন কি সত্বর ॥
যজ্ঞ অভিমুখে সমধিক বেগে
আগমন দধিক্রার।
সর্পবৎ বক্র পথ অনুসারে
সর্ব্বদা গমন তাঁর ॥ ৪

আকাশেতে হংস অন্তরীক্ষে বসু
ঋত বেদিস্থলে হোতা।
গৃহেতে অতিথি নৃসঙ্গে বসতি
তিনি বরেণ্য দেবতা ॥
যজ্ঞস্থলে বাস ব্যোমেতে নিবাস
জলে ও কিরণে জাত।
ঋতেতে উদ্ভব অদ্রিতে সম্ভব
তিনিই কেবল সত্য (১) ॥ ৫

---

(১) এই ঋকটি প্রসিদ্ধ হংসবতী ঋক। শুক্ল যজুর্ব্বেদে ও দুই স্থানে এই ঋকটি আছে। ঐ বেদের টীকাকার মহীধর বলেন যে এই ঋকে পরব্রহ্মের কথা বলা হইয়াছে। কিন্তু পাঠক দেখিবেন, ঋকের কুত্রাপি পরব্রহ্মের কথার উল্লেখ নাই। তবে ঋত যে সর্ব্বত্র বিশ্বময় সেই কথা বলা এই ঋকের উদ্দেশ্য ইহাতে সন্দেহ নাই। সুতরাং ঋত শব্দের অর্থ কি বুঝিতে হইবে।

"ঋতস্য সত্যস্যাবশ্যম্ভাবিনঃ কর্ম্মফলস্য।" সায়ণ।

"ঋতমিত্যুদক নাম সত্যং বা" যাস্ক।

"Max Mullar বিবেচনা করেন সূর্য্য ও চন্দ্র নক্ষত্রাদির নির্দ্দিষ্ট গতিকে প্রথমে "ঋত "কহিত। পরে সেই গতি দ্বারা নির্দ্ধারিত যজ্ঞকে ঋত বলিত। অবশেষে ঋত শব্দের সাধারণ অর্থ নিয়ম বা ধর্ম্ম হইল।"

৫৭ সূক্ত।

১—৩ ক্ষেত্রপতি (১)। ৪ শুন। ৫, ৮ শুনাসীর।
৬, ৭ সীতা। বামদেব ঋষি।

সহ ক্ষেত্রপতি অতি হিতকর,
করিব আমরা ক্ষেত্রের জয়;
পুষিবেন তিনি গো-অশ্ব নিকর,
দেন তিনি হেন সুখ নিচয়। ১

ধেনু দেয় পয় যথা ক্ষেত্রপতি,
মধুময় পূত মাধুরীময়;
দেও ঘৃততুল্য প্রভূত তেমতি
পয় পতিগণ! হয়ে সদয়। ২

মধুময় হ'ক ওষধি নিচয়,
মধুময় জল আকাশান্তর,
হউন ক্ষেত্রের পতি মধুময়,
চরি পাছে তাঁর নির্ব্বিঘ্নান্তর। ৩

(১) রুদ্রং ক্ষেত্রপতিং প্রাহুঃ কেচিদগ্নিং যথা পরে।
স্বতন্ত্র এব বা কশ্চিৎ ক্ষেত্রস্য পতিরুচ্যতে॥ সায়ণ।

গৃহ্য সূত্রে লিখিত আছে যে, লাঙ্গল দিয়া চাষ করিবার পূর্ব্বে এই সূক্তের প্রত্যেক ঋক পাঠ করা কর্ত্তব্য।

বলীবর্দ্দ সুখে, সুখে আর নর,
লাঙ্গল করুক সুখে কর্ষণ ;
বদ্ধ হ'ক সুখে প্রগ্রহ নিকর,
প্রতোদ করহ সুখে প্রেরণ। ৪

শুন সীর! (১) জল সৃজিলে আকাশে,
আমাদের স্তব কর সেবন ;
তোমরা উভয়ে দয়ার প্রকাশে
সেই জলে কর ধরা সিঞ্চন। ৫

হে সীতে সুভগে হও অভিমুখী ;
তোমায় আমরা বন্দনা করি ;
কর আমাদিগে ধনদানে সুখী ;
সুখী কর আর ফল বিতরি। ৬

করুন সীতাকে ইন্দ্র নিগ্রহণ ;
পুষাও করুন তাঁকে চালিতা।
বৎসরে বৎসরে শস্যের দোহন
পয়স্বতী হয়ে করুন সীতা (২)। ৭

---

(১) শৌনকের মতে শুন দ্যুদেবতা অর্থাৎ ইন্দ্র এবং সীর বায়ু। যাস্ক বলেন শুন বায়ু, সীর আদিত্য। সীর শব্দের আদি অর্থ লাঙ্গল "সীরানি হলানি" মহীধর (শুক্লযজুর্বেদ ১২। ৬৮) রমেশ বাবু ইঙ্গিত করেন শুনসীর কৃষি কার্য্যের উপকরণদ্বয়।

(২) "সীতা লাঙ্গল পদ্ধতি" মহীধর। সীতা অর্থে লাঙ্গল দ্বারা চিহ্নিত ভূমিতে রেখা।

ফালে সুখে হ'ক ভূমির কর্ষণ,
কীনাশ, বলদ সুখে চলুক।
মেঘ পয়ামৃত করুন সিঞ্চন,
শুনসীর! দাও মোদিগে সুখ। ৮

পঞ্চম মণ্ডল।

২৩ সূক্ত।

অগ্নি দেবতা। অত্রির পুত্র দ্যুম্ন ঋষি।

শত্রুজয়ী পুত্র দ্যুম্নে কর অগ্নে দান,
পরাক্রমে যে তনয় করি পরাজয়,
সমরে সকল লোকে বলে তেজীয়ান
উপার্জ্জন করিবেক গৌরব অক্ষয়। ১

ওহে পরাক্রান্ত অগ্নে, অদ্ভুত গোদাতা,
সত্যের স্বরূপ দেব তুমি অন্ন দাতা,
সৈন্য পরাজয়ে শক্ত আমারে এমন
প্রদান করহ অগ্নে একটী নন্দন। (১) ২

(১) এই সূক্তে ঋষি একটী সৈন্য বিজয়ী পুত্র চাহিতেছেন। ঋষিরা সংসারী ছিলেন। এই সূক্তের দ্বারা বুঝা যায় ঋত্বিক অর্থাৎ পুরোহিত সম্প্রদায় একটি বিভিন্ন জাতি হয় নাই এবং যোদ্ধৃ সম্প্রদায়ও একটী ভিন্ন জাতি হয় নাই। এ সময়েও ব্রাহ্মণ ও ক্ষত্রিয় দুটী স্বতন্ত্র জাতি নহে।

ঋত্বিক সকলে করি কুশের ছেদন,
সমবেত হ'য়ে করে তোমা আকিঞ্চন ;
তুমি প্রিয় তুমি হোতা যজ্ঞের শালায় ;—
যাচে নানাবিধ ধন তাঁহারা তোমায়। ৩

সেই লোকশ্রুত ঋষি বিশ্বের আশ্রয় ;
শত্রুঘাতী বল তাতে হ'ক উপচয়,
দীপ্তি দাও আমাদের গৃহে দেব অগ্নে,
গৃহগুলি পূর্ণ হ'ক সে প্রচুর ধনে ;
প্রজ্বলিত হও অগ্নে জ্বলদ আগুনে ! ৪

২৮ সূক্ত।

অগ্নি দেবতা।

আত্রেয়ী বিশ্ববারা নাম্নী ঋষি (১)।

আকাশে সমিদ্ধানল কি সুন্দর সমুজ্জ্বল
উষার প্রকাশে শোভে মহতী প্রভায়।
পূর্ব্বমুখী বিশ্ববারা দেবগণে স্তুতি দ্বারা
তুষিতে আগতা করে হব্যপাত্র ভায়॥ ১

(১) এই সূক্তের ঋষি জনৈকা রমণী। অত্রি গোত্রীয়া বিশ্ববরা নাম্নী সেই ঋষি। ঋগ্বেদের মন্ত্র রচনা বা সঙ্কলন করা স্ত্রীলোকের ক্ষমতার বহির্ভূত ছিল না। এই সূক্ত দ্বারা তাহা প্রমাণিত হইতেছে বিশ্ববারা ঋষি দাম্পত্য সম্বন্ধ সুশৃঙ্খল করিবার জন্য এর ঋকে অগ্নির নিকট প্রার্থনা করিতেছেন।

হইয়া সমিধ্যমান অমৃত কর বিধান
হব্যদাতৃ কল্যাণার্থ হও উপস্থিত।
থাক অগ্নে কাছে যার কি ধন নাহিক তার
করে সে সম্মুখে তব আতিথ্য স্থাপিত। ২

মহা সৌভাগ্যের জন্যে শত্রুগণ দম অগ্নে
হউক তোমার দীপ্তি আরো সমুজ্জ্বল।
দাম্পত্য সম্বন্ধানল কর দেব সুশৃঙ্খল
নিজবলে প্রতিহত কর শত্রুবল॥ ৩

যখন সমিদ্ধ হও যদা পূর্ণদীপ্তি রও
তব শ্রীর করি আমি তখন স্তবন।
হ্যম্নবা হইয়ে তবে পূর্ণ কাম করি সবে
যথা যোগ্যভাবে কর যজ্ঞ সুশোভন। ৪

সমিদ্ধ আহূত অগ্নে! পূজ দেবগণে।
তুমি হব্যদাতা দেব পূজ তেকারণে॥ ৫
করহ অগ্নিতে হোম আরব্ধ যজ্ঞেতে।
সেবা কর, বর তাঁকে হব্য বহনেতে (১)॥ ৬

---

(১) এই ঋকটি ঋত্বিকদিগকে সম্বোধন করিয়া বলা হইয়াছে।

৬২ সূক্ত (১)।

১—৪ এবং ১১—১৬ মরুদ্গণ দেবতা।

অন্যান্য ঋকে নানাবিধ নামের উল্লেখ আছে।

শ্যাবাশ্ব ঋষি।

একে একে কে তোমরা শ্রেষ্ঠ নেতাগণ!
দূর হ'তে হেথায় করিলে আগমন? ১

---

(১) "সায়নাচার্য্য বলেন একটি আশ্চর্য্য প্রাচীন ইতিবৃত্ত অবলম্বন করিয়া এই স্তোত্রের সৃষ্টি হইয়াছে। তিনি বলেন আগম পারদর্শিরা এইরূপ বর্ণনা করিয়াছেন যে দর্ভের পুত্র রাজা রথবীতি অত্রিবংশীয় অর্চনানাকে হোতৃ কার্য্যে বরণ করিয়াছিলেন। অর্চনানা পিতৃসমীপে রাজপুত্রীকে দর্শন করিয়া স্বপুত্র শ্যাবাশ্বের সহিত তাহার বিবাহ দিবার নিমিত্ত রাজার নিকট প্রার্থনা করিলেন। রাজা তাহাতে সম্মত হইয়া নিজ মহিষীকে জিজ্ঞাসা করায় রাজমহিষী এই আপত্তি করিলেন যে, তাঁহাদের বংশে সকল কন্যারই ঋষিগণের সহিত বিবাহ হইয়াছে, অথচ শ্যাবাশ্ব ঋষি নহেন; সুতরাং তাঁহার সহিত কিরূপে বিবাহ হইবে? এই আপত্তি উপস্থিত হওয়ায় রাজা শ্যাবাশ্বের সহিত নিজ কন্যার বিবাহ দিতে অসম্মত হইলে, শ্যাবাশ্ব রাজকুমারী প্রাপ্তির আশায় কঠোর তপস্যা আরম্ভ করিয়া ভিক্ষার্থ পর্য্যটন করিতে করিতে একদা রাজা তরন্তের মহিষী শশীয়সীর নিকট উপস্থিত হইলেন। শশীয়সী শ্যাবাশ্বকে সঙ্গে লইয়া পতি সমীপে উপস্থিত হইলে, রাজা তাঁহাকে সমুচিত অতিথি সৎকার করিতে বলিলেন। অনন্তর শশীয়সী তাঁহাকে গোযুথ আভরণ প্রদান করিলে তরন্ত তাঁহাকে অভিলষিত ধন প্রদান করিয়া নিজ অনুজ পুরুমীল্হের নিকট প্রেরণ করিলেন। শ্যাবাশ্ব গমন কালে পথিমধ্যে মরুদ্গণের সহিত সাক্ষাৎ হওয়ায় সভয় চিত্তে কৃতাঞ্জলিপুটে তাঁহাদিগের স্তব করিতে লাগিলেন। মরুদ্গণ তুষ্ট হইয়া তাঁহাকে ঋষি বলিয়া স্বীকার করিলেন ও তাঁহাদের প্রসাদে তিনি সূক্তদ্রষ্টা হইলেন। অনন্তর রথবীতি ও তাঁহার মহিষী শ্যাবাশ্বের সহিত রাজকুমারীর

তোমাদের অশ্ব কোথা? বলগা কোথায়?
কিবা শক্তি? কিরূপে বা চলিতেছ হায়?
পৃষ্ঠে আস্তরণ নাকে রজ্জু দেখা যায়। ২
হইতেছে কশাঘাত অশ্বের জঘনে;
বিবৃত করিছে উরুদ্বয় যন্তৃগণে,
করে যথা নারীগণে পুত্র উৎপাদনে। ৩
মর্ত্ত্য হিতকারী ভদ্রজন্মা বীরগণ!
অগ্নি তপ্তবৎ দৃষ্ট হতেছ কেমন! ৪
শ্যাবাশ্বের স্তুত সেই তরন্ত রাজায়
বাঁধিলেন যিনি স্বীয় ভুজের লতায়;
সে মহিষী শশিয়সী দিলেন আমায়
গো অশ্ব ও শত মেষ পশু সমুদায়; ৫
দেবতায় না পূজে, না করে বিতরণ,
এহেন পুরুষ চেয়ে শ্রেষ্ঠ তিনি হন। ৬
বুঝেন ব্যথিত-ব্যথা, তৃষিতাকিঞ্চন,

বিবাহ দিলেন। পুরুমীহ্ল, তরন্ত, শশীয়সী, রথবীতি ও মরুদ্‌গণ তুষ্ট হইয়া শ্যাবাশ্বকে যাহা প্রদান করিয়াছিলেন এই সূক্তে তাহাই বর্ণিত হইয়াছে।

এইরূপ বৈদিক আখ্যানসমূহ হইতে উপলব্ধি হয় যে তৎকালে ঋষি ও ঋত্বিকগণের সহিত রাজকন্যাগণের বিবাহে কোন বাধা ছিল না। ঋষি ও ঋত্বিকগণের একটি ভিন্ন জাতি "(অর্থাৎ caste) সংগঠিত হয় নাই।" রমেশ বাবুর টীকা।

ধনার্থীরে দেন ধন দেবতায় মন! ৭
তাঁহার পতির গুণ স্তবের অতীত;
সকল সময়ে যাঁর দান এক মত। ৮
এ শ্যাবাশ্বে যে যুবতী পথ প্রদর্শন
করিয়াছিলেন হয়ে হরষিত মন!—
তাঁর দত্ত লাল দুই অশ্ব নিল মোরে
দীর্ঘযশা বিজ্ঞ পুরুমীহ্ রাজদ্বারে। ৯
দিলেন সে বিদদশ্বি মোরে ধেনু শত
আর বহুমূল্য ধন তরন্তের মত। ১০
শুনিছেন মরুদ্গণ সোমপানে রত
আসি বে[illegible]গামী অশ্বে স্তব করি যত। ১১
স্বর্গ ও পৃথিবী ব্যাপ্ত যাঁদের প্রভায়
শোভেন রথেতে যাঁরা সূর্য্য সম ভায়; ১২
নিত্য সে মরুদ্গণ তরুণ উজ্জ্বল;
রথারূঢ়, অনিন্দ্য রূপেতে সমুজ্জ্বল,
দুর্দ্দম তাঁদের গতি শোভন কেবল। ১৩
যাঁহাদের ভয়ে শত্রু হয় কম্পবান্,
নিষ্পাপ করেন যাঁরা জলের বিধান।
যেথানে সে মরুদ্গণ হন উল্লাসিত,
কে জানে সে স্থান আছে কোথা অবস্থিত? ১৪
স্তবপ্রিয় তোমাদিগে এহেন স্তবন
যে করে তাঁহারে কর স্বর্গেতে বহন!

করিলে যজ্ঞেতে তোমাদের আবাহন
সে আহ্বান তোমাদের পরশে শ্রবণ। ১৫
শত্রুঘাতী, ঐশ্বর্য্য সম্পন্ন, পূজনীয়!
দাও আমাদিগে তবে ধন বাঞ্ছনীয়। ১৬
হে রাত্রি! আমার স্তব করহ বহন
দার্ভ রথবীতি কাছে; বহযে যেমন
রথী, তথা বহ মম এসব বচন। ১৭
সোম যজ্ঞ শেষ হ'লে হইয়া আমার
বলিবে রথবীতিকে এই সমাচার!—
হয় নাই হীন কিছু মম কামনার! ১৮
গোমতীর তীরে (১) ধনবান্ রথবীতি
পর্ব্বতের প্রান্তে গৃহে করেন বসতি। ১৯

৮৫ সূক্ত।

বরুণ দেবতা। অত্রি ঋষি।

বিশ্রুত সম্রাট ধন্য গাও বরুণের জন্য
মহৎ গভীর ব্রহ্ম প্রিয় মনোহর।
পশু হন্তা চর্ম্ম যথা তিনি পৃথিবীকে তথা
করেন বিস্তৃত সূর্য্য নিমিত্তে সুন্দর॥ ১
বিস্তৃতান্তরীক্ষ বনে, বাজদত্ত (২) বাজিগণে,
ধেনুতে সঞ্চিত পয় কৃপায় যাঁহার।

---

(১) রমেশ বাবু অনুভব করেন এই গোমতী অযোধ্যা প্রদেশস্থ গোমতী নদী এবং ঐ পর্ব্বত প্রান্ত হিমালয় পর্ব্বতের প্রান্ত। (২) বাজ—বল।

হৃদে ক্রতু (১) জলে' নল, দিবে সূর্য্য সমুজ্জ্বল,

পর্ব্বতেতে সোমলতা সৃজন তাঁহার ॥ ২

রোদসী (২) অন্তর (৩) জন্য, করিলেন মেঘনিম্ন

ছিদ্রযুক্ত, তাহাতেই আদ্র ধরাতল।

যব শস্যে বৃষ্টি যথা, ভূমি সিক্ত করি তথা

সমস্ত ভুবন রাজ্য করেন শীতল ॥ ৩

বৃষ্টিরূপ দুগ্ধ যদা দুহিলে হইল তদা,

জলে পৃথ্বী স্বর্গ অন্তরীক্ষাভিসিঞ্চন।

ভূধর শিখরচয়, ঘনঘটা শোভাময়,

শ্লথ করিলেক মেঘে বীর মরুদ্গণ ॥ ৪

অসুর বরুণ মায়া, অতি মহীয়সী যাহা

আমি তাহা করিতেছি ঘোষিত জগতে।

অন্তরীক্ষে দাঁড়াইয়ে, সূর্য্যমানদণ্ড দিয়ে

পৃথিবীর পরিমাণ কৃত যাহা হ'তে ॥ ৫

কবিতম দেব-মায়া, কেহ নাহি পারে যাহা

খণ্ডন করিতে ; তাঁর প্রভাব বশতঃ

শুভ্রা বারি প্রবাহিনী, নদীগণ সঞ্চারিণী

একটি সমুদ্রে নারে করিতে পূরিত (৪)। ॥ ৬

(১) ক্রতু—সংকল্প। (২) রোদসী—দ্যাবা পৃথিবী (৩) অন্তর-অন্তরীক্ষ।

(৪) "সায়ণ বলেন পূর্ব্বোক্ত কার্য্য সকল বরুণের নহে, ইহা ঈশ্বরের কার্য্য, বরুণ বা অন্যান্য রূপধারী ঈশ্বরের কার্য্য। সায়ণ বোধ হয় পুরাণের

যদি কদাচিৎ দাতা, মিত্র বা বয়স্ত ভ্রাতা
প্রতিবেশী অথবা মূকের প্রতি কভু
করে থাকি অপরাধ শ্লথ করি পাপবাঁধ
মুক্ত কর আমাদিগে হে বরুণ প্রভু। ৭
পাশ ক্রীড়কের ন্যায়, জ্ঞানে বা অজ্ঞানে হায়
করে থাকি যদি কোন পাপ প্রবঞ্চনা।
শ্লথ বন্ধ হতে যথা, তাহা হতে মুক্ত তথা
কর, তব প্রিয় হয়ে পুরাই বাসনা। ৮

ষষ্ঠ মণ্ডল।

৪৬ সূক্ত।

ইন্দ্র দেবতা। বৃহস্পতির পুত্র শংযু ঋষি।

স্তোতা মোরা সবে অন্নের কারণ
করিতেছি, ইন্দ্র! তোমা আবাহন;

কথা ভাবিয়া এইরূপ লিখিয়াছেন। প্রকৃতির বিস্ময়কর কার্য্যপরম্পরা দেখিয়া ঋগ্বেদের ঋষিগণ বরুণ ইন্দ্রাদি দেবের অনুভব করেন, পরে সেই কার্য্য পরম্পরার ঐক্য সম্বন্ধ দেখিয়া এক ঈশ্বরের অনুভব তাঁহাদের হৃদয়ে উদয় হয়। যিনি সূর্য্যদ্বারা অন্তরীক্ষের পরিমাণ লয়েন (৫ম ঋক) তিনিই নদী সকলকে এক মহাসমুদ্রে প্রেরণ করেন অথচ সে মহাসমুদ্র কখন পরিপূর্ণ হয় না (৬ষ্ঠ ঋক) তিনি মনুষ্যের পাপ বিনষ্ট করেন ও অপরাধ খণ্ডন করেন (৭ম ও ৮ম ঋক) এই সকল চিন্তা করিয়া বরুণের স্তুতিপরায়ণ ঋষি এক ঈশ্বরের অনুভব করিয়াছেন। ঈশ্বর ভিন্ন, বরুণ ভিন্ন, ঈশ্বর বরুণের রূপ ধরেন, এ সকল পৌরাণিক কল্পনা, ঋগ্বেদের চিন্তা নহে।" রমেশ বাবুর টীকা।

তুমি রক্ষা কর যত সাধুগণে,
শত্রুজয়ে তোমা ডাকে তেকারণে,
আত্মরণে অরি করিতে নিধন। ১

চিত্র বজ্র হস্ত! বিজয়ী যে রণে
অন্নদান তাঁরে করহ যেমনে,—
আমাদের স্তবে হইয়ে প্রসন্ন
গাভী রথ অশ্ব বহনের জন্য,—
দাও শত্রুহন্তা মঘবা! তেমনে। ২

শত্রুহা যে ইন্দ্র সর্ব্বতো দর্শন,
আমরা তাঁহাকে করি আবাহন;—
হে সহস্রমুষ্ক (১) বহুধন পতে!
আমাদিগে সৎপতে! সমরেতে,
কর ইন্দ্র দেব ঋদ্ধি বিতরণ॥ ৩

যথা-উক্ত ঋকে সেইরূপ ধর,
মহাক্রোধে রণে শত্রুবল হর;
যাহাতে আমরা ভাস্করে ও জলে
দেখিবারে পাই সন্তান সকলে,—
আমাদিগে রণে হেন রক্ষা কর। ৪

---

(১) " হে সহস্রমুষ্ক সহস্রশেফ যাং কাকুত্রিয়ং সংভবস্নিত্র্যঃ ভোগ লোলুপতয়া স্বশরীরে পর্ব্বণি পার্ব্বণি শেকান্ সনর্জেতি কৌষীতকিভি রাম্নাতং তদভিপ্রায়েনেদং সংবোধনং।" সায়ণ।

কিবা বজ্রপাণি অদ্ভুত তোমার!
কি সুন্দর শিপ্র, কেমন আকার!
অতি পুষ্টিকর, শ্রেষ্ঠ, ওজস্কর
যে অন্নে পালিত পৃথিবী ও স্বর্;
আন সেই অন্ন বলের আধার। ৫

তুমি শত্রুজয়ী, বলিষ্ঠ দেবতা,
তুমি দীপ্তিমান, তুমি রক্ষাকর্ত্তা;
অখিল পিব্দনে (১) করহ ব্যথিত
নিখিল অমিত্রে করহ সুজিত;—
ডাকি তাই তোমা ইন্দ্র গৃহদাতা। ৬

যে বল যে ধন আছে মানবেতে,
আছয়ে যে অন্ন বা পঞ্চক্ষিতিতে, (২)
হে ইন্দ্র! মহৎ বল সহকারে
দাও সে সকল আমা সবাকারে,
প্রীত হ'য়ে দেব! মোদের স্তুতিতে। ৭

শত্রুর সংহার যাহাতে সমরে
করিতে আমরা পারি অকাতরে,

(১) "পিব্দনা পিব্দনানিরক্ষাংসি পিহিতং অব্যক্তং শব্দয়ন্ত ইতি।" সায়ণ।

(২) পঞ্চক্ষিতি সম্বন্ধে ১ম মণ্ডল ৭ সূক্তের টীকা দেখ।

তাই তৃক্ষু, দ্রুহ্য পুরুর সমস্ত
বল আমাদিগে দাও বজ্রহস্ত !
ঐশ্বর্য্য সম্পন্ন ইন্দ্র ! দয়া ক'রে। ৮

হে ইন্দ্র ! করহ শরণ প্রদান
স্বস্তিমচ্ছাদক, ত্রিধাতু নির্ম্মাণ ;—
ত্রিবরূথ যাহা,— হব্যধন জনে,
আমাকেও দাও ! দয়া বিতরণে ;
দূর কর বৈরায়ুধ দীপ্তিমান (১)। ৯

উৎপীড়ন করে ধৃষ্টতা বশত,
গোহরণ জন্য শক্রতায় রত,—
হে ইন্দ্র ! মঘবন্ তুষ্ট হয়ে স্তবে,
সে সকল শত্রু হতে আমা সবে
রক্ষিতে নিকটে হও সমাগত। ১০

সমৃদ্ধি বিধানে অথ এইরূপে
অনুকূল হও দয়া বিতরণে ;
দীপ্ত, পক্ষ যুক্ত শত্রু-শর যদা

(১) মূলে ত্রিধাতু ও ত্রিবিরূথ শব্দ আছে। সায়ণ ত্রিধাতু অর্থে ত্রিভূমিকাং করিয়াছেন এবং ত্রিবিরূথং অর্থে ত্রয়াণাম্ শীতাতপবর্ষাবরকং করিয়াছেন। কিন্তু রমেশ বাবু তাহাতে সন্তুষ্ট হন নাই। আমি এজন্য মূলের দুটি শব্দই রাখিয়া দিলাম।

উঁড়ে পড়ে তীক্ষ্ণ ভাবে, ইন্দ্র ! তদা
রক্ষা কর তাঁকে যিনি নেতা রণে। ১১

ত্যজি প্রিয়তম পৈতৃক আলয়,
শূরগণ নিজ দেহ যে সময়
ত্যজিবারে যায় সমর-অঙ্গনে ;
সস্তুত যোদিগে রক্ষিও তখনে ;
অজ্ঞাত কবচে, শত্রু করি ক্ষয়। ১২

কুটিল প্রদেশে যথা ধায় দ্রুত
আমিষ ভোজনে শ্যেন পক্ষী কত ;
সেইরূপ মহা সমর-সময়ে,
অসমান মার্গে তুরঙ্গ নিচয়ে
প্রেরণ করহ আমাদের যত। ১৩

সত্য বটে অশ্ব ভয়ে করে রব,
তবু ধায় যথা ধায় নদ সব ;—
আমিষার্থে যথা ধায় পক্ষিগণ
ধেনু লাভে তথা করি আবর্ত্তন
কক্ষে বদ্ধ অশ্ব ধায় দ্রুতজব (১) ॥১৪

(১) যুদ্ধসময়ে অশ্বের যেরূপ ব্যবহার হইত ১৩ ও ১৪ শ্লোকে তাহার বর্ণনা পাওয়া যাইতেছে।

৬১

সরস্বতী দেবতা। ভরদ্বাজ ঋষি।

যেই দেবী সরস্বতী করিলেন অবিরতি
দানকুণ্ঠ স্বার্থপর পণিকে (১) আহার।
পাইলেন ঋণচ্যুত দিবোদাসে বেগযুত
বধ্র্যশ্ব নামক দাতা কৃপায় তাঁহার।
সরস্বতি! এই দান মহৎ তোমার! ১

মৃণাল খনন করে সে যথা কর্দ্দম খোঁড়ে
খুড়িয়া ভাঙ্গেন এই দেবী সরস্বতী
প্রবল বেগ তর[illegible] কত শত গিরি শৃঙ্গে,
রক্ষার্থে আমরা তাঁর যজ্ঞে করি স্তুতি;
উভকুল বিনাশিনী দেবী সরস্বতী। ২

দেব নিন্দগণে হত করিয়াছ, সর্ব্বতত

---

(১) পণিঃ নামক অসুরেরা দেবলোক হইতে গাভী অপহরণ করিয়া অন্ধকারে রাখিয়াছিল। ইন্দ্র মরুৎগণের সাহায্যে তাহা উদ্ধার করিয়াছিলেন। গাভীগণের অনুসন্ধানে দেব কুক্কুরী সরমাকে পাঠান হইয়াছিল; সরমা অসুরগণের সহিত বন্ধুত্ব করিয়া সকল অবগত হইয়া আসিয়া বলিয়াছিল। সায়ণ। কিন্তু মোক্ষমূলর বলেন সরমা উষার একটী নাম গাভী সূর্য্যরশ্মি ও পণিঃ অন্ধকার। উষার সহায়তায় অন্ধকার-রুদ্ধ আলোকের পুনরুদ্ধারই দেবগণের গাভী হরণ ও উদ্ধার বৃত্তান্তের অন্তর্লীন প্রাকৃতিক ঘটনা। মোক্ষমূলর ইহাও বলেন যে, ট্রয় অবরোধও এই প্রাকৃতিক ঘটনার বর্ণনামাত্র। তাহার মতে সরমা Helena, পনিস Paris, বৃসয় Breses ইত্যাদি।

মায়াবী বৃসয়পুত্রে (১) হত্ সরস্বতি !

প্রদান করেছ তুমি মানব সকলে ভূমি

প্রদান করেছ আর বারি অন্নবতি ;

দয়া করি তাহাদিগে দেবী সরস্বতী।

করুন অন্নেতে তৃপ্ত দেবী অন্নবতী

স্তোতৃগণে সদয়ে অবিত্রী সরস্বতী। ৪

ইন্দ্র সম তব স্তব করে যেই জন ;

রক্ষ তারে ধন লোভে যুঝে সে যখন। ৫

হে অন্নশালিনি ! রণে করহ রক্ষণ ;

পুষাবৎ আমাদিগে দাও ভোগ্যধন। ৬

শত্রু সংহারিণী সেই ঘোরা সরস্বতী

শুনুন হিরণ্যরথা আমাদের স্তুতি। ৭

যাঁর জলবর্ষী বেগ অনন্তাহিংসিত ;

মহারবে ধায় দীপ্তপ্রভ অবারিত। ৮

(১) সায়ণের মতে বৃসয় ত্বষ্টার একটী নাম এবং তাঁহার দুই পুত্র বিশ্বরূপ ও বৃত্র। বিশ্বরূপ নামে ত্বষ্টার এক পুত্রের উল্লেখ ঋগ্বেদে স্থানে স্থানে আছে ; কিন্তু বৃত্র নামে ত্বষ্টার কোন পুত্রের উল্লেখ উহাতে পাওয়া যায় না। বৃসয় সম্বন্ধে ইউরোপীয় পণ্ডিতেরা যাহা বলিয়াছেন, বাবু রমেশ চন্দ্র দত্ত ও তাহাই সঙ্গত মনে করিয়াছেন।

আসুন সে দেবী যথা সূর্য্য আনে দিনে,
শত্রুগণ ধ্বংসিয়া আপন ভগ্নিগণে! ৯

সুসেবিতা প্রিয়া সপ্ত স্বসা (১) সরস্বতী;
তাঁহাকে সতত যেন করি মোরা স্তুতি। ১০

পূর্ণ এ বিশাল পৃথ্বী স্বর্গ তেজে যাঁর;
নিন্দকের হস্তে তিনি করুন উদ্ধার। ১১

পঞ্চশ্রেণী (২) হিতৈষিণী ত্রিলোকব্যাপিনী
যুদ্ধে যুদ্ধে হ'ন হব্যা সপ্তধাতু তিনি। ১২

মাহাত্ম্যে ও মহিমায় যিনি সুপ্রসিদ্ধা হায়
নদীগণ মধ্যে যিনি অতি বেগবতী;
যিনি হন রথ মত শ্রেষ্ঠগুণে অলঙ্কৃত
জ্ঞানি স্তোতৃ স্তুত্যা তিনি দেবী সরস্বতী! ১৩
আমাদিকে সরস্বতি নেও দেবি বন্ধু প্রতি;
করিওনা হীন; বেশী জলে উৎপীড়িত;
আমাদের সখ্য গৃহ সেবা করি হেথা রহ
অপকৃষ্ট স্থানে যেন না হই প্রেরিত। ১৪

---

(১) সপ্তনদী।

(২) "Five tribes" স্বরসতী তীরস্থ পঞ্চ শ্রেণীর মনুষ্য। ১ মণ্ডলের
। সূক্তের টীকা দেখ।

৭৫ সূক্ত।

১ বর্ম্ম। ২ ধনুঃ। ৩ জ্যা। ৪ আর্ত্নী। ৫ ইষুধি।
৬ সারথি ও রশ্মি। ৭ অশ্ব। ৮ রথ। ৯ রথগোপগণ
১০ স্তোতা, পিতা, সোম্য, দ্যাবাপৃথিবী ও পুষা।
১১, ১২, ১৫, ১৬ ইষু। ১৩ প্রতোদ। ১৪হস্তঘ্ন।
১৭ যুদ্ধভূমি, ব্রাহ্মণস্পতি এবং অদিতি। ১৮ কবচ,
সোম ও বরুণ। ১৯ দেবগণ ও ব্রহ্ম (১)
ভরদ্বাজের পুত্র পায়ু ঋষি।

যখন সমরে বর্ম্মী করেন গমন,
শোভেন তখন তিনি জীমূতের প্রায়।
বিজয় অবিদ্ধ দেহে করহ সাধন,
বর্ম্মের মহিমা শূর! রক্ষুন তোমায়। ১
আমরা ধনুর দ্বারা করিব গো জয়
যুদ্ধ জয় তীব্র শত্রু করিব হনন;
করুক ধনুতে অরি কামনা বিলয়;
ধনুতে সর্ব্বত্র জয় করিব সাধন। ২
এই জ্যা ধনুর, যুদ্ধে পার করিবারে,
কর্ণ কাছে আসে যেন প্রিয় সম্ভাষণে;

(১) "যুদ্ধ যাত্রাকালে রাজাকে বর্ম্মাদি পরিধান করাইবার সময়ে এই সূক্তোক্ত ঋক গুলি উচ্চারণ করাইতে হয়।"

আলিঙ্গিতা পত্নী যথা পতিকে আদরে
জ্যা তেমন সমাদরে বাণে আলিঙ্গনে। ৩
আৰ্ত্নিদ্বয় (১) মনস্বিনী রমণীর মত,
মাতা যথা পুত্রে তথা শত্রু আক্রমণে;
রক্ষুক, স্বকার্য্য সব হ'য়ে অবগত,
হানুক হিংসিয়া সব রাজামিত্রগণে। ৪
বহু বাণ-পিতা, এর পুত্র বহুতর
তূণীর সংগ্রামে আসি চিস্বা শব্দ করে ;
পৃষ্ঠেতে নিবদ্ধ থাকি প্রসবিয়া শর
শত্রুর সমস্ত সেনা বধয়ে সমরে। ৫
রথে চড়ি যথা ইচ্ছা তথা লয়ে যায়,
সুসারথি তুরঙ্গমগণে পুরঃস্থিত ;
রশ্মি সব তাহাদের পাছে পাছে ধায় ;
অতেব তাদের গাও মহিমা সঙ্গীত। ৬
বৃষপাণি (২) অশ্ব বেগে রথ সহ ধায়
তীব্র শব্দ করে, ধূলি উড়াইয়া চলে ;
পলায়ন নাহি জানে, হানে পদ ঘায়,
হিংসাপূর্ণ শত্রুগণে অমিত্র সকলে। ৭
রাজার কবচায়ুধ যাহাতে নিহিত,
সে রথের ধন তাঁকে করুক বৰ্দ্ধন,

(১) ধনু কোটিদ্বয়। (২) ধূলি বর্ষকখুর বিশিষ্ট।

আমরা সকলে সদা প্রফুল্লিত চিত,
করি সে সুখের রথ সমীপে গমন। ৮
শক্রর সুস্বাদু অন্ন মিত্রে করে দান
রথের রক্ষকগণ বিপদে আশ্রয় ;
গভীর, বিচিত্রসেন, বীর, শক্তিমান,
মহান, সবাণ, ধীর, অরাতি-বিজয়।৯
স্তোতৃগণ! পিতৃগণ! ঋত্য সোম্যগণ!
নিষ্পাপ দ্যাবাপৃথিবী! করহ মঙ্গল ;
দুরিত হইতে পুষা করুন রক্ষণ,
ঈশ যেন নাহি হয় পাপ শত্রু দল। ১০
সুপর্ণ বসন যার মৃগ যার দাঁত,
গো-সম্বদ্ধ (১) হ'য়ে যেবা প্রেরিত, পতিত ;
যেথা নেতাগণ চরে পৃথক্ একসাথ,
সেথা সুখদান কর, শরগণ যত। ১১
আমাদিকে বর্দ্ধন করহ ওহে বাণ ;
হ'ক আমাদের তনু পাষাণের মত।
করুন মোদের হয়ে সোম স্তব গান
শর্ম্ম দিন আমাদিকে অদিতি নিয়ত। ১২
অশ্বের শকৃথিতে করে হে কশে! আঘাত
প্রচেতা সারথিগণ তোমার দ্বারায় ;

(১) গাভীর স্নায়ু দ্বারা ধনুর জ্যা প্রস্তুত হইত। মৃগ শৃঙ্গ দ্বারা বাণের শিরোভাগ প্রস্তুত হইত।

জঘনেও হয় পুনঃ প্রতোদ সম্পাত ;
রণেতে প্রেরণ কর অশ্ব সমুদায়। ১৩

জ্যার ঘাত নিবারণ করি নিরন্তর,
অহিবৎ প্রকোষ্ঠকে করয়ে বেষ্টন
হস্তঘ্ন (১), সমস্ত জ্ঞাত, পুরুষত্বধর,
সর্ব্বতঃ পুরুষবীরে করে সংরক্ষণ। ১৪

আলাক্তা (২) অয়সমুখী ইষুদেবতায়,
যাহার শিরেতে হিংসা করে অনিবার,
পর্জ্জন্য দেবের রেত (৩) যাহাকে জন্মায়,
সে [illegible]ৎ দেবতায় করি নমস্কার। ১৫

হে ইষু ! ব্রহ্মসংশিতে ! সংহার কুশলে !
বিসৃষ্ট পতিত হয়ে শত্রুর সংহার
করহ, বধহ যত অমিত্র সকলে ;
কেহ যেন অবশিষ্ট নাহি থাকে আর। ১৬

বিশিখ কুমারবৎ যেখানেতে বাণ
পতিত, ব্রাহ্মণস্পতি অদিতি তথায়,

(১) ধনুর জ্যাঘাত হইতে প্রকোষ্ঠকে রক্ষা করার জন্য যে চর্ম্ম বন্ধন করা হইত তাহার নাম হস্তঘ্ন।

(২) আলাক্তা—বিষাক্তা। (৩) পর্জ্জন্য বা বর্ষাদেবের সহায়তায় যে শর গাছ জন্মে তাহা হইতে বাণ প্রস্তুত হয়

আমাদিগে সুখ তাঁরা করুন প্রদান ;
করুন তাঁহারা সুখদান সর্ব্বদায়। ১৭

বর্ম্মেতে তোমার মর্ম্ম করিব চ্ছাদন,
করুন অমৃতে সোমরাজা আচ্ছাদিত ;
করুন বরুণ শ্রেষ্ঠ সুখ বিতরণ,
হউন দেবতাগণ জয়ে প্রমোদিত। ১৮

আমাদের প্রতি যেবা নহে হৃষ্টচিত্ত,
দূর হতে আমাদিগে যেবা হিংসা করে ;
সকল দেবতা তারে করুন ব্যথিত ;
ব্রহ্মই আমার বর্ম্ম নিবারে যে শরে। ১৯

সপ্তম মণ্ডল।

৩৬ সূক্ত।

বিশ্ব দেবগণ দেবতা। বসিষ্ঠ ঋষি।

যজ্ঞালয় হ'তে স্তোত্র করুক গমন ;
সূর্য্যের রশ্মিতে হয় সলিল সৃজন ;
পৃথিবী বিস্তারি সানু আছেন ব্যাপিয়া ;
অগ্নি পৃথ্বী-অবয়বে আছেন জ্বলিয়া। ১

করিতেছি হে অসুর মিত্র ও বরুণ !
অন্ন তুল্য তোমাদের স্তবন নূতন ;

করেন বরুণ প্রভু স্থানের সৃজন ;
স্তূয়মান্ মিত্র হ'তে জাত ভূতগণ। ২

চারিদিকে বাতগতি কিবা শোভা পায় ;
বৃদ্ধি প্রাপ্ত ক্ষীরদায়ী ধেনু সমুদায় ;
মহান্ ও দ্যোতমান্ আদিত্য-আলয়ে,
শব্দ করে অন্তরীক্ষে পর্জ্জন্য নিচয়ে। ৩

তব প্রিয় হরিদ্বয়ে,—গতি কি সুন্দর !—
রথে যুক্ত করে স্তবে, ইন্দ্র শূরবর !
অর্য্যমা হিংসক কোপ করেন ধারণ ;
তাই সে সুকর্ম্মাদেবে করি আবর্ত্তন। ৪

যজ্ঞ পরায়ণ গণ অন্নযুক্ত হয়ে,
যাচেন সখ্যতা তাঁর বসি যজ্ঞালয়ে ;—
অন্ন দেন নেতৃগণে তুষ্ট হয়ে স্তবে,
শ্রেষ্ঠ নমস্কার মম সেই রুদ্রদেবে। ৫

কামদুঘা সুধারা নিম্নগা সব ধায়,
সিন্ধুমাতা, সরস্বতী সপ্তমী যাহায় ;
স্বস্বজলে প্লবমানা হয়ে অন্নবতী,
যুগপৎ আসুন তাঁরা কাম্যা দ্রুতগতি (১)। ৬

(১) ঋগ্বেদে অনেক স্থানে সপ্তনদীর উল্লেখ আছে। এই ঋকে সিন্ধু-নদীকে মাতা ও সরস্বতীকে সপ্তম স্থানীয়া বলা হইয়াছে। ইহাতে বোধ হয় সিন্ধু সরস্বতী এবং সিন্ধুর পঞ্চশাখা এই সাতটি নদীকেই সপ্তনদী বলা হইয়াছে।

করুন সবেগ হৃষ্ট মরুৎ সকল
আমাদের যজ্ঞ আর পুত্রের মঙ্গল;
চলন্তী বাগ্দেবী যেন অন্যত্র না যান;
করুন তাঁহারা উভে ধনের বিধান। ৭

অসীমা মহীকে হেথা কর আবাহন;
পুষায় যজ্ঞার্হ বীরে কর নিমন্ত্রণ;
এসব কর্ম্মের রক্ষয়িতা দেব ভগে,
দানশীল পুরন্ধি বাজকে (১) ডাক যজ্ঞে। ৮

মরুদ্গণ শুন সবে এসব স্তবন;
গর্ভপাল বিষ্ণুকেও সেই নিবেদন;
এ স্তোতা প্রজাকে কর অন্ন বিতরণ;
স্বস্তিদানে আমাদিকে করহ পালন। ৯

৮৩ সূক্ত।

ইন্দ্র ও বরুণ দেবতা। বসিষ্ঠ ঋষি।

হে ইন্দ্র বরুণ! নেতা তোমরা উভয়!
তোমাদের আত্মীয়তা করিয়া আশ্রয়,
গোলাভ আশায় পৃথু-পর্শু (২) যোদ্ধৃগণ,
পূর্ব্বদিকে সবে তাঁরা করিলা গমন;

(১) বাজং ঋভূনামন্তমং দেবং। সায়ণ। বাজ দেব ঋভুগণের অন্ততম।
(২) পর্শু—একপ্রকার কাস্তে।

হত কর বৃত্র দাসে আর আর্য্যগণে (১)।
এস হেথা সুদাস রাজার সংরক্ষণে। ১

যেখানে মানবগণ ধ্বজা উড়াইয়া
মিলিত সকলে হয় যুদ্ধের লাগিয়া;
যেখানেতে কিছুমাত্র নহে অনুকূল;
শূন্য দেখে দূতগণ হইয়া আকুল;
ভয়াবহ সে সংগ্রামে ইন্দ্র ও বরুণ!
আমাদের পক্ষ হয়ে দুকথা বলুন। ২

ভূমি-অন্ত ধ্বংস প্রাপ্ত হতেছে লক্ষিত;
হইতেছে কোলাহল দ্যুলোকে উত্থিত;
জনগণ-শত্রু সব মম সন্নিহিত;
হতেছে বরুণ ইন্দ্র, যুদ্ধ উপস্থিত;
হবন শ্রবণকারী তোমরা উভয়;
কাছে এস, রক্ষা কর, হইয়া সদয়। ৩

হে ইন্দ্র বরুণ! ভেদে পা'য়া নাহি যায়;
আয়ুধ প্রহারে তবু বধিলে তাহায়।
করিলে আপদ দূর সুদাস রাজার,
শুনিলে তোমরা উভে স্তুৎস্তু সবাকার

(১) সুদাস রাজার আর্য্য ও অনার্য্য উভয়বিধ শত্রু ছিল।

স্তব সব; যুদ্ধ কালে হইলে সদয়;
ইঁহাদের পৌরহিত্যে হ'ল ফলোদয়। ৪

হে ইন্দ্র বরুণ! আর্য্যায়ুধ চারিদিকে
করিতেছে জ্বালাতন আমা সবাদিগে;
তাহাদের মধ্যেতে অগ্রেতে আসে যারা
আমাদিগে জ্বালাতন করেই ত তারা।
স্বর্গীয় পার্থিব উভ ধনের ঈশ্বর!
তোমরা উভয়ে আমাদিগে রক্ষা কর। ৫

যখন উভয় পক্ষে বাঁধে ঘোর রণ,
তোমাদের উভয়কে করে আবাহন;—
বসু লোভে ইন্দ্র ও বরুণে স্তুতি করে,
রক্ষিলে সুদাসে যবে এ হেন সমরে;
তখন সুদাস দশরাজ-নির্ব্বাধিত;—
রক্ষিলে তাঁহাকে যত তৃৎসুর সহিত। ৬

যজ্ঞহীন দশ রাজা হইয়া মিলিত,
নারিলা সুদাসরাজে করিতে বিজিত;
বরঞ্চ সফল হ'ল নেতৃগণস্তব,
হব্যযুক্ত যজ্ঞে পীত হইল যে সব;

সেই সব স্তবে তুষ্ট হয়ে দেবগণ
করিয়াছিলেন আসি যজ্ঞ সুশোভন। ৭

যে দেশেতে তৃৎসুগণ শ্বেতাঞ্চল পরি,
অন্ন দ্বারা স্তোত্র দ্বারা পরিচর্য্যা করি,
জটাধারী যজ্ঞস্থলে শোভেন ধীমান্ ;—
সে দেশে সুদাসে বল করিয়া প্রদান,
তোমরা বরুণ ইন্দ্র দশরাজাক্রমে
রক্ষিলে তাঁহাকে কিবা ঘোর পরাক্রমে। ৮

হে ইন্দ্র বরুণ! একে নাশ শত্রুগণে ;
ব্রত সব রক্ষা কর অন্যতর জনে ;
তোমরা উভয়ে কর অভীষ্ট বর্ষণ ;
সুপ্রবৃত্ত স্তবে তাই করি আবাহন ;
এস হেথা, যজ্ঞশোভা করহ বর্দ্ধন ;
আমাদিগে কর দোঁহে সুখ বিতরণ। ৯

আমাদিগে ইন্দ্র মিত্র অর্য্যমা বরুণ
দ্যোতমান্ ধন সবে প্রদান করুন ;
প্রদান করুন গৃহ বিস্তীর্ণ মহান্ ;
ঋতহিতা অদিতির তেজ জ্যোতিষ্মান্
না করে মোদের যেন অনিষ্ট সাধন ;
সবিতৃ দেবের মোরা করিব স্তবন। ১০

৮৬ সূক্ত।

বরুণ দেবতা। বসিষ্ঠ ঋষি।

স্তব্ধ করিলেন যিনি বিস্তীর্ণ রোদসী (১) তিনি
বরুণ, তাঁহার জন্ম মহিমা-পূরিত।
বৃহৎ আকাশ তারা, প্রেরিত যাঁহার দ্বারা
যাঁহার কর্ত্তৃক ভূমি হয়েছে বিস্তৃত॥ ১

আপন শরীরে কবে, বন্দিব তাঁহারে স্তবে
থাকিব তাঁহার আমি নিকটে কখন?
হব্যে ক্রোধ রহিত, হইবে হব্য জুষিত
সুমনা হইয়া তাঁকে করিব দর্শন? ২

বরুণ দিদৃক্ষু হয়ে, সেই পাপ কথা লয়ে
হে তোমার নিকটে প্রশ্ন করি উপস্থিত।
জিজ্ঞাসিনু বিজ্ঞ লোকে, সকলেই এক বাক্যে
বলেছেন তব প্রতি বরুণ কুপিত। ৩

হেন গুরু পাপ আমি কি করেছি মিত্রে তুমি
স্তোতায় করিতে হত করেছ মনন।
দুর্দ্ধর্ষ ও তেজিয়ান করহ অভয় দান
তব-কাছে নতশিরে করি আগমন। ৪

পাপ পিতৃক্রমাগত, অথবা স্বতন্ত্রকৃত,
সকল হইতে মুক্ত করহ রাজন্!

(১) দ্যাবা পৃথিবী।

পশুতৃপ চৌর ন্যায়, দামবদ্ধ বৎস প্রায়
পাপ হ'তে বসিষ্ঠকে কর বিমোচন। ৫

নিজের নহে সে দোষ, কৃত তাহা, ত্যজ রোষ,
ভ্রম, সুরা, মন্যু, দ্যূত, অজ্ঞান বশতঃ,
কনিষ্ঠ ও জ্যেষ্ঠ দোষে পাপ করে পরবশে
অনৃত সঞ্জাত হয় স্বপ্নেতেও কত। ৬

হয়ে আমি পাপ শূন্য মীঢ়ুষ (১) ভর্ত্তার
করিব দাসের মত পরিচর্য্যা কত।
আমরা সবে অজ্ঞান, করিবেন জ্ঞান দান
ধনাদে প্রেরিত হবে স্তোতৃগণ যত। ৭

হে বরুণ অন্নবন্, তব হৃদে এ স্তবন
হউক নিহিত তব করুণা অপার ;
শিব হ'ক যোগ যত শিব ক্ষেম (২) সেই মত
পাল আমাদিগে স্বস্তি দ্বারা অনিবার। ৮

৮৭ সূক্ত।

বরুণ দেবতা। বসিষ্ঠ ঋষি।

বরুণ সূর্য্যকে পথ করেছেন সম্প্রদান ;
অন্তরীক্ষ-জলে নদ হয়েছে প্রবহমান্।

---

(১) "মীঢ়ুষে সেক্তে কামানাম্ বর্ষিত্রে" সায়ণ।
(২) "অপ্রাপ্তস্য প্রাপণং যোগঃ প্রাপ্তস্য রক্ষণং ক্ষেমঃ" সায়ণ।

বজ্রবাহু যথা অশ্ব তথা দ্রুত যেতে চাই,
অহ্ হ'তে মহী রাত্রি বিভিন্ন করিলা (১) তাই। ১

তব বাত আত্মা, জল যাহা হ'তে প্রণোদিত;
শষ্পে যথা পশু, ভর্ত্তা বাত তথা অন্নান্বিত।
মহতী বৃহতী আবা পৃথিবীর মধ্যস্থলে,
হে বরুণ! তব ধাম প্রিয়তম সবে বলে। ২

বরুণের চরগণ, গতি কি প্রশস্ত হায়!
সন্দর্শন করে তারা চারু পৃথিবী দ্যাবায়;
ঋতবান্, যজ্ঞবীর, প্রজ্ঞাবান্ কবিগণ.
করেন যে স্তুতিগান করে তাহাও শ্রবণ। ৩

পৃথিবী একুশ নাম ধারণ করেন যাহা,
বলেছেন মেধাবান্ আমাকে বরুণ তাহা;
যোগ্য অন্তেবাসী মোকে উপদেশ করি দান,
স্থানের গোপন কথা বলেছেন সে বিদ্বান্। ৪

ত্রিবিধ দ্যুলোক আছে বরুণ-মাঝে নিহিত
ত্রিভূলোক আছে তথা ষড় ঋতু নিরূপিত:
স্তুতি যোগ্য রাজা তিনি অন্তরীক্ষে হিরণ্ময়,
দোলা প্রায় গড়িলেন সূর্য্যদেবে শোভাময়। ৫

---

(১) বরুণ স্বীয় গমন দ্বারা রাত্রি সৃষ্টি করেন। সায়ণ।

স্তোবৎ বরুণ দীপ্ত, স্থাপিত করিলা সিন্ধু,
মৃগপ্রায় বলবান্ শ্বেত যথা জলবিন্দু ;
গভীর প্রশংসা যোগ্য বিনির্ম্মাতা উদকের,
পারক্রম বলযুক্ত রাজা সৎ পদার্থের। ৬

অপরাধ করিলেও যাঁহার দয়া অপার ;
যথাক্রমে ব্রত সব সমৃদ্ধ করিয়া তাঁর,
নিকটে তাঁহার যেন হই নিষ্পাপ আমরা ; (১)
রক্ষা কর স্বস্তি দ্বারা আমাদিগকে তোমরা। ৭

৮৮ সূক্ত।

বরুণ দেবতা। বসিষ্ঠ ঋষি।

বশিষ্ঠ! বরুণ দেবে স্বতঃ শুদ্ধ প্রিয়স্তবে
পূজহ, করেন তিনি অভীষ্ট বর্ষণ।
সহস্র ধন বিশিষ্ট তিনি যজনীয় শ্রেষ্ঠ
সূর্য্যকে সম্মুখভাগে করেন স্থাপন॥ ১

লভিয়া দর্শন তাঁর সমূহ অগ্নি জ্বালার
স্তবন করিব আমি সত্বর এখনি!

(১) "The consciousness of sin is a prominent feature of the religion of the Veda, so is likewise the belief that the gods are able to take away from man the heavy burden of sin." এই কথা বলিয়া মোক্ষমূলর এই ঋক প্রদর্শন করিয়াছেন।

যদা অশ্মে সুখময় সোম বহু পীত হয়,
রূপময় পাই আমি শরীর তখনি ॥ ২

বরুণ ও আমি যবে, আরোহি নৌকায় উভে
সমুদ্রের (১) মাঝখানে করিনু গমন।
জল'পরে সে নৌকায় যাইতে যাইতে হায়
সুখের দোলায় তদা করিনু ক্রীড়ন ॥ ৩

চলন্তী দিবারজনী বিস্তার করেন যিনি
সুদিনে বরুণ তিনি বসিষ্ঠ স্তোতাকে।
রাইয়া আরোহণ, নৌকা'পরে সুশোভন,
সুকর্ম্মা করিয়া রক্ষা করিলেন তাঁকে ॥ ৪

কোথায় সে সখ্য হায় হইল বল আমায়?
অত্যন্ত সে সখ্যভাব করিছি পোষণ।
হে বরুণ! অন্নবান্ তোমার গৃহ মহান্
সহস্রদ্বারী সে গৃহে করিব গমন ॥ ৫

নিত্যবন্ধু যে তোমার প্রিয় হয়ে পাপাচার
করিল তোমার প্রতি সখা সে তোমার।
মোরা তব আপ্তজন না করি পাপ বহন
দাও হে বক্ষিন্ তাই তোমার আগার ॥ ৬

(১) এই ঋক পাঠে উপলব্ধি হয় বসিষ্ঠআ তদ্বংশীয়গণ নৌকায় সমুদ্রে গমন করিয়াছিলেন।

বাস করি ধ্রুবভূমে রত আছি তব হোমে
বরুণ! করুণ মুক্ত পাপের বন্ধন।
আছি অদিতির পাশে রক্ষা পাইবার আশে,
তোমরা স্বস্তির দ্বারা করহ পালন॥ ৭

৮৯ সূক্ত।

বরুণ দেবতা। বসিষ্ঠ ঋষি।

হে বরুণ হে রাজন্ মৃণ্ময় ভবন
ভাগ্যে যেন নাহি ঘটে আমার কখন;
দাও তুমি হেন বর, হেন বর!
হে সুক্ষত্র (১) দয়া কর, দয়া কর। ১

হে আয়ুধবন্ আমি কম্পিত শরীরে,
মেঘ যথা প্রকম্পিত প্রবল সমীরে,
হইতেছি অগ্রসর, অগ্রসর;
হে সুক্ষত্র দয়া কর, দয়া কর। ২

হে শুচে হে ধনবন্ অশান্তি জনিত,
কর্ম্মের সে বিড়ম্বনা হয়েছে ঘটিত;
নির্ভর তব উপর, তব'পর;
হে সুক্ষত্র দয়া কর, দয়া কর। ৩

---

(১) সুক্ষত্র—অতিশয় বলবান্। ক্ষত্র বা ক্ষত্রিয় নামে যে একটি জাতির উল্লেখ পরবর্ত্তী সাহিত্যে পাওয়া যায় বেদের এই সকল সূক্ত রচনার সময়ে সে জাতি বিভাগ হয় নাই।

সলিল ভিতরে দেব করিয়া নিবাস
মিটিল না সেবকের জলের পিয়াস ;
পিপাসায় সে কাতর, সে কাতর ;
হে সুক্ষত্র দয়া কর, দয়া কর। ৪

আমরা মানুষ, দেবে যদি কিছু দ্রোহ
করে থাকি, ক্ষমা কর আমাদের মোহ ;
অজ্ঞান বশত কৃত হয়েছে সে পাপ,
সে পাপ জন্যেতে আর দিওনাক তাপ।

৯৫ সূক্ত।

সরস্বতী দেবতা। বসিষ্ঠ ঋষি

আয়সী পুরীর মত ধারক পয় সমেত
প্রসৃতা এই যে সরস্বতী ;
অন্য সিন্ধু, অন্য পয় মহিমায় পরাজয়,
করি রথ্যা মত তাঁর গতি। ১

একা শুচি সরস্বতী আসমুদ্র যাঁর গতি
গিরি হতে জানি সমুদায় ;
নিখিল ভুবনে যত ছিল ধন দিয়ে তত
নাহুষে দুহিলা ঘৃতপয়। ২

নর হিতে সরস্বান্ (১) শিশু বৃষ ইষ্টবান্
যাজ্ঞ্য যোষা মাঝেতে পালিত।
মঘবানে দেন পুত্র সবল তার লাভার্থ
করেন শরীর সমস্কৃত। ৩

এই যজ্ঞে সরস্বতি সুভাগা শুনুন স্তুতি,
প্রীতা হয়ে আমাদের প্রতি।
নত জানু দেবগণ তাঁহাকে করে অর্চ্চন
ধনবতী তিনি দয়াবতী। ৪

ধন পাব [illegible] এই নমঃ সহ হব্য [illegible]ই
সরস্বতী সেব স্তোম দেবি!
বাস করি তবগৃহে যথাশ্রয়ি মহীরুহে
রব তব কাছে তোমা সেবি। ৫

এ বসিষ্ঠ সরস্বতি! মুক্ত করে, ভাগ্যবতি!
তোমার জন্যেতে যজ্ঞদ্বার;
শুভ্রবর্ণে বৃদ্ধি পাও স্তোতাকে ওদন দাও
কর আমা সবাকার। ৬

(১) সায়ণ বলেন সরস্বান মধ্যস্থান বায়ু এবং মধ্যবর্ত্তী জল সমূহ তাঁহার যোষিৎ।

৮ম মণ্ডল।

৩০ সূক্ত।

বিশ্বদেবগণ দেবতা। বৈবস্বত মনু ঋষি।

দেবগণ তোমাদের কেহ শিশু নাই।
কেহই কুমার নহে, মহান্ সবাই। ১

শত্রুহন্তা মনুর যজ্ঞার্হ দেবগণ!
তোমরা তেত্রিশ হেন স্তুত সর্ব্বক্ষণ (১)। ২

ত্রাণ কর, রক্ষা কর, বল মিষ্ট কথা,
পিতৃমনুপথভ্রষ্ট কর না সর্ব্বথা; (২)
দূরবর্ত্তি পথ ভ্রষ্ট নাহি হই তথা। ৩

ওহে দেবগণ! যজ্ঞভব বৈশ্বানর!
সবে আছ হেথা, হেথা অবস্থান কর;
গো, অশ্ব, প্রথিত সুখ মোদিগে বিতর। ৪

---

(১) এস্থলে ৩৩ জন দেবতার উল্লেখ দেখা যাইতেছে। প্রাচীনেরা ঐশ কার্য্য লক্ষ্য করিয়া ঐশ শক্তির ৩৩টি বিভিন্ন নাম দিয়া ছিলেন। পৌরাণিক ৩৩ কোটি দেবের কল্পনা এই বৈদিক ৩৩ ঐশ শক্তির কল্পনা হইতে উৎপন্ন হইয়াছে।

(২) স্বয়ং বৈবস্বত মনু এই সূক্তের বক্তা হইলে একথা কিরূপে বলিবেন ? এই মণ্ডলের ১৯ ও ২৩ সূক্তে ও মনুর উল্লেখ পাওয়া যায়। তথায় মনুকে অগ্নি পূজার অনুষ্ঠানকর্ত্তা বলিয়াই অনুভব হয়। ৫২ সূক্তের ১ম ঋকে "মনৌ বিবস্বতি" এরূপ প্রয়োগ দেখা যায়। তাহাতে মনুকেই বিবস্বান্ বলা হইয়াছে বিবস্বানের পুত্র বৈবস্বত বলা হয় নাই।

৫৮ সূক্ত।

বিশ্বদেবগণ দেবতা। কাণ্বমেধ্য ঋষি।

বহুবিধরূপে যাঁরে কল্পনা করিয়া
সহৃদয় ঋত্বিক করেন যজ্ঞ যাঁর ;
অনূচান হইলেও ব্রাহ্মণ (১) হইয়া
যুক্ত যেবা, যজমান কি জানে তাঁহার ? ১

এক অগ্নি বহুভাবে সমিদ্ধ নিশ্চয় ;
এক সূর্য্য সমুদায় জগতে প্রভূত ;
একা উষা প্রকাশেন এই সমুদয় ;—
এক হতে এই সব হয়েছে প্রসূত (২)। ২

জ্যোতিষ্মান্, ত্রিচক্র, সুখদ, রথাকার,
কেতুমান্, ভূরিবার, সুষদ অনলে,
প্রাপ্ত বহুবিধ ধন মিলনে যাঁহার,
পানার্থে আহ্বানি তাঁকে আমরা সকলে। ৩

(১) স্তুতিকারী।
(২) ঐশ শক্তির একতা প্রাচীন হিন্দুগণের অবিদিত ছিল না।

৯৬ সূক্ত।

১—১৩ ইন্দ্র। ১৬—২১ ইন্দ্র। ১৪ মরুদ্‌গণ।
১৫ ইন্দ্র বৃহস্পতি। মরুদ্‌গণের পুত্র দ্যুতান ঋষি,
অথবা তিরশ্চী ঋষি।

উষা সব ইন্দ্র ভয়ে স্বস্বগতি বৃদ্ধি করে
রাত্রি সব প্রতি যাম হয় মিষ্টভাষী ;
ম ত্বৎ সপ্ত সিন্ধু (১) তরাইতে সব নরে
পার যোগ্যা সেই ব্যাপ্ত জলরাশি। ১

ত্রিসপ্ত পর্ব্বত সানু অ ণ অস্ত্রে যাঁর
অতিবিদ্ধ হয়েছিল তাঁহার সমান,
কিবা দেব কিবা মর্ত্ত্য কেহ নাহি দেখি আর,
বৃষভ প্রবৃদ্ধ ইন্দ্র ভূরিকর্ম্মবান্। ২

আয়স ইন্দ্রের বজ্র হস্তেতে আছে নিবদ্ধ
যুগল বাহুতে তাঁর ওজস প্রভূত ;
সমর গমন কালে শিরস্ত্রাণ শিরে বদ্ধ ;
শুনিতে আদেশ সবে আগত প্রস্তুত ! ৩

যজ্ঞীয়গণের মধ্যে তুমি হে ইন্দ্র যজ্ঞীয়,
অচ্যুতগণের মধ্যে তুমিই চ্যবন ;

(১) ১০ম মণ্ডলের ৭৫ সূক্তের টীকা দেখ।

সৈন্যগণ মধ্যে তুমি কেতুর স্থানীয়,
মানবে তুমিই কর অভীষ্ট বর্ষণ। ৪

শত্রু গর্ব্ব খর্ব্বকারী তব বাহু যুগলেতে
ধর যদা অহিবধে হে ইন্দ্র অশনি;
মেঘে যদা করে শব্দ বিশ্রুত শব্দ জলেতে
স্তোতৃগণ চারিদিকে করে স্তবধ্বনি। ৫

এই সব সৃষ্টি যাঁর, যাঁর পরে জাত সব,
স্তুতি দ্বারা মিত্র হব সে মিত্র ইন্দ্রের;
নমস্কারে তুমি তাঁরে ইষ্ট ফল দিইবারে
করি [illegible]হারে অভিমুখী আমাদের। ৬

যে সকল দেবতারা ছিল ইন্দ্র সখা তব
বৃত্রের নিশ্বাসে ভীত পলাইল সবে।
মরুদ্‌গণ সখা হ'ল, দলি শত্রুসৈন্য সব
তাঁহাদের সাহায্যেতে জয়িলে আহবে। ৭

ত্রিষষ্টি মরুদ্‌গণ (১) গাভীবৎ একত্রিত
উৎসাহি তোমারে তাঁরা হলেন যজ্ঞীয়;
ভাগধেয় কর দান, তব কাছে উপনীত,
আমরা করিব যজ্ঞে শুদ্ধ প্রাপণীয়; ৮

---

(১) ৬৩ মরুতের উল্লেখ দেখা যায়। অন্যান্য স্থলে ৭ মরুতের উল্লেখ আছে।

কে তোমার তিগ্মায়ুধ বজ্র ও মরুত সৈন্য
প্রতিরোধ করিবারে আছে শক্তিমান্ ?
ঋজীষিণ! বলবান্ অদেব আয়ুধশূন্য
শত্রুগণে চক্র দ্বারা কর তিরোধান। ৯

পশুলাভ করিবারে সে প্রবৃদ্ধ উগ্র ইন্দ্রে
শিবতম দেবে সবে করহ স্তবন ;
বহুতর স্তুতিবাক্যে স্তুতিভাক্ সে মহেন্দ্রে
পূজহ, দিবেন তিনি পুত্র বহু ধন। ১০

উক্থ বাহী সে ইন্দ্রার্থে [illegible] পারকারী তরী,
চারু স্তববাক্ সব কর উচ্চারণ ;
সুবিস্তৃত প্রীতিপ্রদ ইন্দ্রদেব দয়া করি
দিবেন পুত্রার্থে সবে বহুতর ধন। ১১

তুষিত করিতে যাহা চান ইন্দ্র দেও তাহা,
নমস্কারে স্তববাক্যে কর আরাধন।
অলঙ্কৃত হও, তাঁরে শুনাও শুনিতে যাহা
চান তিনি, কাঁদিওনা পাবে বহুধন। ১২

দশ সহস্রক সৈন্যে অংশুমতী নদীতীরে
ছিলেন সে দ্রুতগামী কৃষ্ণ অবস্থিত।

প্রজ্ঞায় পাইলা ইন্দ্র শব্দকারী সেই বীরে
নরহিতে সৈন্য তাঁর করিলা ধ্বংসিত। ১৩

অংশুমতী গূঢ় স্থানে দেখিলাম বিচরিতে
বিস্তৃত প্রদেশে সেই কৃষ্ণে (১) দ্রুতগামী,
অবস্থিত নভ সম রণে তাঁরে সংহারিতে
তোমাদিগে মরুদ্‌গণ ইচ্ছা করি আমি। ১৪

অংশুমতী নদী তীরে তনুতেজে দীপ্যমান
ছিলেন সে দ্রুতগামী কৃষ্ণ সৈন্য সহ ;
বৃহস্পতি সহায়তা লভিয়া ইন্দ্র মহান্
নাশি[illegible]সে দেবশূন্য সৈন্যের সমূহ। ১৫

হে ইন্দ্র তুমিই তাহা করিয়াছ সম্পাদিত
জাত মাত্র হইয়াছ সপ্তশত্রু-অরি ;
সবিভূ ভুবন সব করিয়াছ উল্লাসিত,
তমোবৃত পৃথ্ব্যাকাশ সপ্রকাশ করি। ১৬

হে ব্রজী ! তুমিই তাহা করিয়াছ সম্পাদিত
করিয়াছ বজ্রে হত সে অতুল্য বল ;

(১) ১ম মণ্ডলের ১০১ সূক্তের ১ম ঋকে ইন্দ্র কৃষ্ণের গর্ব্ভবতী ভার্য্যা-দিগকে হত করিয়াছিলেন, এমন কথারও উল্লেখ আছে। যথা—"প্রমং দিনে পিতু মর্চতা বচো যঃ কৃষ্ণগর্ভা নিরহন্ন্‌ৃজিশ্বনা। অবস্যবো বৃষণং বজ্রদক্ষিণং মরুত্বং তং সখ্যায় হবামহে ॥"

অস্ত্রে নিম্নমুখ শুষ্ণে করিয়াছ সংহারিত,
কার্য্যগুণে লভিয়াছ গোধন সকল। ১৭

হে ইন্দ্র তুমিই তাহা করিয়াছ সম্পাদিত
নরশত্রু বধি তুমি হয়েছ পূজিত।
অবরুদ্ধ সিন্ধুগণে করিয়াছ প্রবাহিত
দাসধৃত জল রাশি করেছ বিজিত। ১৮

সোমপানে আনন্দিত ইন্দ্রদেব প্রজ্ঞাবান্
কে পারে সহিতে তাঁর ক্রোধ যজ্ঞকালে ?
তিনি দিবসের ন্যায় অতিশয় ধনবান্
বৃত্রহা মনুজকর্ত্তা দলি শত্রুদলে। ১৯

সেইত বৃত্রহা ইন্দ্র মানবের উপকারী
স্তব সহ হব্য তাঁরে করিব অর্পণ :
রক্ষয়িতা, মঘবান্, অন্ন যশ দানকারী
সাদরে মোদের সাথে বলেন বচন। ২০

মহান্ বৃত্রহা ইন্দ্র হবনীয় জাত মাত্র,
করেছেন বহুকার্য্য নরহিতকর।
পীত সোম মত্ত তিনি, আছে যে সকল মিত্র,
তাঁহাদের কাছে সর্ব্বাপেক্ষা হব্যতর। ২১

নবম মণ্ডল।

১১০ সূক্ত।

পবমান সোম দেবতা। ত্র্যরুণ ও ত্রসদস্যু নামক
দুই ঋষি।

আমাদিগকে অন্নদিতে শত্রুমুখে যাও,
অচল অটল সোম।
ঋণেমুক্ত হই যেন, শত্রুবধে ধাও,
সার্থক করিয়া হোম। ১

লোকাকীর্ণ রাজ্যে সোম! হইয়াছে সুত ;
করিতেছি তব স্তব।
বিবিধ অন্নের জন্য, হে সোম! ক্ষরিত ;
হয় তব অভিষব। ২

জলের আশ্রয়স্থান আকাশে ভাস্করে
তুমি করেছ সৃজন।
মহৎ জ্ঞানের বলে গোধন নিকরে
তুমি কর আহরণ। ৩

হে অমৃত! তুমি চারু অমৃত আধার
সূর্য্যকে মর্ত্ত্যের হিতে
সৃজিলে আকাশে, তুমি যাও অনিবার
রণে, জনে অন্নদিতে। ৪

অক্ষয় জলের উৎস যে করে খনন,
অঞ্জলিতে ভরে জল ;
পবিত্র করিয়া ভেদ তাদের মতন,
দাও সোম ! অন্ন বল। ৫

যখন সবিতাদেব হরিলেন তম,
দিব্য বসুরুচ্ সব
দেখিতে দেখিতে তদা পরাত্নীয় সোম,
করিলেন তাঁর স্তব। ৬

তাঁহারাই সর্ব্ব অগ্রে কুশের ছেদনে,
অন্নবল লাভাশায়,
ধ্যান করিলেন তোমা ; জয়লাভে রণে
পাঠাও আমা সবায়। ৭

পূর্ব্ব হ'তে সোম রস পেয় দেবতার,
জাত স্বর্গ গুহ্যস্থানে ;
ইন্দ্রার্থে প্রস্তুত হ'লে প্রশংসা তাঁহার
সমস্বরে স্তুতগণে। ৮

দ্যুলোক ভূলোকে এই যত প্রাণিগণ—
সর্ব্বত্র প্রভুত্ব তব ;—

(১) স্বর্গধামের নিগূঢ়স্থান হইতে সোমরস দোহন করা হইয়াছে এই বৈদিক বর্ণনা হইতে পৌরাণিক অমৃতের উপাখ্যান উৎপন্ন হইয়াছে।

বৃষের যূথের' পরে প্রভুত্ব যেমন,
তেমন তোমার পব! ৯

বহিয়া সহস্রধারে বেগে অতিশয়,
শিশুর ক্রীড়ন মত,
মেষলোমে খেলে সোম শোধন সময়;—
এভাবে সোম ক্ষরিত। ১০

পূত মধুতুল্য সোম সুরস উজ্জ্বল
তরঙ্গে তরঙ্গে ইন্দ্র প্রতি;
অন্ন, কাম্য, আয়ু দান করিয়া কেবল
ক্ষরিত সে সোম যজ্ঞ-পতি। ১১

বিপক্ষে উৎসন্ন কর, দূরীভূত কর
দুর্দ্ধর্ষ রাক্ষস গণে;
আয়ুধ ধারণ করি শত্রু প্রাণ হর;—
থাক সোম এ হেন ক্ষরণে। ১২

১১৩ সূক্ত।

পবমান সোম দেবতা। কশ্যপ ঋষি।

করুন বৃত্রহা ইন্দ্র সোমরস পান;
শর্য্যনাবৎ (১) নাম সরে যে রসের স্থান।

(১) শর্য্যনাবৎ নামক সরোবর কুরুক্ষেত্রের নিম্নভাগে। সায়ণ।

তাহা হ'তে বলবীর্য্য হবে সমুদ্ভূত ;—
ইন্দ্রের নিমিত্ত ইন্দো ! হও পরিস্রুত। ১

হে দিগীশ ! হও তুমি হেথায় প্লবিত ;
আর্জীক (১) হইতে আসি হে ক্ষরিত ;
পূত সত্য বাক্যে, শ্রদ্ধা পুণ্য সহ, সূত ;—
ইন্দ্রের জন্যেতে ইন্দো ! হও পরিস্রুত। ২

করিলেন সূর্য্যকন্যা (২) সোম আহরণ ;
গন্ধর্ব্বেরা করিলেন সাদরে গ্রহণ ;
মেঘপুষ্ট সোমে রস হ'ল অনু[illegible]—
ইন্দ্রের নিমিত্ত ইন্দো ! হও পরিস্রুত। ৩

ঋতদ্যুম্ন, সত্যকর্ম্মা সোম পবমান.
ঋত, সত্য, শ্রদ্ধা দেব করিয়া বাখান,
সূক্ষ্মরসরূপ সোম ধাতৃপরিষ্কৃত ;—
ইন্দ্রের জন্যেতে ইন্দো! হও পরিস্রুত। ৪

(১) আর্জীকিয়া নদী আধুনিক বেয়া। আর্জীক প্রদেশ—উক্ত নদীর তীরস্থ দেশ।

(২) সবিতার কন্যা। সূর্য্যার সহিত সোমের বিবাহোপখ্যান ঋকবেদের স্থানে স্থানে পাওয়া যায়। সূর্য্যকিরণে সোমরস মাদকতা প্রাপ্ত হয়, এই জন্যই সূর্য্যাকে সোমপত্নী মনে করা হইয়াছে এরূপ অনেকের ধারণা। গন্ধর্ব্ব শব্দের আদি অর্থ সূর্য্য।

তুমিই মহৎ, তব বলও প্রকৃত,
তব ধারা প্রবাহিত, রস সঞ্চারিত,
হে হরিতবর্ণধারী! হয়ে মন্ত্রপূত;
ইন্দ্রের জন্যেতে ইন্দো হও পরিস্রুত। ৫

ছন্দোময় বাক্যে যথা ব্রহ্মা পুরোহিত
প্রস্তর ঘর্ষণে সোমে করেন ক্ষরিত,
হর্ষ বৃদ্ধি করি তাহে হন সম্পূজিত;
ইন্দ্রের নিমিত্ত ইন্দো হও পরিস্রুত। ৬

যেখানে অজস্র জ্যোতি স্বর্গলোক স্থিত,
সেখানে আমারে তুমি হে সোম ক্ষরিত!—
লয়ে চল সেই ধামে অমৃত, অক্ষিত;
ইন্দ্রের জন্যেতে ইন্দো হও পরিস্রুত (১)। ৭

যথা বৈবস্বত রাজা, যথা স্বর্গদ্বার,
যথা আছে বৃহতী নদীর সমাহার;

(১) এই শ্লোক হইতে ক্রমাগত ৫টি শ্লোকে স্বর্গধামের বর্ণনা দেখা যায়।

সেথানে আমাকে নিয়ে করহ অমৃত ;
ইন্দ্রের জন্যেতে ইন্দো হও পরিস্রুত। ৮

ত্রিলোক ত্রিদিব্যলোক বিরাজে যেথানে,
যথাকাম ভ্রমণ যে আলোপূর্ণ স্থানে,
সেথানে আমাকে নিয়ে করহ অমৃত ;
ইন্দ্রের জন্যেতে ইন্দো হও পরিস্রুত। ৯

যথা হয় কাম পূর্ণ, যথা প্রধ্নালয়,
যেথানেতে স্বধা, যথা তৃপ্তিলাভ হয় ;
সেথানে আমাকে নিয়ে করহ অমৃত ;
ইন্দ্রের নিমিত্ত ইন্দো হও পরিস্রুত। ১০

আমোদ, প্রমোদ আর আনন্দ কেবল ;
কামিব্যক্তি পায় যত্র আপ্ত কাম্যফল ;
তথায় আমাকে নিয়ে করহ অমৃত ;
ইন্দ্রের জন্যেতে ইন্দো হও পরিস্রুত। ১১

দশম মণ্ডল।

১৪ সূক্ত। (১)

১—৫, ১৩—১৬ যম। ৬ নিঙ্গোক্তদেবতা। ৭—৯ নিঙ্গোক্ত দেবতাগণ বা পিতৃগণ। ১০—১২ শ্বাদ্বয়।

যম ঋষি।

যিনি মন সাধুগণে লয়ে যান সুখধামে
অনেকে[illegible]পথ সাফ্ কৃপায় যাঁহার;
যাঁহার নিকটে সবে অবশ্য যাইতে হবে
তিনি বৈবস্বত যম—হোম কর তাঁর। ১

কোথায় যাইতে হবে . তিনিই দেখান আগে,
সে পথের নাহি হয় কখন অন্যথা;
আমাদের পিতৃগণ করিলা যত্র গমন
কর্ম্ম অনুসারে লোক যাইবেক তথা। ২

(১) এইটি একটি বিশেষ জ্ঞাতব্য সূক্ত। এই সূক্তে ধার্ম্মিক লোকদিগের পরকালে সুখলাভের বিবরণ আছে। স্বর্গের সুখবিধান কর্ত্তাকে যম নাম দিয়া স্তব করা হইত। সুতরাং পৌরাণিক যমের ন্যায় বৈদিক যম শাস্তিদাতা নহেন; তিনি মাত্র সুখ বিধাতা।

মাতলী কব্যসকলে, অঙ্গিরনিকরে যম,
দেব বৃহস্পতি ঋক্কগণে সমবৰ্দ্ধিত ;
যাঁহাদিগকে দেবগণে, যাঁহারা বা দেবগণে
সম্বৰ্দ্ধনা করে, হয় সকলে বৰ্দ্ধিত :
কেহ বা স্বাহায় কেহ স্বধায় হ্লাদিত। ৩

এই যজ্ঞে এসে যম ! বস তুমি যজ্ঞবিৎ
অঙ্গিরা নামক পিতৃলোকের সহিত।
কবিদের মন্ত্রসব তোমাকে করুক স্তব
হোমপানে হে রাজন্ হও আমোদিত। ৪

সে অঙ্গিরা পিতৃগণ যজ্ঞে বিরূপানন
তাঁহাদের সহ বসে আমোদ করহ।
তব পিতা বিবস্বতে করিতেছি আবাহন
এই যজ্ঞে এসে সবে কুশেতে বসহ। ৫

অঙ্গিরা, অথর্ব্বা, ভৃগু আমাদের পিতৃগণ
এই যজ্ঞে সবে উপস্থিত সোমপানে।
যজ্ঞীয় সে পিতৃগণ করিয়া শুভ মনন
প্রসন্ন হইয়া যেন রাখেন কল্যাণে। ৬

যাও যাও সেই পথে পূর্ব্ব পিতৃগণ যাতে
বিগত, সে পথে তুমি করহ গমন।

স্বধায় হ্লাদিত হয়ে আছেন রাজা উভয়ে
যম ও বরুণে গিয়া করহ দর্শন (১)। ৭

পিতৃগণ সহকারে যমে কর্ম্মে মিলিবারে
যাও স্বর্গে যাও সেই ধামে চমৎকার।
অবদ্য (২) ত্যাগ করিয়া পুনরস্ত (৩) প্রবেশিয়া
উজ্জ্বল তনু ধরিয়া যাও পরপার। ৮

দূরে যাও, যাও সর, এই লোক মনোহর
পিতৃলোক ইহাঁকেই করেছেন দান।
দিবা দ্বারা, জল দ্বারা, শোভিত আলোক দ্বারা,
প্রদান [illegible] যম মৃতকে সে স্থান। ৯

চতুরক্ষ সারমেয়, শবল কুক্কুরদ্বয়
সাধুপথে তাঁহাদিগে অতিক্রমি ধাও।
মৃত ! বিজ্ঞ পিতৃগণে যেখানে যমের সনে
আমোদে নিয়ত রত, সেইখানে যাও॥ ১০

প্রহরী স্বরূপ তব যাহারা নেহারে সব
চতুরক্ষি পথরক্ষী যে যুগ্ম কুক্কুর।
তাহাদের কোপ হ'তে যম ! রক্ষ এই মৃতে,
রাজন্ কল্যাণ কর, রোগ কর দূর। ১১

(১) মৃত ব্যক্তিকে সম্বোধন করিয়া এই মন্ত্র এবং পরবর্ত্তী মন্ত্র।
(২) অবদ্য—পাপ। (৩) অস্ত—অস্ত নামক গৃহ।

সেই দুই যমদূত বৃহন্নাসা অত্যদ্ভুত,
অতৃপ্ত সবার করে পশ্চাদে ধাবন;
আমাদিকে অদ্য তারা দেয় যেন বল বাড়া
করে যেন ভদ্র, পাই সূর্য্যের দর্শন। ১২

যমের জন্যেতে সোম কর অভিষব;
হোম কর তাঁর জন্যে হোম দ্রব্যসব।
এই সুসজ্জিত যজ্ঞ অগ্নি দূত যার,
যম অভিমুখে তাহা করে অভিসার। ১৩

সেবা কর যমরাজে, হোম কর তাঁর;
ঘৃতযুক্ত দ্রব্য তাঁকে দেও উপহার,
দেবগণ মাঝে তিনি দিয়ে দীর্ঘ আয়ু,
আমাদিগে যেন যম করেন চিরায়ু। ১৪

যমরাজে সুমধুর হব্য কর হোম;
যে সকল ঋষি পূর্ব্বে লভিলা জনম,
যাঁহারা করিলা ধর্ম্মপথ আবিষ্কার,
তাঁদিগেও আমাদের এই নমস্কার। ১৫

ত্রিকদ্রুক নামে যজ্ঞ পান যমরাজ,
ষড়েক বৃহৎ স্থানে তাঁহার বিরাজ;
ত্রিষ্টুপ্ গায়ত্রী আদি ছন্দ আছে যাহা,
যমপ্রতি প্রযুক্ত হইতে পারে তাহা। ১৬

১৫ সূক্ত। (১)

পিতৃলোক দেবতা। শঙ্খ ঋষি।

উত্তম মধ্যমাধম যত পিতৃগণ
সদয় হইয়া সোম করুন গ্রহণ,
হিংসাহীন ঋতজ্ঞ রক্ষেন প্রাণ যাঁরা,
আমাদিগে যজ্ঞকালে রক্ষুন তাঁহারা। ১

পূর্ব্বে যাঁরা গত, কিম্বা বিগত পরেতে,
অথবা আছেন যাঁরা পার্থিব লোকেতে,
প্রাপ্ত যাঁরা সুভগ লোকের অধিকার,
সেই পিতৃগণে অদ্য এই নমস্কার। ২

পাইয়াছি আমি পিতৃগণে পরিচিত ;
যজ্ঞ সম্পাদনোপায় হয়েছি বিদিত ;
কুশে বসি হব্য সোম পিয়েন যাঁহারা
যজ্ঞে এসেছেন সেই পিতৃগণ তাঁরা। ৩

পিতৃগণ কুশস্থ ! আশ্রয় কর দান,
প্রস্তুত করেছি হব্য কর তাহা পান ;
রক্ষাকর এসে, কর মঙ্গল বিধান,
আমাদের পাপশূন্য করহ কল্যাণ। ৪

---

(১) এই সূক্তটিও বিশেষ জ্ঞাতব্য। এই সূক্তে জানা যায় পুণ্যাত্মা পিতৃগণ দেবগণের ন্যায় স্বর্গে বাস করেন, তাঁহাদের সহিত যজ্ঞে আগমন করেন এবং মনুষ্যের হিতসাধন করেন।

প্রিয় নিধি যুক্ত এই কুশের উপরি,
সোমপানে পিতৃগণে আবাহন করি;
আসুন তাঁহারা মন্ত্র করুন শ্রবণ,
আমাদিগে হৃষ্টচিত্তে করুন রক্ষণ। ৫

দক্ষিণে ভূমিতে জানু করিয়া নিহিত,
পিতৃগণ! এই যজ্ঞ কর প্রশংসিত;
পুরুষতা বশতঃ যগুপি কোন দোষ
করে থাকি, তন্নিমিত্ত করিও না রোষ। ৬

অগ্নির লোহিত শিখা-নিকটে বসিয়া,
অনুগ্রহ করহ দাতাকে ধন দি[illegible]
পুত্রগণে তাঁহার করহ ধন দান,
যজ্ঞে তাঁহাদিগে কর উৎসাহ প্রদান।

সোমপায়ী বসিষ্ঠাদি পূর্ব্ব পিতৃগণ
করেন হোমের দ্রব্য সবে আকিঞ্চন;
তাঁহাদের সহ সুখে সুখী হয়ে যম
যথাকাম গ্রহণ করুন আসি হোম। ৮

যে সকল পিতৃগণ হোম জানিতেন,
যাঁহারা রচিয়া ঋক্ স্তব করিতেন;
দেবতা বিশেষ অগ্নে! তাঁহারা এখন,
তাঁহাদের জন্য এই আহুতি স্থাপন। ৯

সত্যশীল, দেবগণ সহ সোমপায়ী,
ইন্দ্র সহ এক রথে যাঁহারা আরোহী,
সে যাজ্ঞিক, দেববন্দী, প্রাচীন নূতন
পিতৃগণ সহ অগ্নে! কর আগমন। ১০

সুগতি সম্প্রাপ্ত অগ্নিস্বত্ত পিতৃগণ!
এস, কর একে একে আসন গ্রহণ;
হোম দ্রব্য বিস্তৃত করেছি কুশোপরি
খাও, দেও পুত্র, পৌত্র, ধন দয়া করি। ১১

জাতবেদা অগ্নি! তব করেতেছি স্তব,
সুগন্ধি হোম দ্রব্য বহ দেবে সব;
'স্বধা' বাক্যে ভোজন করুন পিতৃগণ,
হে দেব! প্রস্তুত হব্য করহ ভোজন। ১২

হেথায় আগত যাঁরা, কিম্বা অনাগত।
যাঁহাদিগে জানি, কিম্বা যাঁহারা অজ্ঞাত।
কে কে সেই পিতা তুমি জান জাতবেদা।
পিতৃগণ! সেব এই যজ্ঞ বলি স্বধা! ১৩

অগ্নিদগ্ধা যাঁরা কিম্বা অগ্নিদগ্ধা নহে,
স্বর্গে স্বধা সহ যাঁরা আনন্দেতে রহে;
হে স্বরাট্ যম! তুমি তাঁহাদের সহ,
আমাদের যথা ইচ্ছা এদেহ কুরহ। ১৪

১৬ সূক্ত। (১)

অগ্নি দেবতা। দমন ঋষি।

ক'র না ইঁহাকে ভস্ম (২) ক'র না ক্লেশিত;
ক'র না শরীর চর্ম্ম ইঁহার বিক্ষিপ্ত;
জাতবেদা! ইঁহার শরীর শৃত হ'লে,
পাঠাও আছেন পিতৃগণ যেইস্থলে। ১

ইঁহার শরীর শৃত যখন করিবে,
পিতৃগণ নিকটে তখনি পাঠাইবে;
পুনঃ সঞ্জীবতা প্রাপ্ত হইবেন যবে,
দেবের বশতাপন্ন হইবেন তবে। ২

বাতে তব আত্মা, চক্ষু পশুক সূর্য্যেতে,
ধর্ম্মবলে পশ মৃত! দ্যাবা পৃথিবীতে;
ফলোদয় হয় যদি যাও তবে জলে,
প্রবেশ করুক অঙ্গ ওষধি সকলে। ৩

(১) এই সূক্তটিও বিশেষ জ্ঞাতব্য। ইহাতে মরণান্তে পরলোকে গমনের কথা আছে। অন্ত্যেষ্টি ক্রিয়ার সময়ে এই সূক্তের কয়েকটি ঋক্ উচ্চার্য্য।

(২) অগ্নিদাহ প্রথা প্রচলিত ছিল। তাহা এতদ্বারা বুঝা যাইতেছে।

অজ ভাগ তাঁর অগ্নে তাপে কর তপ্ত;
তব শোচি অর্চ্চি তাহা করুক উত্তপ্ত,
তোমার যে শিবামূর্ত্তি দেখিবারে পাই;
তদ্বারা তাঁহাকে বহ সুকৃতির ঠাঁই (১)।

আহূত হইয়া চরে স্বধার সহিত,
পিতৃলোকে সে মৃতকে করহ প্রেরিত;
ইঁহার শেষাংশ হ'ক জীবিত উত্থিত.
পুনর্ব্বার তনু তাঁর হউক গৃহীত। ৫

হে মৃত! তোমাকে কৃষ্ণ শকুন, পিপীল,
যে ব্যথা দিয়েছে সর্প, শ্বাপদ দুঃশীল;
সর্ব্বভুক্ অগ্নি তাহা করুন নীরোগ,
সোমও করুন. যাঁর স্তোতাগণে যোগ। ৬

গোচর্ম্মে আগ্নেয় বর্ম্ম করহ ধারণ,
প্রচুর মেদেতে দেহ কর আচ্ছাদন;
দুর্দ্ধর্ষ গর্ব্বিত অগ্নি তা হলে কখন
নারিবে করিতে তোমা সম্পূর্ণ দাহন। ৭

(১) ৩ ও ৪ ঋক মনোযোগ পূর্ব্বক পাঠকরা আবশ্যক। মৃত্যুর পর চক্ষু, আত্মা (নিশ্বাস) ও ভিন্ন ভিন্ন অবয়বগুলি, সূর্য্য বা বায়ু বা মৃত্তিকা বা জল বা উদ্ভিজ্জে যায় কিন্তু মনুষ্যের জন্মরহিত অংশ অগ্নির প্রসাদে পুণ্যস্থানে গমন করে।

হে অগ্নে ক'র না এই চমস চালিত,
সোমপায়ী দেবতারা ইথে হর্ষান্বিত ;
পানার্থে ইহার হয় দেব ব্যবহার,
অমরগণের ইথে আমোদ অপার। ৮

মাংসাশী আগুণে আমি করিতেছি দূর,
অশুদ্ধ বাহক যা'ক যমরাজপুর ;
দ্বিতীয় যে জাতবেদা আছেন হেথায়.
দিবেন বিচারি হব্য সর্ব্ব দেবতায় । ৯

ক্রব্য হইতে যে অনল তো[illegible] গৃহে
পশিতেছে, করি দূর সে চিতা[illegible]াহে ;
পিতৃযজ্ঞ জন্য পুনঃ জাতবেদা[illegible]ল;
লইতেছি, তিনি যজ্ঞ করুন সফল। ১০

যে অগ্নি যজ্ঞের দ্রব্য করেন বহন,
যজ্ঞের উন্নতি যিনি করেন সাধন ;
দেবগণে পিতৃগণে করি নানা স্তব,
বহন করেন তিনি হোমদ্রব্য সব। ১১

হে অগ্নে ! যজ্ঞেতে তোমা করিছি স্থাপন,
করিতেছি মন্ত্র সহ প্রদান ইন্ধন ;
ভোজনার্থে যজ্ঞকারী পিতৃদেবগণে,
হোমদ্রব্য বহন করহ সযতনে। ১২

হে অগ্নে! যাঁহাকে তুমি করিলে দাহন,
তাঁহাকে করহ তুমি পুনঃ নির্ব্বাপণ;
এখানে কিঞ্চিৎ জল হ'ক উপস্থিত,
শাখাপ্রশাখায় দূর্ব্বা হ'ক জাগরিত! ১৩

শীতিকাবতি (১) পৃথিবী তুমি হে শীতিকে! (২)
হ্লাদিকাবতি (৩) পৃথিবী তুমি হে হ্লাদিকে!
মণ্ডুকী সন্তুষ্ট হয় আন বৃষ্টি হেন,
কর হেন এই অগ্নি তুষ্ট হন যেন। ১৪

১৮ সূক্ত

১—৪ মৃত্যু। ৫ ধাতা। ৬ ত্বষ্টা। ৯—১৩ পিতৃমেধ। ১৪ পিতৃমেধ বা প্রজাপতি। যামায়ন সংকুসুক ঋষি।

দেবলোকে যেই পথে যায়, তার অন্য পথে
যাও, মৃত্যো! অন্য পথে করহ গমন।
তব চক্ষু কর্ণ আছে, তাই বলি তব কাছে,
প্রজাগণে বীরগণে ক'র না হিংসন॥ ১
তোমরা মৃত্যুর পথ ছেড়ে চল অন্য পথ,
অত্যুত্তম দীর্ঘ আয়ু লভিবে সকলে।

---

(১) শীতল উদ্ভিজ্জশালিনী। (২) শীতল গুণশালিনী।
(৩) আনন্দদায়ী উদ্ভিজ্জশালিনী।

গৃহ পূর্ণ হবে ধনে, পূর্ণ হবে প্রজাগণে,
পবিত্র হইয়া সেব যজ্ঞের অনলে ॥ ২
ইহারা জীবিত আছে, মৃত হ'তে ফিরিয়াছে,
আমাদের যজ্ঞ অদ্য হয়েছে ফলিত।
এস সবে নৃত্য হাস সম্যক্ করি প্রকাশ,
পেয়েছি যখন আয়ু অতি দীর্ঘায়িত ॥ ৩
জীবিতের চারি ভিতে মৃত্যুকে রোধ করিতে,
দিতেছি বেষ্টন, মৃত্যু না ছোঁয় তাদিগে।
ইহারা শরৎ শত থাকুক সবে জীবিত
পর্ব্বত করুক বন্ধ আসিতে মৃত্যুকে ॥ ৪
দিন যায় দিন পরে, ঋতু [illegible]য় অকাতরে
ঋতুর পরেতে, হেন প্রথা বিদ্যমান্।
সেরূপে যে পরাগত না হয় পূর্ব্বেতে গত,
হে বিধাতঃ! কর হেন আয়ুর বিধান (১) ॥ ৫
তোমরা দীর্ঘায়ু জরা লাভ করি পরম্পরা
জ্যেষ্ঠানু ক্রমেতে কর সকলে গমন।
হেথা তোমাদের সহ মিলি ত্বষ্টা শুভদেহ,
দিতেছেন আয়ু পাবে সুদীর্ঘ জীবন (১) ॥ ৬

(১) এই ঋকের ধাতা শব্দে বোধ হয় পরবর্ত্তী ঋকের ত্বষ্টাকে লক্ষ্য করিতেছে।

(২) এই ঋকের উক্তি মৃতের জ্ঞাতিদিগের প্রতি। এবং ৭ম ঋকের উক্তি মৃতের জ্ঞাতিনীদিগের প্রতি।

স্বপত্নী সধবা যত লেপিয়া অঞ্জন ঘৃত
প্রবেশ করুন সবে আপন গৃহেতে।
অশ্রুপাত না করিয়া শোকাতুরা না হইয়া
আসুন সুরত্না বধূ গৃহেতে অগ্রেতে (১)॥ ৭
উঠিয়া চল সংসারে যাও যাঁর সহকারে
করিতে শয়ন, তিনি গতাসু এখন।
গ্রহণ করিয়া পাণি, দিধিষু (২) হবেন যিনি,
হয়ে পত্নী তাঁর কর কর্ত্তব্য সাধন॥ ৮
মৃতের হাতের ধনু গ্রহণ এবে করিনু;
তেজ, বল তাহা হ'তে হবে উপচিত,
থাক অত্র [illegible] মৃত! আমরা সুবীর যত,
পারি যে[illegible] স্পর্দ্ধি শত্রু করিতে নিহত॥ ৯

(১) "মূলে এই ঋকের শেষে এই শব্দগুলি আছে। "আরোহন্তু জনয়ঃ যোনিং অগ্রে।" শেষ শব্দটির একটি বিস্ময়কর ইতিহাস আছে। ঋগ্বেদে সতীদাহের উল্লেখ নাই। আধুনিক কালে ঐ কুপ্রথা ভারতবর্ষে প্রচলিত হয়। ঐ কুপ্রথা ঋগ্বেদ সম্মত ইহা প্রমাণ করিবার জন্য বঙ্গদেশের কোন কোন পণ্ডিত "অগ্রে "শব্দ পরিবর্ত্তন করিয়া অগ্নেঃ" করিয়া সতীদাহ বিষয়ক একটি অদ্ভুত অর্থ করিয়াছিলেন। আধুনিক কুপ্রথাগুলি সংরক্ষণার্থ কপট শাস্ত্র ব্যবসায়ীগণ প্রাচীন শাস্ত্রের যে ভূরি ভূরি অযথা ও মিথ্যা অর্থ করিয়াছেন তাহার মধ্যে এই কার্য্যটি সর্ব্বাপেক্ষা বিস্ময়কর ও জঘন্য।"

(২)। দিধিষু অর্থে নারীর দ্বিতীয়পতি। ডাক্তার রাজেন্দ্র লাল মিত্র এই ঋকের যে অর্থ করিয়াছেন আমি তাহাই গ্রহণ করিলাম।

সুশেবা এই সর্ব্বত্র ব্যাপিনী যেই
মাতৃবৎ ভূমি, –তাঁর হও সন্নিহিত।
যুবতী রমণী যথা মেষলোমকমা তথা,
হইয়ে নির্ঋতি হতে করুন রক্ষিত ॥ ১০

ইঁহাকে উন্নত রাখ, পীড়া এঁকে দিওনাক
সুন্দর সামগ্রী দাও, দাও প্রলোভন।
মাতা যথা পুত্রবরে অঞ্চল দ্বারা আবরে,
ভূমে! তথা ইঁহাকে করহ আচ্ছাদন ॥ ১১

পৃথিবী ইঁহার 'পরে হয়ে স্থিত স্তূপাকারে
থাকুন, সহস্রধূলি থাকুক উপরে।
ঘৃতপূর্ণ গৃহ যথা তাহা হইয়ে তথা
দিউক আশ্রয় মৃতে দিন দিগন্তরে (১) ॥ ১২

পৃথিবীকে উত্তম্ভিত, তব' পরে লোষ্ট্র স্থিত
করিতেছি যাতে তব বিনাশ না হয়।
এই স্থূণা (২) পিতৃগণ রাখুন করি ধারণ
স্থাপুন এখানে যম তোমার আলয় ॥ ১৩

(১) সায়ণের মতে ১০, ১১, ১২ এই তিন ঋকের তাৎপর্য্য এই যে যখন মৃত ব্যক্তিকে দাহ করিয়া অস্থি সঞ্চয় করা হয় তখন ঐ কয়েকটী ঋক পাঠ করা হয়। কিন্তু মূলে অস্থি শব্দের উল্লেখ নাই। ঋক কয়েকটি পাঠে বোধ হয় মৃতকে মৃত্তিকার নীচে রাখা হইত।

(২)। স্থূণা-খুঁটি।

পর্ণ যথা শর'পরে বক্রে অবস্থিতি করে,
তথা বক্র দিনে আমি আজ পড়িলাম।
রশ্মি যথা অশ্ববরে রাখে কষ্টে রুদ্ধ করে,
তেমনি দুঃখের বাক্য রুদ্ধ করিলাম ॥ ১৪ ॥

৭৫ সূক্ত।

নদীগণ দেবতা। সিন্ধুক্ষিৎ ঋষি।

জলগণ! তোমাদের অত্যুত্তম মহিমান।
যজমান সদনেতে কবি করেন ব্যাখ্যান ॥
সাত সাত করি তারা তিন শ্রেণীতে চলিল।
সকল নদীর'পরে তেজ সিন্ধুর বাড়িল ॥ ১

যখন ধাবিত সিন্ধো! হলে দেশে অন্নবান্।
কাটিয়া তোমার পথ বরুণ করিলা দান ॥
ভূমি'পরে তুমি কর উন্নত পথে গমন।
সকলের শ্রেষ্ঠ তুমি, আছে যত নদীগণ ॥ ২

ভূমি হ'তে উঠি শব্দ করে আকাশ চ্ছাদন।
উজ্জ্বল মূর্ত্তিতে সিন্ধু বেগে করিছে গমন ॥
অভ্র হ'তে ঘোররবে যেন হতেছে বর্ষণ।
আসিতেছে সিন্ধু করি বৃষভ সম গর্জ্জন ॥ ৩

ধেনুমাতা লয়ে পয় ধায় যথা বৎসপ্রতি।
জল লয়ে নদী সব তব প্রতি করে গতি ॥

সমরে চলেন রাজা লইয়া সঙ্গে বাহিনী ।
এই দুই নদীশ্রেণী তথা তোমার সঙ্গিনী ॥ ৪

হে গঙ্গে যমুনে শুন স্তব মম স্বরস্বতি !
শুতুদ্রি পরুষ্ণি শুন করি আমি এ মিনতি ॥
অসিক্নী সঙ্গতা নদী মরুদ্বৃধা ও বিতস্তা ।
শুনহ সুষোমাগতা আর্জীকিয়ে মম কথা (১) ॥ ৫

মিলিত হইলে সিন্ধু তৃষ্টমা সহ প্রথমে ।
পরেতে সসর্তু এবং রসা শ্বেতীর সঙ্গমে ॥
ক্রুমু গোমতীকে তুমি কুভা ও মেহেত্নু সহ ।
মিলাইয়া, একরথে চলিতেছ অহরহ (২) ॥ ৬

শুভ্রবর্ণ সমুজ্জল সরল গমনে চলে ।
মহতী দুর্দ্ধর্ষা সিন্ধু—সর্ব্বত্র প্লাবিত জলে ॥

---

(১) শুতুদ্রি অর্থে শতদ্রু নদী। পরুষ্ণী অর্থে ইরাবতী বা রাবী নদী। অসিক্নী অর্থে চিনাব নদী। অসিক্নী, বিতস্তা বা ঝীলম নদীর সহিত মিলিত হইলে মরুৎবৃধা নাম ধরে। বিতস্তা অর্থে ঝীলম। আর্জীকিয়া অর্থে বিপাসা বা বেয়াস নদী। সুষোমা অর্থে সিন্ধু। ঋগ্বেদের অনেকস্থলে সিন্ধু নদী ও তাহার শাখাগুলির উল্লেখ আছে, গঙ্গার প্রায় উল্লেখ নাই। হিন্দুগণ তখন পাঞ্জাব প্রদেশেই বাস করিতেন।

(২) ৫ম ঋকে সিন্ধুনদীর পূর্ব্বদিকের (পাঞ্জাব প্রদেশের) শাখাগুলির নাম পাওয়া যায়। ৬ষ্ঠ ঋকে পশ্চিমদিকের (কাবুল প্রদেশের) শাখাগুলির নাম পাওয়া যায়। কুভা অর্থে কাবুল নদী গোমতী অর্থে গোমালনদী ইত্যাদি।

গতিশালী যত আছে, তাঁর সম নাই কেহ।
ঘোটকীর মত চিত্রা, বপুষীর মত দেহ ॥ ৭

কত অশ্ব, কত রথ, হিরণ্যের অলঙ্কার।
কত বস্ত্র, কিবা সজ্জা, কত অন্ন আছে তাঁর ॥
সীলমাবতী যুবতী সিন্ধু নদী উর্ণাবতী।
মধুপ্রসূ পুষ্পাবৃতা অহো কি সৌভাগ্যবতী ॥ ৮

অশ্বযুক্ত সুখকর রথ করি সংযোজন।
তাহাতে দিলেন যজ্ঞে আনি সিন্ধু অন্নধন ॥
অদব্ধ, স্বযশোযুক্ত, মহতী মহিমা তাঁর।
বলিয়া সকলে স্তব করে তাঁর অনিবার ॥ ৯

৮২ সূক্ত। (১)

বিশ্বকর্ম্মা দেবতা। বিশ্বকর্ম্মা ঋষি।

চক্ষুষ্মান্, মনস্বান্, ধীর, পিতা মতিমান্,
ঘৃতবৎ সৃজিলেন পৃথিবী দ্যাবার।
তাহাদের অন্ত যদা ক্রমে দূর হল তদা,
দ্যুলোক ভূলোক ভিন্ন হইল তাহায় ॥ ১
বিশ্বকর্ম্মা বৃহন্মনা, সৃজিলেন সৃষ্টি নানা,
তিনিই বৃহৎ, তিনি পালেন সকলে।

(১) এই সূক্তে পরমেশ্বরের সৃষ্টিকার্য্য বর্ণিত হইয়াছে।

সর্ব্বদ্রষ্টা সর্ব্বশ্রেষ্ঠ পূর্ণ করি বিশ্বদিষ্ট
সপ্তর্ষি উপরে স্থিত, এক মাত্র বলে ॥ ২

তিনি আমাদের পিতা, জনিতা, তিনি বিধাতা,
বিশ্বভুবনের যত ধাম অবগত।
সব দেবতাই (১) তিনি এক অদ্বিতীয় যিনি
তাঁহাকে জানিতে চাহে সমস্ত জগত॥ ৩

সৃষ্ট হলে মূর্ত্তামূর্ত্ত (২) যাঁহারা এ সর্ব্বভূত
সুশোভিত করিলেন সেই ঋষিগণ।
প্রাচীন স ঋষিগণ প্রভূত করি স্তবন
তাঁহার উদ্দেশ্যে যজ্ঞ করেন হবন ॥ ৪

দ্যুলোক ভূলোক যাহা অতিক্রমি আছে তাহা
অসুর দেবতাগণে যাতে অতিক্রমে।
কোন্ গর্ভে জলগণ করিলা তাহা ধারণ
যে গর্ভেতে দেব সব সঙ্গত প্রথমে (৩) ॥ ৫

অজের নাভির মূলে যে এক পদার্থ স্থূলে
এ বিশ্ব ভুবন সব অন্তর্লীন ছিল।
যাহাতে দেবতা সবে সঙ্গত ছিলেন ভবে
সেই গর্ভ জলগণ প্রথম ধরিল ॥ ৬

---

(১) ভিন্ন ভিন্ন দেবগণ কেবল ঈশ্বরেরই ভিন্ন ভিন্ন নাম মাত্র। (২) মূর্ত্তামূর্ত্ত—স্থাবরজঙ্গম। (৩) সমস্ত দেবকার্য্যের ও দৈব ক্ষমতার একই উন্নত স্থান আছে, ঋষি তাহাই বর্ণনা করিতেছেন।

সৃষ্টি করিলেন যিনি অজ্ঞেয় জানহ তিনি
তোমাদের অন্য ভাব রয়েছে অন্তরে।
নীহারে হয়ে আবৃত লোক জল্পনায় রত (১)
প্রাণের তৃপ্তির জন্য স্তবস্তুতি করে॥ ৭

৮৫ সূক্ত।

১—৫ সোম। ৬—১৬ সূর্য্যাবিবাহ। ১৭ দেবগণ। ১৮ সোমার্ক। ১৯ চন্দ্রমা। ২০—২৮ নরের বিবাহ-মন্ত্র আশীঃপ্রায়। ২৯, ৩০ বধূবাস সংস্পর্শ নিন্দা। ৩১ যক্ষনাশিনী দম্পতী। ৩২—৪৭ সূর্য্যা।

সূর্য্যা ঋষি।

পৃথিবীকে উত্তম্ভিতা করিয়াছে সত্য;
সূর্য্যের প্রভাবে তথা স্বর্গ উত্তম্ভিত।
ঋতেতে আকাশে স্থিত যতেক আদিত্য,
উহার প্রভাবে সোম তথা অধিশ্রিত। ১

সোম হ'তে বল প্রাপ্ত আদিত্য সকল,
সোমের প্রভাবে পৃথ্বী মহতী কেমন!
অথচ এই যে সব নক্ষত্র মণ্ডল,
তাদের নিকটে তাঁর হয়েছে ঘটন। ২

---

(১) সৃষ্টি ও সৃষ্টিকর্ত্তার কথা আলোচনা করিয়া ঋগ্বেদের ঋষি বহু পূর্ব্বে যাহা বলিয়াছেন অদ্য সভ্য জগতের ধীশক্তি সম্পন্ন পণ্ডিতগণ তাহাই বলিতেছেন—মনুষ্যেরা তাঁহাকে বুঝিতে পারে না। কুজ্ঝটিকাতে আবৃত হইয়া লোকে নানাপ্রকার জল্পনা করে মাত্র।

ওষধি স্বরূপ সোমে করি নিষ্পীড়ন।
তাবে লোক করিলাম পান সোমরস ;
কিন্তু যে প্রকৃত সোম জ্ঞাত স্তোতৃগণ।
কেহই না জানে তার সুমধুর রস। ৩

ওহে সোম ! স্তোতা যত বিহিত বিধানে
রাখেন গোপনে তোমা করি আচ্ছাদন ;
পাষাণের শব্দ পশে তোমার শ্রবণে।
পিয়িতে না পারে তোমা পার্থিব কখন। ৪

দেব ! তব পানে তব নাহি অপচয়, ছ
বরঞ্চ তাহাতে করি বৃদ্ধির দর্শন ;
মাস যথা রক্ষা করে বর্ষ সমুদয়,
সোমের রক্ষক বায়ু আছেন তেমন। ৫

রৈভী নাম্নী ঋক্‌গুলি হ'ল সহচরী,
দাসী হল নারাশংসী তখন সূর্য্যার ;
গাথায় সুন্দর বস্ত্র পরিষ্কৃত করি
আনীত হইল সেই বিবাহে তাঁহার (১)। ৬

---

(১) এইঋক হইতে ১০ টি ঋকে সবিতৃ দুহিতা সূর্য্যার বিবাহের কথা আছে।

যখন চলিলা সূর্য্যা পতির ভবন,
চৈতন্য হইল উপবর্হণ তাঁহার;
অভ্যঞ্জন (১) হইলেক তাঁহার নয়ন,
ভূলোক দ্যুলোক কৈ'ল কোশব্যবহার (২)। ৭

স্তব সব হইল রথের চক্রাশয়,
কুরীর নামক ছন্দ রথ-অভ্যন্তর;
হইলেন সে সূর্য্যার বর অশ্বিদ্বয়,
দূতরূপে অগ্নিদেব হ'লা অগ্রসর। ৮

মনে মনে পতি সূর্য্যা করিলে কামনা,
সম্প্রদান করিলেন তাঁহাকে সবিতা;
করিয়াছিলেন সোম বিবাহ বাসনা।
কিন্তু অশ্বিদ্বয় তাঁর হইলা গৃহীতা। ৯

মানস হইল তদা শকট সূর্য্যার,
আকাশ হইল তাঁর ঊর্দ্ধ আচ্ছাদন;
দুই শুক্র তারা হ'ল বাহক তাঁহার,
যখন করিলা সূর্য্যা গৃহে আগমন। ১০

(১) অভ্যঞ্জন—তৈল হরিদ্রা ইত্যাদি দ্বারা শরীরের বিমলীকরণ ক্রিয়া।
(২) কোশ—সঞ্চালন ক্রিয়া।

ঋক্ সাম অভিহিত যুগ্ম বৃষবর
হেথা হ'তে তাঁহার শকট বহে নিল ;
সূর্য্যে ! দুই কর্ণ তব রথের চকর ;
দিবি-পথ চরাচর তাহার হইল।১১

শুচি (১) হ'ল চক্রদ্বয় চলিতে চলিতে,
বিস্তারিত অক্ষ রথে স্থাপিত হইল ;
উদ্যতা হইয়া পতি গৃহেতে যাইতে
মনোরূপ শকটেতে সূর্য্যা আরোহিল।১২

যে উপঢৌকন দিলা সূর্য্যাকে সবিতা,
অগ্রে অগ্রে সে যৌতুক যাইতে লাগিল ;
অঘাতে (২) সে গাভী সব হইল তাড়িতা,
অর্জ্জুনীতে (৩) সে যৌতুক উহ্যমান্ হ'ল। ১৩

ত্রিচক্র রথেতে চড়ি হে অশ্বিযুগল !
করিয়া প্রার্থনা বহু গৃহিলে সূর্য্যাকে ;
আহ্লাদিত হইলেন দেবতা সকল,
পিতৃরূপে বরিলেন পুষা তোমাদিগে। ১৪

(১) শুচি—উজ্জ্বল। (২) অঘা—মঘা নক্ষত্রের উদয় কাল।
(৩) অর্জ্জুনী—ফাল্গুনী নামক দুই নক্ষত্রের উদয় কাল।

যখন হইয়া বর বরিতে আসিলে
সূর্য্যাকে, কোথায় ছিল রথচক্র এক ?
কোথায় বা উভয়েতে বল দাঁড়াইলে,
কোথা আছে পথ তাহা জানিতে বারেক ? ১৫

কালে কালে চলে যেন তব চক্রদ্বয়
হে সূর্য্যে ! স্তোতারা সবে অবগত তাহা ;
আর এক চক্র তব আছে গোপনীয়
বিদ্বান্ ব্যক্তিরা মাত্র অবগত যাহা (১)। ১৬

সূর্য্যা দেবতাকে আর অন্য দেবগণে,
মিত্রদেবে বরুণ দেবকে সে প্রকার ;
যাঁহারা আছেন প্রাণি হিতের চিন্তনে,
সকল দেবতাগণে এই নমস্কার। ১৭

এই দুই শিশু(২) করে বিচরণ পূর্ব্বাপরে
খেলিতে খেলিতে তারা আসয়ে অধ্বরে ;
বিশ্ব ভুবনেতে একে নেত্র মেলি চেয়ে থাকে
ঋতু সৃজি পুনঃ পুনঃ জন্মায় অপরে। ১৮

---

(১) দুই চক্র—চন্দ্র সূর্য্য ; একচক্র—সম্বৎসর।

(২) দুই শিশু—চন্দ্র ও সূর্য্য।

দিবস-কেতু-স্বরূপ ধরি নিত্য নবরূপ
করেন উষার অগ্রে সূর্য্য আগমন ;
তিনি, যত হয় যাগ, দেবতারে দেন ভাগ,
করেন চন্দ্রমা দীর্ঘ আয়ু বিতরণ। ১৯

যে রথে শাল্মলী শোভা কিংশুক হিরণ্য প্রভা
সুবৃত, অমৃতালয় যে রথ সুন্দর ;
করি সূর্য্যে ! আরোহণ সে রথে পতি-ভবন
যাও, সঙ্গে যা'ক উপঢৌকন বিস্তর। ২০

এই কন্যা পতিবতী, বিশ্বাবসো ! নমঃস্তুতি
করি তোমা, হেথা হ'তে কর গাত্রোত্থান ;
পিতৃগৃহে আছে যথা অন্যা কোন বপুর্বিভক্তা,
সেই তব ভাগ, কর তথায় প্রস্থান।২১

অত্র হ'তে বিশ্বাবসো ! কর গাত্রোত্থান,
পূজা করিতেছি তোমা নমঃ সহকারে ;
যাও, ব্যক্তা অন্যা যথা আছে বিদ্যমান্
পতির সংযোগে জায়া করহ তাহারে (১)।২২

---

(১) বিশ্বাবসু বিবাহের অধিষ্ঠাতা। কন্যা বিবাহ লক্ষণ প্রাপ্তা হইলে বিবাহ দেওয়া বিধেয় এই মত ২১, ২২ ঋক্ হইতে প্রতীয়মান হয়। এই স্থান হইতে সূক্তের শেষ পর্য্যন্ত বিবাহের বিবরণ ও মন্ত্র পাওয়া যায়। কন্যাদিগের বিবাহ বিবরণ দিবার আগে সূর্য্যার বিবাহ যেন ভূমিকা স্বরূপ প্রয়োগ হইয়াছে।

বরযাত্রি সমাগমে যান কন্যা অন্বেষণে
যে পথে সে পথ হ'ক সুগম সরল।
অর্য্যমা ভগদেবতা নিরাপদে নি'ন তথা
দাম্পত্য সুযত হ'ক, দেবতা সকল!! ২৩

করিতেছি বিমোচন বরুণ পাশ-বন্ধন
সুশেব সবিতা তোমা বাঁধিল যাহায়।
সুকৃত-ঋত-আধার অরিষ্ট নাহিক যার
হেন স্থানে পতি সহ স্থাপিব তোমায় (১)॥ ২৪

ইঁহাকে এস্থান হতে মুক্ত করিলাম।
অপর স্থানের সহ বাঁধিয়া দিলাম॥
হে বর্ষণকারী ইন্দ্র! হয়ে ভাগ্যবতী।
সুপুত্রা হইয়া ইনি করুন বসতি॥ ২৫

তোমাকে হস্তে ধরিয়া যাউন পুষা লইয়া
অশ্বিদ্বয় রথে তোমা করুন বহন।
কর্ত্রী হও গৃহে যেয়ে সবার উপরে গিয়ে
আপন প্রভুত্ব কন্যে! করহ স্থাপন॥ ২৬

---

(১) কন্যা দেখিয়া শুনিয়া পতি বরণ করিতেন, তাহা এই মণ্ডলের ২৭ সূক্ত, ৭ ঋক হইতে কতকটা দেখা যায়। "কত রমণী অর্থে প্রীত হইয়া নারী-প্রিয় পুরুষের অনুরক্ত হয়। কিন্তু সুগঠনা ও ভদ্রকন্যা অনেক পুরুষের মধ্যে আপনি প্রিয় পাত্রকে পতিত্বে বরণ করেন।"

জন্মিয়া অত্র সন্ততি হ'ক তব লাভ প্রীতি,
এই গৃহে সাবধানে কর গৃহ-কাজ।
তনু এই পতি সহ, সংযুক্ত কন্যে করহ
কর্ত্রীভাবে বার্দ্ধক্যেও করিও বিরাজ॥ ২৭

হইতেছে দেহ তাঁর নীল ও লোহিত।
কৃত্যার (১) প্রভাব তাঁয় হতেছে ব্যঞ্জিত॥
বাড়িতেছে তাঁহার যতেক জ্ঞাতিগণ।
নানারূপে হইতেছে পতির বন্ধন॥ ২৮

পরিত্যাগ কর এই মলিন বসন।
স্তোতাগণে প্রদান করহ বহুধন॥
পদ্বতী হইয়া কৃত্যা গেলেন চলিয়া
জায়া ও গেলেন স্বীয় পতিতে পশিয়া॥ ২৯

পতি বধুবস্ত্রে স্বীয় অঙ্গ আচ্ছাদন।
করিবার চেষ্টা যদি করেন কখন॥
তাঁহার উজ্জ্বল তনু হইবে মলিন।
কৃত্যার পাপের স্পর্শে হইবে শ্রীহীন॥ ৩০

(১) কৃত্যা কি বুঝা যাইতেছে না। সায়ণ বলেন পাপদেবতা।

যে যে যক্ষ্ম (১) আসে লোকপশ্চাদ্ হইতে।
হরিয়া বধুর চন্দ্র লইয়া যাইতে॥
তাহাদিগে করুন যজ্ঞীয় দেব যত।
তথাগত যথা হতে তাহারা আগত॥ ৩১

দম্পতীর পরিপন্থী হউক বিনষ্ট।
সুবিধা সংযোগে দূর হ'ক যত কষ্ট॥
অরাতিরা দ্রুত বেগে করিয়া গমন।
করুক দম্পতী হ'তে দূরে পলায়ন॥ ৩২

এই বধূ দেখিতে অত্যন্ত সুলক্ষণ।
তোমরা সকলে ওগো করহ দর্শন॥
সৌভাগ্য আশীষ বাক্য করিয়া প্রদান।
নিজ নিজ গৃহ পরে করহ প্রস্থান॥ ৩৩

এই বস্ত্র তৃষ্ট কটু অপাষ্ট বিষাক্ত। (২)
ব্যবহার যোগ্য নহে, ইহা পরিত্যক্ত॥
ব্রহ্মা নামে যে ঋত্বিক্ জানেন সূর্য্যায়।
তাঁহাকে এ বধূবস্ত্র দিতে পারা যায় (৩)॥ ৩৪

(১) রোগ শোকাদি।

(২) তৃষ্ট—দাহযুক্ত ; কটু—মলিন ; অপাষ্ট—অগ্রাহ্য।

(৩) এই ঋক্গুলি বিবাহের আচার সম্বন্ধে। এক্ষণে যেমন নাপিত বিবাহের বস্ত্র লাভ করে, তৎকালে সে বস্ত্র ঋত্বিকের প্রাপ্য ছিল।

সূর্য্যার সুন্দর রূপ করহ দর্শন।
আশসন, বিশসন, অধিবিকর্ত্তন॥
তাঁহার যে বস্ত্র আছে, করিয়া শোধন।
পারেন ঋত্বিক্ ব্রহ্মা করিতে গ্রহণ॥ ৩৫

সৌভাগ্যের জন্য তব ধরিতেছি হস্ত, ধব
করিয়া আমায়, পৌঁছ বার্দ্ধক্য সীমায়।
পুরন্ধি দেব সবিতা অর্য্যমা ভগদেবতা
গার্হপত্য জন্য তোমা দিলেন আমায় (১)॥ ৩৬

পূষা! শিবতমা তাঁকে প্রেরণ কর আমাকে
বীজ যাতে মনুষ্যেরা করেন বপন।
যিনি হয়ে কামবতী আমরাও কামী অতি
করিবেন আমাদিকে প্রেম আলিঙ্গন॥ ৩৭

উপঢৌকনের সহ অগ্রেতে সূর্য্যায়।
তোমার নিকটে অগ্নে আনিলে তাঁহায়॥
পতিকে বনিতা পুনঃ কর সমর্পণ।
তুমিই তাঁহাকে কর প্রজা বিতরণ॥ ৩৮

---

(১) এই ঋকটি বরের কন্যার প্রতি উক্তি।

দিয়াছেন পত্নীকে অগ্নিই পুনর্ব্বার।
পরমায়ু আর যত লাবণ্য তাঁহার॥
ইঁহার যে পতি তিনি শতেক শরৎ।
দীর্ঘায়ু করিয়া লাভ থাকুন জীবৎ॥ ৩৯

প্রথমেতে সোম তোমা করেন বিবাহ।
গন্ধর্ব্বের সহ তব দ্বিতীয় উদ্বাহ॥
তৃতীয় অগ্নিই তব পতির স্থানীয়।
পরিশেষে পতি তব মনুষ্য তুরীয়(১)॥ ৪০

সোম তাঁকে গন্ধর্ব্বকে করিলেন দান।
গন্ধর্ব্ব করিলা তাঁকে অগ্নিকে প্রদান॥
অগ্নিই দিলেন সেই বনিতা আমায়।
ধন পুত্র পাইলাম যাঁহার কৃপায়॥ ৪১

তোমরা উভয়ে সুখে বাস কর অত্র।
বিযুক্ত না হও, চির থাকহ একত্র॥
পুত্রনপ্তৃ সহ করি ক্রীড়া নিরন্তর।
আপন গৃহেতে থাক মুদিত অন্তর॥৪২

---

(১) তুরীয়—চতুর্থ।

করুন প্রদান প্রজা আমাদিগে প্রজাপতি।
অর্য্যমা জরাপর্য্যন্ত রাখুন মিলিত অতি॥
হে বধূ কল্যাণী হয়ে পশহ পতি আলয়ে।
মঙ্গল করহ পশু দাসদাসী সমুদয়ে॥ ৪৩

ক্রোধশূন্য হ'ক নেত্র, হও পতি হিতৈষিণী।
প্রফুল্লমানসা হও, লাবণ্যে মনোহারিণী॥
বীর প্রসবিনী হও, থাক দেবকামা হয়ে।
মঙ্গল করহ পশু দাসদাসী সমুদয়ে॥ ৪৫

হে বর্ষণকারী ইন্দ্র! ইহাঁকে সুপুত্রবতী।
করহ, হউন ইনি অতিশয় ভাগ্যবতী॥
ইঁহার গর্ব্ভেতে হ'ক উৎপাদিত পুত্র দশ।
পতির সহিত তারা হ'ক সবে একাদশ॥ ৪৫

সম্রাজ্ঞী স্বরূপা হও শ্বশুর উপরে।
শ্বাশুড়ীকে রাখ তথা বশীভূত করে॥
ননদের পরে হও সম্রাজ্ঞী তেমন।
দেবরেরা তব আজ্ঞা করুক পালন॥ ৪৬

আমাদের উভয়কে মিলিত হৃদয়।
করুন আছেন যত দেব সমুদয়॥
জলগণ, মাতরিশ্বা, বাগ্দেবী ও ধাতা।
আমাদের সংযোগের হউন বিধাতা॥ ৪৭

১২১ সূক্ত। (১)

প্রজাপতি দেবতা। হিরণ্যগর্ভ ঋষি।

ছিলেন হিরণ্যগর্ভ অগ্রে বিদ্যমান্,
জাতমাত্র অদ্বিতীয় ঈশ্বর মহান্;
ধরিলেন এই পৃথ্বী, আকাশ আবার,
করিব অর্চ্চনা হব্যে কোন্ দেবতার? ১

জীবাত্মা দিলেন যিনি, যিনি বলদাতা,
পালেন আদেশ যাঁর সকল দেবতা;
অমৃত যাঁহার ছায়া, মৃত্যু বশে যাঁর;
করিব অর্চ্চনা হব্যে কোন্ দেবতার? ২

জগতে যা আছে প্রাণবান্ চক্ষুষ্মান্,
সকলের রাজা তিনি একই মহান্;
দ্বিপদ কি চতুষ্পদ,—প্রভু সবাকার,
করিব অর্চ্চনা হব্যে কোন্ দেবতার? ৩

এই হিমবান্ গিরি মহিমা যাঁহার,
যাঁর সৃষ্ট রসা সহ এই পারাবার;
এই সব দিক যাঁর বাহুর আকার,
করিব অর্চ্চনা হব্যে কোন্ দেবতার? ৪

---

(১) এই সুন্দর ও সারগর্ভ সূক্তে এক ঈশ্বরের মহিমা কীর্ত্তিত হইয়াছে। সূক্তটি অপেক্ষাকৃত আধুনিক।

এই সমুন্নত দ্যৌ যাঁহার স্থাপিত,
দৃঢ়ীভূতা পৃথ্বী, স্বর্গ নাক (১) সংস্তম্ভিত;
পরিমিত অন্তরীক্ষ কর্ত্তৃক যাঁহার,
করিব অর্চ্চনা হব্যে কোন্ দেবতার? ৫

সশব্দে দ্যাবা পৃথিবী স্তম্ভিতোল্লাসিত,
মনে মনে জান যাঁরে মহিমা-পূরিত;
সূর্য্যের উদয় হয় আশ্রয়ে যাঁহার,
করিব অর্চ্চনা হব্যে কোন্ দেবতার? ৬

এ বিশ্ব যে জলগণ প্লাবন করিল,
তাদের গর্ব্ভেতে অগ্নি উৎপন্ন হইল;
দেবপ্রাণরূপে পরে আবির্ভাব যাঁর,
করিব অর্চ্চনা হব্যে কোন্ দেবতার? ৭

দক্ষের (২) ধারণে জল উৎপাদিলে বল,
দেখিলেন যিনি সেই সর্ব্বময় জল;
দেব'পরে অদ্বিতীয় দেবত্ব যাঁহার,
করিব অর্চ্চনা হব্যে কোন্ দেবতার? ৮

---

(১) নাক—স্বর্গের উপরিস্থ লোক।

(২) দক্ষ—বল।

না করেন হিংসা যেন আমাদিগে তিনি,
পৃথিবীর জনয়িতা সত্যধর্ম্ম যিনি ;
যাঁহার সৃজন দ্যৌ সলিল অপার,
করিব অর্চ্চনা হব্যে কোন্ দেবতার ? ৯

প্রজাপতে ! তুমি ভিন্ন অন্য কেহ আর,
সৃজে নাই এই সব বস্তু সমাহার ;
সফল হউক হোম করি যে আশায়,
ইষ্ট লাভ করি যেন আমরা সবায়। ১০

১২৯ সূক্ত।*

পরমাত্মা দেবতা। প্রজাপতি ঋষি।

সদসৎ রজ ব্যোম ছিল না তখন।
ব্যোমের উপরে কোন ছিল না ভুবন।
কে ছিল কোথায় ? কিছু ছিল আবরণ ?
ছিল কি তখন অম্ভ, গভীর গহন ? ১

* এই সূক্তটি অতীব আশ্চর্য্য। ইহাতে সৃষ্টির আদি কারণ বর্ণিত হইয়াছে।

ছিল না তখন মৃত্যু ছিল না অমৃত।
রাত্রি হ'তে দিবসের ছিল না প্রকেত (১)।
সেই এক ছিলেন স্বধায় (২) প্রাণবান্;
ছিল না তা হ'তে কেহ পর বিদ্যমান্। ২

তম দ্বারা তম ছিল অগ্রেতে আবৃত,
এ সব সলিল ছিল, সব অপ্রকেত (৩)।
তুচ্ছেতে(৪) আচ্ছন্ন যাহা ছিলেন তখন।
তাহা এক হইলেন তপে (৫) উৎপাদন॥ ৩

প্রথমেতে সমুদ্ভূত কামনা হইল;
মনের সৃষ্টির হেতু তাহাতে জন্মিল।
বিচারিয়া মনীষার হৃদে কবিগণ,
অসতে সতের যোগ করিলা দর্শন। ৪

দুই পার্শ্বে ইহাদের রশ্মি ঊর্দ্ধা অধা,
বিস্তৃত হ'লে কি, ভূত হইল রেতোধা? (৬)
মহিমা (৭) সকল ক্রমে লভিল জনম।
অবাস্থিত (৮) হল স্বধা প্রযতি (৯) পরম॥ ৫

(১) প্রভেদ জ্ঞান। (২) আত্মধারণ শক্তিদ্বারা। (৩) প্রভেদ জ্ঞান রহিত। (৪) অবিদ্যমান সত্তায়। (৫) সৃষ্টি পর্য্যালোচনারূপ তপস্যায়। (৬) বীজরূপীকর্ত্তা। (৭) ভূত প্রপঞ্চ। (৮) নিম্নেহিত। (৯) ভোক্তাজীব।

কে ইহা প্রকৃত জানে কে পারে বর্ণিতে
কোথা হ'তে হল ? এই সৃষ্টি কোথা হতে ?
সৃষ্টির পরেতে সৃষ্ট যত দেবগণ ;
কোথা হতে হল তাহা জানে কোন্ জন ? ৬

কোথা হতে সৃষ্টি কেহ করিলেন কি না ;
ইহার অধ্যক্ষ যিনি কেবা তিনি বিনা
জানে ইহা ? পরস্থানে(১) ব্যোমরূপে যিনি
অঙ্গরূপে আছেন, জানেন মাত্র তিনি। ৭

১৯১ সূক্ত। (২)

১। অগ্নি ; ২—৪ সংজ্ঞান অর্থাৎ ঐক্যমত।

সংবনন ঋষি।

হে অগ্নে ! তুমিই প্রভু দেও কাম্যফল।
তোমাতে মিশ্রিত আছে বিশ্বের সকল॥
জ্বলিতেছ তুমি দেব যজ্ঞের বেদিতে।
আশা করি আমাদিকে ধন প্রদানিতে॥ ১

(১) পরস্থানে স্থিত।

(২) এই সূক্তটি ঋক্‌বেদের সর্ব্বশেষ সূক্ত। ঋক্‌বেদের অনুবাদ শেষ-কালে মহানুভব রমেশবাবু বলিতেছেন,—"ঋক্‌বেদ সংহিতার সমাপ্তি উপলক্ষে অনুবাদক ঋক্‌বেদের অনন্ত ভাষায় প্রত্যেক "ভারতবাসীর নিকট নিবেদন

তোমরা একত্র হও বল এক কথা।
একমন কর সবে ভজহ একতা॥
প্রাচীন দেবতাগণ সবে এক হয়ে।
পরিতুষ্ট হন এই যজ্ঞভাগ লয়ে॥ ২

এক হ'ক মন্ত্র, আর একই সমিতি।
এক হ'ক মন, আর একরূপ চিত্তি॥
আমি তোমাদিগে এক মন্ত্রেতে মন্ত্রিত।
করিতেছি, করি যজ্ঞ হবিতে সাধিত॥ ৩

এক হ'ক তোমাদের যত অভিপ্রায়।
এক হ'ক মন আর একই হৃদয়॥
সর্ব্বাংশে তোমরা সবে ভজহ সমতা।
লাভ কর তোমরা সে পরম একতা॥ ৪

করিতে সাহস করিতেছেন আমাদের অভিপ্রায় এক হউক, হৃদয় এক হউক, আমাদিগের মন এক হউক, আমরা যেন সর্ব্বাংশে সম্পূর্ণরূপে ঐক্য লাভ করি। ঐক্য ভিন্ন আমাদের উন্নতির উপায়ান্তর নাই।" আর—

এই পদ্যানুবাদক পূর্ব্বে যে একদা বলিয়াছিলেন, "ধর্ম্মস্থ নেকত্বমেব," ঋগ্বেদে তাহার সমর্থন দেখিয়া পুলকিত চিত্তে প্রত্যেক ভারতবাসীকে মহামুভব বাবু রমেশচন্দ্র দত্তের বাক্য ও পন্থানুসরণ করিতে নিবেদন করিতেছেন।

শুক্ল যজুর্ব্বেদ সংহিতা।

পিণ্ড পিতৃযজ্ঞ।

২৯ কণ্ডিকা।

(১ম ও ২য় মন্ত্রে অগ্নিতে আহুতি প্রদান করিবে)

হে অগ্নে ! তুমিই কর কব্যের বহন।
অতেব তোমাতে কব্য করি সমর্পণ ॥
স্বাহুতি হউক এই আহুতি আমার। ১

হে সোম ! তুমিই পিতৃগণ-অধিষ্ঠান।
অগ্নিতে তোমার জন্য কব্য করি দান ॥
স্বাহুতি হউক এই আহুতি আমার ॥ ২

(৩য় মন্ত্রে উল্লিখন)
দূরে গেল বেদিস্থ রাক্ষস বলাধার। ৩ ॥

৩০ কণ্ডিকা।

(এই মন্ত্রে একখানি অঙ্গার উৎক্ষেপন করিবে)

যে সব অসুর করি রূপ পরিহার।
পিতৃ অন্ন লোভে ধরে পিতার আকার ॥
শরীর সূক্ষ্ম বা স্থূল করয়ে ধারণ।
অগ্নি এই যজ্ঞ হ'তে করুন তাড়ন ॥ ১

৩১ কণ্ডিকা।

(১ম মন্ত্রে শ্বাস রোধ করিবে)

হউন সন্তুষ্ট এই যজ্ঞে পিতৃগণ।
গ্রহণ করুন ভাগ আপন আপন॥ ১

(২য় মন্ত্রে শ্বাস ত্যাগ করিবে)

হইলা যথেষ্ট তুষ্ট যত পিতৃগণ।
গ্রহণ করিলা ভাগ আপন আপন॥ ২

৩২ কণ্ডিকা।

(প্রথম ছয় মন্ত্রে. পিতৃ নমস্কার)

পিতৃগণ, নমস্কার ; বসন্ত সময়।
রসবান্ হয় যেন পদার্থ নিচয়॥ ১

পিতৃগণ, নমস্কার ; গ্রীষ্মের উদয়ে।
থাকে যেন্ বস্তু সব শুষ্কতম হয়ে॥ ২

পিতৃগণ ! নমস্কার ; আরম্ভে বর্ষার।
সজীব হউক এই জগত সংসার॥ ৩

পিতৃগণ ! নমস্কার ; আসিলে শরৎ।
অন্নবান্ হয় যেন সমস্ত জগৎ॥ ৪

পিতৃগণ! নমস্কার; হেমন্ত সময়।
হয় যেন জীব সব প্রমত্ত হৃদয়॥
পিতৃগণ! নমস্কার; নম বারম্বার।
শীতে যেন স্বাস্থ্যলাভ হয় সবাকার॥ ৬

(৭ম মন্ত্রে গৃহিণীকে ঈক্ষণ করিবে)

পিতৃগণ! আমাদিগে করহ গৃহস্থ।
করেছি স্থাপিত হেথা প্রদেয় সমস্ত॥ ৭

(৮ম মন্ত্রে পিতৃপিণ্ডে দশটি সূত্র, লোম, বা উর্ণা প্রদান করিবে)

পরিধেয় তোমাদের এই পিতৃগণ।
পরিধান করহ তোমরা এ বসন॥ ৮

৩৩ কণ্ডিকা।

(এই মন্ত্রে পুত্রকামাপত্নী মধ্যম পিণ্ড ভক্ষণ করিবে

এই ঋতুতেই হ'ক পুরুষ সঞ্চার।
পাল, পিতৃগণ! গর্ভে নীরোগ কুমার॥ ১

৩৪ কণ্ডিকা।

(এই মন্ত্রে পিণ্ড সিঞ্চন করিবে)

অন্ন, দুগ্ধ, ঘৃত বাহি উদকের ধারা-
স্বরূপে পিণ্ডার্থে দত্ত হতেছ তোমরা।

জলদেব ! পরিতৃপ্ত ইহাতে এখন
হউন আছেন যত মম পিতৃগণ ১।

শতরুদ্রিয় অথবা রুদ্রাধ্যায়।

নমস্কার করি রুদ্র ! ক্রোধকে তোমার।
ইষুকে তোমার তথা করি নমস্কার।
নমস্কার তব যুগ্ম বাহুকে আমার। ১

তোমার যে শিবতনু কল্যাণ দায়িনী।
পুণ্য স্বরূপিনী যাহা শান্তি প্রদায়িনী।
গিরিশন্ত ! করহ তাহাতে নিরীক্ষণ।
ক'র না তোমার উগ্র মূর্ত্তি প্রদর্শন। ২

অস্ত করিবার জন্ম হস্তে যেই শর
ধারণ করেছ গিরিশন্ত ভয়ঙ্কর।
শিবময় কর তাহা গিরিত্র এখন,
পুরুষ ও জগতের ক'র না হিংসন। ৩

শিব বাক্যে হে গিরিশ করিছি প্রার্থনা ;
হয় যেন এ জগৎ নীরোগ সুমনা। ৪

অতিশয় বক্তা তুমি; আজ্ঞা কর হেন ;—
প্রথম ভীষক্ দৈব্য পাই মোরা যেন ;

আছে যত অহিগণ করহ জম্ভিত,
নীচা যাতুধানী যত, কর বিদূরিত ।৫

এই যে মঙ্গল ময় দেবতা কখন
তাম্র বা অরুণ, বভ্রু বরণ ধারণ
করেন, আছেন তাঁর দশদিকে যাঁরা,—
সহস্র দেবতা—সবে ক্ষমা চাই মোরা। ৬

এই দেব যিনি নীল গ্রীব বিলোহিত,
নিরন্তর গতি যাঁর আছে অবারিত,
গোপ, উদহারীগণ সদা হেরে যাঁরে ;
করুন সে দেব সুখী আমা সবাকারে। ৭

নম নীলগ্রীব নম সহস্র নয়ন,
নম তোমা, তুমি দেব বৃষ্টির কারণ ;
যে সকল সত্ত্বা আছে তব অনুগত।
তাঁহাদেরো কাছে এই মস্তক প্রণত। ৮

তব ধনু আর্ত্নীদ্বয় হ'তে ভগবন্ !
জ্যা মোচন কর দেব ! কর জ্যা মোচন ;
হস্তেতে যে ইষু সব আছয়ে তোমার,
সে সমস্ত সত্বর করহ পরিহার। ৯

জ্যাশূন্য হউক এই ধনু কপর্দ্দীর,
তীর শূন্য হ'ক তূণ, শল্য শূন্য তীর।

যাহাতে নিষঙ্গ দেব করহ ধারণ
সে নিষঙ্গাধার হ'ক বিশূন্য এক্ষণ। ১০

যে অস্ত্র প্রভাবে তুমি করহ বর্ষণ,
সে অস্ত্রই হস্তে তুমি করহ ধারণ।
তাহাও না হয় যেন উদ্বেগ কারণ। ১১

ধম্বিন্! তোমার ধনু, ত্যজি আমাদিগে,
দুর্বৃত্ত দমন জন্য যা'ক অন্যদিকে।
তোমার ইষুধি যাহা বাণের আধার
দূরেতে করহ দেব! স্থাপন তাহার। ১২

জ্যাশূন্য করিয়া ধনু, সহস্র নয়ন!
শতায়ুধ! বিশল্য করিয়া বাণগণ;
শিব ও সুমনা হয়ে দাও দরশন,
তোমার নিকটে এই বিনীত প্রার্থন। ১৩

প্রচণ্ড আয়ুধে তব করি নমস্কার,
তূণস্থ আয়ুধে নমস্কার পুনর্ব্বার;
ধনুকেও নমস্কার করিছি তোমার,
তব যুগ্ম বাহুকেও করি নমস্কার। ১৪

করিও না বধ আমাদের বৃদ্ধগণে,
বধিও না বালগণে কিম্বা যুক্ত জনে;

পিতামাতা পত্নীপুত্রে ক'রনা সংহার,
হে রুদ্র! মিনতি এই আমা সবাকার। ১৫

আমাদের পুত্র পৌত্রে করহ কল্যাণ,
গো, অশ্ব, আয়ুর কর কল্যাণ বিধান,
অভিমানী যেও তার' ক'রনা হিংসন,
সদা করিতেছি রুদ্র! তোমা আবাহন॥ ১৬

অথর্ব্ববেদ সংহিতা।

প্রথম কাণ্ড।

(১)

ইন্দ্র দেবতা।

স্বস্তিদাতা, বিশাম্পতি, বৃত্রের নিহন্তা
শত্রুর দমনে যাঁর অপার ক্ষমতা ;
সোমপা সে ইন্দ্র হয়ে আমাদের নেতা,
অগ্রেতে চলুন বৃষ অভয় প্রদাতা। ১

হে ইন্দ্র ! অরাতি গণে করহ দমিত,
শাসিত করহ যারা আসে যুদ্ধ আশে ;
অধম তিমিরে তারে করহ পাতিত
আমাদের সঙ্গে যেবা শত্রুতা প্রকাশে। ২

রাক্ষস সংহার কর, বধ শত্রুগণে ;
উপাড়িয়া ফেল বৃত্রদশন সকল ;
হে ইন্দ্র ! নিয়ত রত বৃত্রের নিধনে,
শত্রুর সকল ক্রোধ করহ নিষ্ফল। ৩

শত্রু মনস্কাম, ইন্দ্র ! কর বিদূষিত,
জিগীষুর শর তথা করহ নিষ্ফল ;
তোমার আশ্রয় দানে কর সমাশ্রিত,
দূরে রাখ অরাতির আয়ুধ সকল। ৪

দ্বিতীয় কাণ্ড।

(১৯)

অগ্নি দেবতা।

তোমার উত্তাপে তারে করহ দাহন
হে অগ্নে! যে ঘৃণা করে, যারে ঘৃণা করি ; ১
তোমার জ্বালায় তারে কর জ্বালাতন,
হে অগ্নে যে ঘৃণা করে যারে ঘৃণা করি। ২
তোমার দীপ্তিতে তারে কর অভিভূত
হে অগ্নে যে ঘৃণা করে যারে ঘৃণা করি ; ৩
তোমার শোচির দ্বারা হ'ক ভস্মীভূত,
হে অগ্নে যে ঘৃণা করে যারে ঘৃণা করি ; ৪
তোমার তেজেতে তারে কর অঙ্গীভূত
হে অগ্নে যে ঘৃণা করে যারে ঘৃণা করি। ৫

চতুর্থ কাণ্ড।

(১৬)

বরুণ দেবতা।

এ সবের অধিষ্ঠাতা বরুণ মহান্
দেখেন সকলে যেন থাকি সন্নিহিত ;
গোপনেও ভাবে যেবা করে অভিযান,
বুঝেন দেবতা সবে, থাকেন বিদিত। ১

দাঁড়ায়, বেড়ায়, কিম্বা চলে সঙ্গোপনে,
শয়নে গমন করে, করে বা উত্থান ;
যাহা কিছু কাণে কাণে বলে দুইজনে
শুনেন তৃতীয় হয়ে বরুণ মহান্। ২

এই যে পৃথিবী তাহা বরুণ রাজার,
অনন্ত আকাশ যার অন্ত দূরে স্থিত ;
বরুণের দুই কুক্ষি দুই পারাবার ;
অল্প উদকেও তিনি আছেন সংস্থিত। ৩

স্বর্গের'পরে ও কেহ করিলে গমন
আছেন বরুণ রাজা চৌদিকে তাঁহার।
তথা হইতে দূতগণ সহস্র নয়ন
নিরীক্ষণ করে নিয়ে বসুধা বিস্তার। ৪

এসব বরুণ রাজ করেন লোকন
যাবা পৃথিবীর মাঝে, উর্দ্ধে তাহাদের ;
নেত্রের পলক তিনি করেন গণন,
নির্ণয় করেন, মত পাশ ক্রীড়কের। ৫

ত্রিধা সপ্ত সপ্ত তব পাশ বিস্তারিত,
এড়াইতে যাহা কেহ নারে কদাচন ;
হউক অনৃত বাদী তাহে বিজড়িত,
না হয় সত্যের যেন তাহাতে বন্ধন। ৬

ষষ্ঠ কাণ্ড।

(৩১)

সূর্য্য-দেবতা।

বিচিত্র বৃষভ আসি জননী সম্মুখে বসি
পূর্ব্বাকাশে ক্রমশঃ জনক দিকে ধায়। ১
যেন তার শ্বাস হতে আলো পশে অন্তরেতে
আকাশে শোভে সে বৃষ উজ্জ্বল প্রভায়। ২
ত্রিশভুবনের পরে সে বৃষ রাজত্ব করে
প্রত্যহ প্রভাত হতে সমস্ত অহন্।
এক পক্ষে, গান সহ, করি আরোহণ। ৩

ঊনবিংশ কাণ্ড।

(১২)

ঊষা-দেবতা।

সহচরী রজনীর করিয়া দূর তিমির
ফিরাইয়া দেন তাহা যে পথে আগত,
ঊষাদেবী আপনার প্রভাব বশত। ১

আমরা কৃপায় তাঁর দণ্ড ধন দেবতার
পেয়ে বীর পুত্রগণে হইয়ে বেষ্টিত,
শতেক হেমন্ত যেন থাকি হরষিত। ২

সমাপ্ত।